WINROCK INTERNATIONAL



# Rising Together: Stories of Community Power and Change

# একসাথে জাগরণ: কমিউনিটির শক্তি ও পরিবর্তনের গল্প




প্রকাশকাল
এপ্রিল ২০২৬

**DATE OF PUBLICATION**
APRIL 2026




WINROCK INTERNATIONAL

# Rising Together

## Stories of Community Power and Change

# একসাথে জাগরণ

## কমিউনিটির শক্তি ও পরিবর্তনের গল্প

# Acknowledgement

The United States Department of State Fight Slavery and Trafficking-in-Persons (FSTIP) Program, implemented by Winrock International, is dedicated to strengthening Bangladesh's ability to combat trafficking-in-persons and child marriage across 26 targeted districts. Building upon previous initiatives supported by the United States Department of State, Winrock International, and civil society implementers, the Program works to reduce exposure to trafficking risks and promote sustainable, community-driven solutions.

This Success Story Book captures 50 stories that reflect FSTIP's comprehensive approach to addressing trafficking-in-persons and child marriage through the Program's focus components of Prevention, Protection, Prosecution, Partnership. Each story showcases the collective dedication, resilience, and collaboration of diverse actors working to address trafficking-in-persons and child marriage in Bangladesh.

We extend our sincere appreciation to the Government of Bangladesh, including national and local-level institutions, for their continued leadership and support. We gratefully acknowledge the contributions of civil society organizations, non-governmental organizations, private sector entities, justice sector actors, Counter Trafficking Committees, Child Marriage Prevention Committees, the ANIRBAN survivor network, peer leaders, youth groups, religious leaders, and community members, whose commitment has been instrumental in driving meaningful change.

Our deepest gratitude goes to the survivors, families, and community members who courageously shared their experiences. Their voices form the heart of this publication and serve as a powerful reminder of the importance of survivor-centered approaches.

We also recognize Gorai Film for their technical support in documenting and producing the success stories. Special appreciation is extended to the entire FSTIP Program team for their hard work, dedication, and valuable contributions in preparing this book.

It is our hope that this collection will serve as a resource for practitioners, policymakers, and stakeholders committed to preventing trafficking and child marriage, strengthening protection mechanisms, and promoting justice and resilience within communities across Bangladesh.

**Susan Stamper**
Chief of Party


WINROCK INTERNATIONAL

The United States Department of State Fight Slavery and Trafficking in Persons (FSTIP) Program

# Preface

Every year, thousands of people from Bangladesh leave their homes with big dreams, some hoping for a better life, some believing in promises of good jobs, and others wanting to start fresh in a new country. But not everyone's journey is easy. For many, these dreams end in human trafficking. Using false promises, lies, and people's lack of information, traffickers trap them in dangerous situations. These stories are not just personal tragedies, they are warnings for our society, our country, and our humanity.

Human trafficking is still a serious, silent, and complex problem in Bangladesh. Many people are forced into labor and sexual exploitation, betrayed with fake job offers abroad, and financially deceived, while traffickers continue to find new ways to mislead people. According to the 2025 Global Slavery Index, around 1.2 million people in Bangladesh live in modern slavery. These numbers are not just statistics, they represent broken dreams, torn families, and long struggles to rebuild lives. In this challenging reality, the fight against human trafficking has become more important than ever.

Since 2021, Winrock International's Fight Slavery and Trafficking-in-Persons (FSTIP) Program, funded by the United States Department of State, has been working to combat trafficking through 4 key pillars: Prosecution, Prevention, Protection, and Partnership. The program operates in 26 trafficking-prone districts and works to strengthen the justice system, raise awareness among at-risk communities, support survivors with protection and reintegration, and build strong collaboration between the government and civil society.

FSTIP works closely with 9 local implementer organizations across the country. Together with elected representatives, anti-trafficking committees, law enforcement, judges, prosecutors, youth peer leaders, human trafficking survivor networks, community groups, and families, this movement has gained new strength. But the fight is not over yet. Prevention starts with awareness—people must know how to migrate safely, recognize fraud, and understand where to seek help. Community involvement, youth peer leaders, champion parents, and anti-child marriage committees at the union, upazila, and district levels have formed a protective environment. Their efforts can stop one wrong decision and save a life. At the same time, survivors need protection, counseling, rehabilitation, and employment opportunities; without these, they remain susceptible to further victimization. FSTIP has made this journey more humane, more supportive, and more hopeful.

This book of success stories captures the real experiences of many survivors, their struggles, their courage, and their journey back to life. These are not just stories on paper; they are pathways from darkness to light. They highlight the strength of survivors, the power of community awareness and improvements in the justice system, and the impact of strong collaboration between the government and civil society.

We hope these stories inspire readers not only to feel empathy but also to act, so that one day we can build a safe, humane, and trafficking- and child-marriage-free Bangladesh.

FSTIP Program success stories book
**The story book reflects the Program's comprehensive approach across all components—Prosecution, Prevention, Protection, Partnership and Child Marriage.**

Published
**The United States Department of State Fight Slavery and Trafficking in Persons (FSTIP) Program, implemented by Winrock International**

Published date
**April 2026**

Advisor
**Susan Stamper**
Chief of Party
The United States Department of State Fight Slavery and Trafficking in Persons (FSTIP) Program
Winrock International

Editing
**Nazrul Islam Dipto, Majibur Rahaman, Nilufa Nargis Purbasha, Khairul Islam, Shahinur Akter, Fahmida E Zannat, Kazi Farhabi Rahman, Shah Alam**

Property
**The United States Department of State Fight Slavery and Trafficking in Persons (FSTIP) Program**

Funded by
**The United States Department of State**

Design & Cover
**Borhan Azad**

Printing
**Gorai Films**

# সূচিপত্র
# CONTENT

PROSECUTION

**1** উদ্ধার থেকে দণ্ডাদেশ: একটি শিশু পাচার মামলার সফল পরিণতি
From Rescue to Verdict: A Successful Outcome in a Child Trafficking Case **17**

**2** প্রতারণা থেকে ন্যায়বিচার: সুরক্ষা ও আশার যাত্রা
From Deception to Justice: A Journey of Protection and Hope **19**

**3** বিদেশি শ্রম পাচারের ভয়াবহতা পেরিয়ে ন্যায়বিচারের আলো দেখেছেন মোফাজ্জল
Mofazzal's Fight for Justice After Surviving Labor Trafficking **21**

**4** মানব পাচারকারীদের জন্য নবীনের উদাহরণমূলক শাস্তি
Exemplary Justice for Human Traffickers: The Case of Nabin Farazi **23**

**5** মানব পাচার থেকে বেঁচে ফেরা রিমার ন্যায়বিচার প্রাপ্তি
A Survivor's Fight Against Human Trafficking **25**

**6** মানব পাচারের শিকার থেকে স্বাবলম্বী জীবনের পথে: শরিফুল
From Survivor to Self-Reliant: The Journey of Shariful **27**

**7** জিয়াউল হক এর ন্যায়বিচার ও পুনর্বাসনের গল্প
Ziaul Haque's Story of Justice and Reintegration **29**

PREVENTION

**8** একটি কমিউনিটির স্বপ্নের প্রতিচ্ছবি আদুরি খাতুন
Aduri Khatun: A Community's Dream in Action **31**

**9** বদিউজ্জামান বাবলার গল্প: শিক্ষার আলোয় মানব পাচার প্রতিরোধ
The Story of Badiuzzaman Babla: Preventing Human Trafficking Through the Light of Education **33**

# সূচিপত্র
# CONTENT


10 চম্পকলতা দাস : নিম্নবর্গের হিন্দু সমাজের আলোকদিশারি
Champakalata Das: Beacon of Light in the Lower-Caste Hindu Community 35

11 বাধা অতিক্রম করে পরিবর্তনের অনুপ্রেরণার এক নাম ফাতেমা রুমা
Overcoming Barriers The Inspirational Journey of Fatema Khatun Ruma 37

12 জামাল হোসেনের “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫” অর্জনের গল্প
National Recognition and Community Leadership: Jamal Hossain’s Journey to the “Youth Volunteer Award 2025” 39

13 সাংস্কৃতিক উদ্যোগের মাধ্যমে মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধ
Preventing Human Trafficking and Child Marriage through Cultural Initiatives 41

14 খাটেশ্বর ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটি
জাতীয় নীতির কার্যকর স্থানীয় বাস্তবায়নের একটি সাফল্য
Khatashwar Union Human Trafficking Prevention Committee: A Success in Effective Local Implementation of National Policy 43

15 মানব পাচার প্রতিরোধ কমিটির সচিবালয় সক্রিয়করণ
Activating the Secretariat of the Counter Trafficking Committee 45

16 কমিউনিটির সুরক্ষা জোরদারে মোস্তাফিজুল হক একজন তৃণমূল পরিবর্তনস্রষ্টা
Mostafizul Haque: A Grassroots Change-Maker Strengthening Community Protection 47

17 প্রতিকূলতা থেকে প্রতিবাদ ও অধিকার রক্ষায় মুন্নি আখতারের সফলতা
From Adversity to Advocacy: Munni Akhter’s Fight for Rights and Justice 49

18 তথ্যই শক্তি: PDMO প্রাকসিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশনের মাধ্যমে নিরাপদ অভিবাসনের পথে তরুণরা
Knowledge is Power: Guiding Youth Towards Safe Migration through Pre-Decision Making Orientation (PDMO) 51

19 মানব পাচার প্রতিরোধ সামাজিক সুরক্ষা শক্তিশালীকরণ
Afaz Uddin: Strengthening Social Protection and Anti-Trafficking Efforts 53


# সূচিপত্র
# CONTENT

PROTECTION


20 আল আমিন : নিরাপদ ও বৈধ অভিবাসনের নিশ্চয়তায়
The Story of Al Amin: Ensuring Safe and Legal Migration 55

21 আব্দুল হামিদ: নেতৃত্বে ওঠে আসা এক অনুকরণীয় নাম
Abdul Hamid: An Exemplary Leader Emerging from Struggle 57

22 আল আমিন মিয়া: পুনর্গঠনের পথে এক সংগ্রামী যাত্রা
Al Amin Mia: A Journey of Resilience and Rebuilding 59

23 জীবন শেষ নয়: নতুনভাবে বাঁচার আত্মপ্রত্যয়
Trafficking is Not the End of Life: A Journey of Resilience and Renewal 61

24 আল আমিন খানের জীবনগল্প: প্রতারণা থেকে পুনর্গঠন
Al Amin Khan’s Journey: From Deception to Rebuilding 63

25 মানবপাচার থেকে উদ্ধার হওয়া মোঃ আতাওয়ার রহমানের গল্প
The Story of Ataur Rahman: From Trafficking Exploitation to Recovery 65

26 শোষণ থেকে মুক্তিলাভ: এক শ্রমজীবী নারীর গল্প
Breaking the Cycle of Exploitation: Ayesha’s Journey to Economic Independence 67

27 সংগ্রাম থেকে পুনর্গঠন: ফারহাদ হোসেনের সফল যাত্রা
From Struggle to Reintegration: Farhad Hossain’s Journey of Recovery 69

28 ফাসাদুল ইসলামের সুস্থ জীবন পুর্নগঠনের গল্প
Fasadul Islam: Rebuilding a Life of Dignity 71

29 তিক্ত অভিজ্ঞতা থেকে আলোর পথযাত্রী: ফয়সাল মিয়া
From Bitter Experiences to a Path of Light: Faisal Mia 73

# সূচিপত্র
# CONTENT

CHILD MARRIAGE


**30** শিক্ষাই শক্তি : আসমাউল হুসনার যাত্রা
Education is Power: The Journey of Asmaul Husna — **75**

**31** মেয়েদের শিক্ষার লড়াইয়ের জোর কণ্ঠস্বরের নাম বিথি
Bithi: A Bold Voice in the Fight for Girls Education — **77**

**32** বঞ্চনার ছায়া পেরিয়ে আলোকিত ভবিষ্যতের পথে
From Hardship to Hope: A  Journey Toward a Brighter Future — **79**

**33** অশৃঙ্খলতা ভেঙে লিজা আক্তারের আলোকিত জীবনযাত্রা
Breaking the Chains: Liza Akter's Journey Towards a Brighter Future — **81**

**34** সহিংসতাকে রুখে মোর্শেদার ঘুরে দাঁড়ানোর গল্প
Standing Up Against Violence: Morsheda's Journey of Resilience — **83**

**35** নারীর ক্ষমতায়নের পথে মুক্তা রাণীর অগ্রযাত্রা
Mukta Rani's Journey Towards Women's Resilience — **85**

**36** সংগ্রাম থেকে স্বাবলম্বিতা
From Struggle to Self-Reliance: Rafiya's Story of Resilience — **87**

**37** বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মাধ্যমে ভবিষ্যৎ নির্মাণ
Preventing Child Marriage and Rebuilding a Future Through Education — **89**

**38** দুর্দশা পেরিয়ে উচ্চশিক্ষার পথে শাবানা বিশ্বাস
Rising Above Hardship: Shabana Biswas' Commitment to Her Daughters' Education — **91**

**39** আত্মবিশ্বাসই শক্তি : সুমাইয়া খাতুন শিমলার গল্প
Confidence is Strength: The Story of Sumaiya Khatun Shimla — **93**



# সূচিপত্র
# CONTENT


PROTECTION & PARTNERSHIP


**40** মো. আল আমিন : একটি স্বপ্নভঙ্গ থেকে অনুপ্রেরণার গল্প
Md. Al Amin: Turning a Broken Dream into a Story of Inspiration — **95**

**41** গোলাম রাব্বির সাফল্যের গল্প
Golam Rabbi's Journey to Economic Resilience — **97**

**42** বাল্যবিবাহ ও মানবপাচারের শিকার নারীর স্বাবলম্বী জীবন গড়ার গল্প
Supporting a Woman Survivor of Child Marriage and Human Trafficking — **99**

**43** রানা সরদারের প্রত্যাবর্তন
The Return of Rana Sardar — **101**

**44** হতাশা থেকে সম্মানের পথে : রুপায়েতের ফিরে আসার গল্প
From Despair to Determination of Dignity: Trafficking Victim Rupaet's Journey — **103**

**45** মোঃ সাইদুল ইসলামের পুনরুজ্জীবনের গল্প
Md. Saidul Islam: A Story of Resilience and Rebuilding — **105**

**46** শাহনারা আক্তার শানুর জীবনগল্প
The Journey of Shahnara Akter Shanu — **107**

**47** অনির্বান সদস্য শহিদুল ইসলামের সাফল্যের পথচলা
Shahidul Islam: From Survivor to Community Changemaker — **109**

**48** মোঃ সবুজ আলীর পুনর্বাসনের গল্প
Md. Sabuj Ali: A Journey of Rehabilitation — **111**

**49** "শূন্য থেকে শতভাগ সুমনার স্বপ্নপূরণ"
From Zero to Success: Sumona's Journey of Resilience — **113**

**50** আলো খুঁজে পাওয়া এক যুবকের জীবন পুনর্গঠন
Rebuilding a Young Man's Life After Trafficking — **115**





## Rising Together

# Stories of Community Power and Change

## একসাথে জাগরণ

# কমিউনিটির শক্তি ও পরিবর্তনের গল্প

# উদ্ধার থেকে দণ্ডাদেশ একটি শিশু পাচার মামলার সফল পরিণতি

২০২৩ সালে বরিশালের হেলাল বেপারী জেলার কোতোয়ালী থানায় অভিযোগ করেন, তার নবজাতক পুত্রটি হাসপাতাল থেকে পরিকল্পিতভাবে মানবপাচারের উদ্দেশ্যে চুরি করা হয়েছে। পুলিশি সহায়তায় তিনি আসামির বিরুদ্ধে মামলা দায়ের করেন। নিরাপদ ও দ্রুত ন্যায়বিচারের আশায় হেলাল FSTIP Program এর বাস্তবায়ন সহযোগি বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা (BSEHR)-এর কাছে আইনি সহায়তার জন্য আসেন। BSEHR-এর প্যানেল আইনজীবীর সহায়তায় পাবলিক প্রসিকিউটর তদন্ত আবেদনের খসড়া প্রস্তুত করেন। আদালত কোতোয়ালী থানার পুলিশকে তদন্ত পরিচালনার নির্দেশ দেন।



হেলাল বেপারী (২৬) বরিশাল জেলার উজিরপুর থানার গাব্বারী গ্রামের বাসিন্দা। রিকশাভ্যানে আলু ও পেঁয়াজ বিক্রি করে হেলাল তার নিম্নবিত্ত পরিবার চালাতেন। ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে, হেলালের স্ত্রী কাকলি একটি পুত্রসন্তান জন্ম দেন, নাম রাখা হয় এমাম মাহদী। পরের দিন হেলাল কিছু সময়ের জন্য হাসপাতাল থেকে বাইরে গেলে, তার বোন রুনু নবজাতক শিশু ও মায়ের সঙ্গে হাসপাতালে ছিলেন। দুপুরে কাকলি ঘুমন্ত অবস্থায় রুনু বাথরুমে গেলে শিশুটি হঠাৎ নিখোঁজ হয়ে যায়। দ্রুত হাসপাতাল কর্মী ও স্থানীয় পুলিশ খোঁজ শুরু করে। কিছুক্ষণের মধ্যে স্থানীয়রা এক মহিলাকে আটক করে এবং তার কাছ থেকে নবজাতক উদ্ধার করা হয়। হেলাল নিশ্চিত করেন, উদ্ধারকৃত শিশুটিই তার নিখোঁজ ছেলে।

ছয় মাসের তদন্ত শেষে মানবপাচার প্রতিরোধ ও দমন ট্রাইব্যুনালে মামলার শুনানি শুরু হয়। বিচার শেষে আদালত আসামি শাহিনুরকে দোষী সাব্যস্ত করে। তাকে পাঁচ বছরের কঠোর সশ্রম কারাদণ্ড ও ৫০,০০০ টাকা জরিমানা করা হয়। জরিমানা অনাদায়েঅতিরিক্ত দুই মাসের কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়।

এই রায় শিশু পাচার ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান থেকে নবজাতক চুরির বিরুদ্ধে একটি শক্তিশালী বার্তা দেয়। Winrock International-এর FSTIP প্রোগ্রামের সহায়তায় BSEHR মামলার পুরো প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আইনপ্রয়োগকারী সংস্থা, সিভিল সোসাইটি এবং টাস্কফোর্সের সমন্বিত প্রচেষ্টা শিশু পাচার প্রতিরোধ ও অপরাধীদের জবাবদিহি নিশ্চিত করতে সচেষ্ট।



# From Rescue to Verdict: A Successful Outcome in a Child Trafficking Case

In 2023, Helal Bepari from Barishal filed a complaint at the district's Kotwali Police Station, reporting that his newborn son had been deliberately stolen from the hospital to be trafficked. With police assistance, he filed a case against the accused. Seeking prompt and fair justice, Helal contacted Fight Slavery and Trafficking-in-Persons Program's implementation partner, Bangladesh Society for the Enforcement of Human Rights (BSEHR), for legal support. With the assistance of BSEHR's panel lawyer, the Public Prosecutor prepared a draft request for investigation. The court directed Kotwali Police to conduct the investigation.

Helal Bepari (26), a resident of Gabbar village under Uzirpur Upazila, comes from a low-income family and earns a living by selling potatoes and onions from a rickshaw van. On January 17, 2023, his wife Kakoli gave birth to a son, named Emam Mahdi. The following day, when Helal briefly left the hospital, his sister Runu was with Kakoli and the newborn. While Kakoli was resting and Runu went to the toilet, the baby suddenly went missing. Hospital staff and local police immediately launched a search. Within a short time, local residents captured a woman with a newborn, and Helal confirmed that the rescued child was indeed his missing son.

After six months of investigation, the case was heard at the Anti-Human Trafficking Offence Tribunal. The court found the accused, Shahinur, guilty and sentenced him to five years of rigorous imprisonment and a fine of BDT 50,000 (equivalent to USD 410). In case of non-payment of the fine, an additional two months of imprisonment was imposed.



This verdict sends a strong message against child trafficking and the abduction of newborns from healthcare facilities. With support from Winrock International's Fight Slavery and Trafficking-in-Persons Program, BSEHR played a critical role throughout the legal process. The coordinated efforts of legal institutions, civil society, and the taskforce have been instrumental in combating child trafficking and ensuring accountability for offenders.

# প্রতারণা থেকে ন্যায়বিচার **সুরক্ষা ও আশার যাত্রা**

"নতুন করে বাঁচতে সহায়তা করেছে এফএসটিআইপি প্রকল্প"
–মোঃ লিয়াকত আলী

ঢাকা জেলার ধামরাই থানার মঙ্গল বাড়ি গ্রামের বাসিন্দা মোঃ লিয়াকত আলী। গ্রামের অনেক বেকার যুবকের মতো তিনিও বিদেশে ভালো চাকরির স্বপ্ন দেখেছিলেন, যাতে পরিবারকে আর্থিকভাবে সহায়তা করতে পারেন। কিন্তু সেই স্বপ্নই তাকে প্রতারণা ও শোষণের শিকার করে তোলে।

২০২৩ সালের ২১ অক্টোবর, মোঃ জুয়েল নামের এক স্থানীয় দালালের মাধ্যমে ৪,৯০,০০০ টাকা প্রদান করে একটি নিয়োগকারী সংস্থার মাধ্যমে সৌদি আরবে যান। নিরাপদ ও সম্মানজনক কাজের প্রতিশ্রুতি দেওয়া হলেও বাস্তবে তিনি ভয়াবহ অভিজ্ঞতার মুখোমুখি হন। বৈধ কাগজপত্র নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৌদি আরবে পৌঁছানোর পর তাকে কোনো চাকরি দেওয়া হয়নি। তাকে ৩১ দিন ধরে অমানবিক পরিস্থিতিতে রাখা হয়, পর্যাপ্ত খাবার থেকে বঞ্চিত করা হয় এবং শারীরিক ও মানসিক নির্যাতন সহ্য করতে হয়।



পরিস্থিতি চরমে পৌঁছালে অপরাধীরা অসুস্থতার মিথ্যা অজুহাতে তাকে দেশে ফেরত পাঠানোর জন্য বাধ্য করে। ২১ নভেম্বর ২০২৩ তিনি নিঃস্ব ও মানসিকভাবে বিপর্যস্ত অবস্থায় দেশে ফিরে আসেন। সঞ্চয়ের অর্থ হারানো, বেকারত্ব ও মানসিক আঘাত তার পরিবারকে চরম সংকটে ফেলে।

ন্যায়বিচারের আশায় তিনি নিয়োগকারী সংস্থার বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেন। এই পর্যায়ে BSEHR তার পাশে দাঁড়ায়। সংস্থাটি তাকে শ্রমিক শোষণ ও পাচারসদৃশ আচরণের ভুক্তভোগী হিসেবে চিহ্নিত করে এবং আইনি ও পরামর্শমূলক সহায়তা প্রদান করে। তাদের সহায়তায় তিনি BMET-এ আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করেন। পরবর্তীতে BMET সালিশের মাধ্যমে তিনি ১,৬৫,০০০ টাকা ক্ষতিপূরণ পান। BSEHR নিয়মিত আইনি সহায়তা, ফলোআপ এবং অ্যাডভোকেসির মাধ্যমে তার মামলার জবাবদিহিতা নিশ্চিত করে।

বর্তমানে BSEHR ও এফএসটিআইপি প্রকল্পের সহায়তায় এবং প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থে তিনি অন্যের জমি লিজ নিয়ে কৃষিকাজ শুরু করেছেন নতুন আশায়, নতুন পথে।



# From Deception to Justice: A Journey of Protection and Hope

**"The Fight Slavery and Trafficking-In-Persons Program helped me rebuild my life."**
**–Md. Liakat Ali**

Md. Liakat Ali, a resident of Mangalbari village under Dhamrai Upazila in Dhaka district, once dreamed of working abroad to support his family financially, just like many unemployed young men in his community. However, that dream soon turned into a painful experience of deception and exploitation. On October 21, 2023, Liakat travelled to Saudi Arabia after paying BDT 490,000 (equivalent to USD 4,016) through a local broker named Md. Jewel to a recruiting agency. Although he was promised a safe and decent job, the reality was very different. After arriving in Saudi Arabia through Hazrat Shahjalal International Airport with valid documents, he was not provided with any employment. Instead, he was kept in inhumane conditions for 31 days, deprived of adequate food, and subjected to both physical and psychological abuse. When his condition deteriorated, the perpetrators forced him to return to Bangladesh using a false claim of illness.



On November 21, 2023, Liakat returned home empty-handed and emotionally devastated. Losing his life savings, remaining unemployed and suffering from severe psychological distress pushed his family into extreme hardship. Seeking justice, Liakat decided to take legal action against the recruiting agency. At this critical moment, the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Bangladesh Society for the Enforcement of Human Rights (BSEHR) stood beside him. The organization identified him as a victim of labor exploitation and trafficking-like practices and provided legal and counselling support.

With BSEHR assistance, he filed a formal complaint at the Bureau of Manpower, Employment and Training (BMET). Through mediation conducted by BMET, he later received compensation of BDT 165,000 (equivalent to USD 1,352). Throughout the process, BSEHR ensured continuous legal support, follow-up, and advocacy to strengthen accountability.

With support from Bangladesh Society for the Enforcement of Human Rights and the Fight Slavery and Trafficking-in-Persons Program, and using the compensation he received, Liakat has now started cultivating leased land. Through this new livelihood initiative, he is rebuilding his life with renewed hope and determination.

# বিদেশি শ্রম পাচারের ভয়াবহতা পেরিয়ে ন্যায়বিচারের আলো দেখেছেন মোফাজ্জল

দারিদ্র্য থেকে বের হয়ে পরিবারের জন্য ভালো জীবন গড়ার স্বপ্ন দেখতেন মোফাজ্জল হোসেন হাওলাদার। স্বপ্ন তাকে পথ দেখালেও, সেই পথেই ওঁত পেতে ছিল মানবপাচারকারীদের ভয়াবহ জাল। কিউবায় উচ্চ বেতনের চাকরির লোভ দেখিয়ে ১২ লাখ টাকা হাতিয়ে নেয় প্রতারক চক্র। পরিবারের জমি বিক্রি, ধারদেনা মিলিয়ে এই অর্থ জোগাড় করতে মোফাজ্জলের পরিবারকে বড় মূল্য দিতে হয়।

কিন্তু প্রতিশ্রুতির কিউবার বদলে পাচারকারীরা তাকে কলকাতা, দিলি, সিঙ্গাপুর ও ফিজি ঘুরিয়ে ভানুয়াতুতে নিয়ে যায়। সেখানেই শুরু হয় তাদের দুঃস্বপ্ন একটি বাড়িতে আটকে রেখে পরিবারকে ফোন করে মুক্তিপণের জন্য টাকা দাবি করতে বাধ্য করে। অমানবিক চাপ, ভয়, অনিশ্চয়তায় দিন কাটলেও হার মানেননি মোফাজ্জল।



জীবন বাজি রেখে পালিয়ে যান এবং ভানুয়াতুর পুলিশের কাছে মানবপাচারের ঘটনা জানান। পুলিশের হস্তক্ষেপে অন্যান্য ভুক্তভোগীও উদ্ধার হয়, এবং আন্তর্জাতিক সংস্থার সহায়তায় তারা দেশে ফিরতে সক্ষম হন।

কিন্তু দেশে ফিরে শুরু হয় আরেক লড়াই। টাকা ফেরত চাইলে পাচারকারীরা উল্টো হত্যার হুমকি দেয়। তবুও মোফাজ্জল পিছপা হননি। মানবপাচার আইনে মামলা করেন এবং পাঁচ বছর ধরে চলা কঠিন আইনি লড়াইয়ে অবিচল থাকেন। পিবিআই'র তদন্ত, সাক্ষীদের জবানবন্দি এবং বাশার ও এফএসটিআইপির সার্বক্ষণিক সহায়তায় অবশেষে তিনি ন্যায়বিচার পান।

মানবপাচার দমন ট্রাইব্যুনাল ঐতিহাসিক রায় দেন, দুই আসামির যাবজ্জীবন কারাদন্ড ও প্রত্যেককে ২৫ লাখ টাকা জরিমানা। এই রায় শুধু মোফাজ্জলের জন্য নয়, বরং মানবপাচারের বিরুদ্ধে লড়াইয়ে একটি শক্তিশালী বার্তা।

আজ মোফাজ্জল তার গ্রামে ছোট ব্যবসা করে সৎ উপায়ে পরিবার নিয়ে শান্তিময় জীবন কাটাচ্ছেন। তার সাহস, অধ্যবসায় এবং ন্যায়বিচারের প্রতি দৃঢ় বিশ্বাস তাকে মানবপাচারবিরোধী সংগ্রামের এক অনুপ্রেরণামূলক প্রতীক হিসেবে তুলে ধরেছে।



# Mofazzal's Fight for Justice After Surviving Labor Trafficking

Mofazzal Hossain Howlader dreamed of escaping poverty and giving his family a better life. Dreams lit his path but hidden along the way was the deadly web of human trafficking. They convinced him with a false promise of a high paying job in Cuba and took BDT 12 lakh (equivalent to USD 9,360) from him. To arrange this money, his family had to take on a lot of trouble including selling land and taking loans.

Instead of taking him to Cuba, the traffickers moved him through Kolkata, Delhi, Singapore, and Fiji, and finally took him to Vanuatu. There, his nightmare began. He with some other people were locked inside a house and forced to call their families to arrange more money as ransom. Even under fear, pressure, and uncertainty, Mofazzal did not give up. He managed to escape and reported the case to the Vanuatu police. With police intervention and support from international organizations, all the victims were eventually rescued and sent back to Bangladesh.



However, Mofazzal's struggle continued at home. When he asked for his money back, the traffickers threatened to kill him. Still, he refused to back down. He filed a case under the Anti Human Trafficking Act and continued the long legal fight for five years. With actions from the Police Bureau of Investigation, witness support, and the continuous help of Bangladesh Society for the Enforcement of Human Rights and Fight Slavery and Trafficking-in-Persons Program teams, he finally received justice.

The Anti Human Trafficking Offence Tribunal delivered a landmark verdict two accused were sentenced to life imprisonment and fined BDT 25 lakh (equivalent to USD 20,492) each. This judgment became a strong message in the fight against human trafficking.

Today, Mofazzal lives peacefully in his village with his family and runs a small business with honesty and dignity. His courage, determination, and belief in justice have made him an inspiring example in the fight against human trafficking.

# মানব পাচারকারীদের জন্য নবীনের উদাহরণমূলক শাস্তি

মোঃ নবীন ফারাজী (২৮), ২৭ মার্চ ২০২৩ তারিখে বিদেশ যাওয়ার সিদ্ধান্ত নেন। তিনি বরিশাল সদর উপজেলার হরিণফুলিয়া নতুনহাট এলাকার বাসিন্দা। আর্থিকভাবে সীমিত পরিবারে বেড়ে ওঠা নবীন বিদেশে চাকরি করে নিজের ও পরিবারের জীবনমান উন্নত করার স্বপ্ন দেখতেন। এই আকাঙ্ক্ষাকে কাজে লাগিয়ে শাহ ইমরান সাগর তাকে দুবাইয়ে উচ্চ বেতনের চাকরির প্রতিশ্রুতি দেন।

দুবাই পৌঁছালে তাকে বাচ্চু মিয়া নামের আরেক আসামির কাছে বিক্রি করা হয়। এরপর শুরু হয় ভয়াবহ নির্যাতন—শারীরিক ও মানসিক, স্বাধীনতা হরণ, এবং সবসময় আতঙ্কের মধ্যে দিন কাটানো। পাচারকারীরা নবীনের পরিবারের কাছে পাঁচ লাখ টাকা মুক্তিপণ দাবি করে। পরিবার অর্থ প্রদান করে নবীনকে মুক্তি পেতে সাহায্য করে, তবে তিনি মানসিকভাবে ভেঙে পড়েন। স্থানীয় প্রবাসীদের সহায়তায় নবীন ৩০ আগস্ট ২০২৩ তারিখে দেশে ফিরে আসতে সক্ষম হন।

দেশে ফেরার পর নবীন বরিশালের মানবপাচার দমন ট্রাইব্যুনালে শাহ ইমরান সাগর ও বাচ্চু মিয়াকে অভিযুক্ত করে মামলা দায়ের করেন। প্রায় দুই বছর ধরে মামলা চলতে থাকে। BSEHR-এর প্যানেল আইনজীবী, জেলা সমন্বয়কারী ও টাস্কফোর্স সদস্যরা সাক্ষীদের প্রস্তুত করা, নথিপত্র সংগঠন, আদালতে উপস্থিতি নিশ্চিত করা এবং শুনানির আগে মানসিক সহায়তা প্রদানসহ মামলা পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

পরীক্ষা ও সাক্ষ্যগ্রহণ শেষে বিচারক মো. সোহেল আহমেদ ১২ নভেম্বর ২০২৫ তারিখে রায় দেন। শাহ ইমরান সাগরকে ১০ বছরের কঠোর সশ্রম কারাদণ্ড এবং পাঁচ লাখ টাকা জরিমানা, এবং বাচ্চু মিয়াকে ৭ বছরের কঠোর সশ্রম কারাদণ্ড ও ৫০,০০০ টাকা জরিমানা প্রদান করা হয়।

রায় ঘোষণার পর নবীন বলেন, "BSEHR-এর সক্রিয় সহযোগিতা ছাড়া এই ন্যায়বিচার সম্ভব হতো না। আইনশৃঙ্খলা বাহিনী, বিচারব্যবস্থা এবং মানবাধিকার সংগঠনগুলোর সমন্বিত প্রচেষ্টা মানবপাচার প্রতিরোধে অত্যন্ত কার্যকর এবং ভুক্তভোগীদের মর্যাদা ও ন্যায়বিচারের অধিকার নিশ্চিত করতে সক্ষম।"






# Exemplary Justice for Human Traffickers The Case of Nabin Farazi

Mohammad Nabin Farazi (28), a resident of Barishal Sadar, left the country for Dubai on March 27, 2023. Growing up in a financially constrained family, Nabin dreamed of improving his and his family's living conditions through overseas employment. Exploiting this aspiration, Shah Imran Sagar promised him a high-paying job in Dubai.

Upon arrival in Dubai, Nabin was sold to another trafficker, Bachchu Mia, and was subjected to severe physical and psychological abuse, deprivation of freedom and constant fear. The traffickers demanded a ransom of BDT 500,000 (equivalent to USD 410) from his family. Although the family paid to secure his release, Nabin was left deeply traumatized. With the support of local expatriates, he safely returned to Bangladesh on August 30, 2023.



After his return, with the support of the Fight Slavery and Trafficking-in-Persons Program, Nabin filed a case at the Anti-Human Trafficking Offence Tribunal in Barishal, accusing Shah Imran Sagar and Bachchu Mia. The case continued for nearly two years, with panel lawyers from Program partner organization the Bangladesh Society for the Enforcement of Human Rights, district coordinators, and taskforce members played a critical role throughout the process, including preparing witnesses, organizing documentation, ensuring court attendance, and providing pre-hearing psychosocial support.

Following investigation and testimony, the Judge, Md. Sohel Ahmed, delivered the verdict on November 12, 2025. Shah Imran Sagar was sentenced to 10 years of rigorous imprisonment and fined BDT 500,000 (equivalent to USD 4,098) while Bachchu Mia received 7 years of rigorous imprisonment and a fine of BDT 50,000 (equivalent to USD 410).

Reflecting on the outcome, Nabin said, **"Without the active support of Bangladesh Society for the Enforcement of Human Rights, this justice would not have been possible. The coordinated efforts of law enforcement, the judiciary, and human rights organizations are highly effective in preventing human trafficking and ensuring the dignity and rights of survivors."**

# মানব পাচার থেকে বেঁচে ফেরা রিমার ন্যায়বিচার প্রাপ্তি

২০১৫ সালের ৯ ফেব্রুয়ারি কর্মদিবস শেষে রিমা বাসায় ফেরার পথে নিখোঁজ হন। তার বাবা মোঃ সিদ্দিকুর রহমান সাভার থানায় সাধারণ ডায়েরি করেন। পাঁচ দিন পর, ১৪ ফেব্রুয়ারি রিমা একটি ভারতীয় নম্বর থেকে ফোন করে জানান যে আল-আমিন ও সুজন তাকে অজ্ঞান করে অপহরণ করে ভারতে পাচার করেছে।

সেখানে সালমা নামের এক নারী তাকে জানান যে, তাকে একটি পতিতালয়ে বিক্রি করা হয়েছে। বন্দী অবস্থায় তিনি শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হন এবং জোরপূর্বক যৌনকাজে বাধ্য করা হয়।

বাগেরহাট জেলার বাসিন্দা রিমা (ছদ্মনাম) জীবিকার সন্ধানে ঢাকায় এসে সাভারে পরিবারের সঙ্গে বসবাস শুরু করেছিলেন। স্বল্প আয়ের পরিবারকে সহায়তা করতে তিনি ডানা গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি নেন। কর্মস্থলে তার সহকর্মী আল-আমিন ও সুজন সিকদারের সঙ্গে পরিচয় হয়। একপর্যায়ে আল-আমিন বিয়ের প্রস্তাব দিলে রিমা তা প্রত্যাখ্যান করেন, যা পরবর্তীতে ভয়াবহ ঘটনার সূত্রপাত করে।



পরবর্তীতে তার বাবা মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২-এর ধারা ৭ ও ১০ অনুযায়ী মামলা দায়ের করেন। মামলাটি পরিচালনায় বাংলাদেশ সোসাইটি ফর দ্য এনফোর্সমেন্ট অব হিউম্যান রাইটস (BSEHR)-এর FSTIP প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আদালতের নির্দেশে সিআইডি তদন্তভার গ্রহণ করে এবং প্রায় ১৭ মাস পর তদন্ত প্রতিবেদন জমা দেয়। দীর্ঘ বিচারপ্রক্রিয়া প্রায় নয় বছর ধরে চলে।

অবশেষে ২০২৪ সালের ৯ অক্টোবর ঢাকা মানব পাচার প্রতিরোধ ও অপরাধ দমন ট্রাইব্যুনাল রায় প্রদান করেন। আদালত আল-আমিনকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড এবং সুজন সিকদারকে ৫ বছরের সশ্রম কারাদণ্ড দেন। উভয়কে ৫০,০০০ টাকা জরিমানা এবং অনাদায়ে অতিরিক্ত ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়।

এই রায় রিমার জন্য ন্যায়বিচার নিশ্চিত করেছে এবং মানব পাচারের বিরুদ্ধে জবাবদিহিতা প্রতিষ্ঠায় একটি দৃষ্টান্ত স্থাপন করেছে।



# A Survivor's Fight Against Human Trafficking

On 9 February 2015, after finishing her workday, Rima went missing while returning home. Her father, Md. Siddikur Rahman, filed a General Diary at Savar Police Station. Five days later, on February 14, Rima managed to call her father from an Indian phone number and informed him that two individuals—Al-Amin and Sujon Sikder—had abducted her after rendering her unconscious and trafficked her to India.

Once there, a woman named Salma told her that she had been sold to a brothel. During her captivity, Rima was subjected to severe physical and psychological abuse and was forced into prostitution.

Originally from Bagerhat district, Rima had moved to Dhaka with her family in search of better livelihood opportunities. To support her low-income family, she began working at Dana Garments Factory in Savar.



It was there that she became acquainted with her co-workers Al-Amin and Sujon Sikder. At one point, Al-Amin proposed to her for marriage, but when Rima rejected the proposal, it triggered a chain of events that ultimately led to her trafficking.

Following the incident, her father filed a case under Sections 7 and 10 of the Prevention and Suppression of Human Trafficking Act, 2012. The Fight Slavery and Trafficking-in-Persons Program subgrantee Bangladesh Society for the Enforcement of Human Rights played a crucial role in supporting the legal process.

Upon court order, the Criminal Investigation Department took over the investigation and submitted its report after approximately 17 months. The legal proceedings continued for nearly 9 years.

Finally, on October 9, 2024, the Dhaka Anti-Human Trafficking Offence Tribunal delivered its verdict. The court sentenced Al-Amin to 10 years of rigorous imprisonment and Sujon Sikder to 5 years of rigorous imprisonment. Both were also fined BDT 50 ,000 (equivalent to USD 410), with an additional 6 months of imprisonment in case of non-payment. This verdict ensured justice for Rima and set an important precedent for accountability in cases of human trafficking.

# মানব পাচারের শিকার থেকে স্বাবলম্বী জীবনের পথে : শরিফুল

শরিফুল প্রমাণ করেছেন - সঠিক সাহস, আইনি সহায়তা এবং দৃঢ় মনোবল থাকলে মানব পাচারের শিকার একজন মানুষও নতুনভাবে স্বাবলম্বী জীবন গড়ে তুলতে পারে, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার বাসিন্দা শরিফুল তা প্রমাণ করেছেন। জীবনের এক চরম প্রতারণার শিকার হন তিনি।

২০১৮ সালের ১০ অক্টোবর একটি রিক্রুটিং এজেন্সি ও দালাল চক্র ৬ লক্ষ টাকার বিনিময়ে তাকে ইউরোপে পাঠানোর প্রতিশ্রুতি দেয়। উন্নত জীবনের স্বপ্নে ভরা শরিফুল এবং তার পরিবার এই প্রস্তাবে সম্মতি দেন। কিন্তু প্রকৃতপক্ষে তাকে ইউরোপে নয়, শ্রীলঙ্কায় নিয়ে যাওয়া হয়। সেখানে ১৭ দিন ধরে তাকে আটকে রেখে শারীরিক ও মানসিক নির্যাতন করা হয়। দিনগুলো ছিল চরম অনিশ্চয়তার, এবং তিনি চিন্তা করেন-এইভাবে আর নয়, তাকে দেশে ফিরতে হবে।



সাহসিকতার সঙ্গে নিজ উদ্যোগে দেশে ফিরে আসেন এবং ভয় বা সামাজিক চাপের কাছে নতি স্বীকার না করে আইনের আশ্রয় নেন। ৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২-এর আওতায় মামলাটি দায়ের করেন। মামলাটি মানব পাচার প্রতিরোধ ও দমন ট্রাইব্যুনাল, সিলেটে পাঠানো হয়। দীর্ঘ বিচারিক প্রক্রিয়ার পর, ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আদালত প্রতিটি অভিযুক্তকে ৫ বছরের কারাদণ্ড ও ৫০,০০০ টাকা জরিমানা, অনাদায়ে অতিরিক্ত ৬ মাসের কারাদণ্ড প্রদান করে। এই রায় শুধু শরিফুলের জন্য ন্যায়বিচার নিশ্চিত করেনি, বরং মানব পাচারের বিরুদ্ধে একটি শক্তিশালী দৃষ্টান্তও স্থাপন করেছে।

বর্তমানে শরিফুল গ্রামে শান্তিপূর্ণ জীবন যাপন করছেন। তিনি কৃষিকাজ ও পশুপালনে মনোনিবেশ করেছেন এবং নিজ উদ্যোগে একটি গরুর খামার স্থাপন করেছেন, যেখানে ৭-৮টি গরু রয়েছে। বিবাহিত শরিফুলের এক ছেলে ও এক মেয়ে রয়েছে, যারা নিয়মিত বিদ্যালয়ে পড়াশোনা করছে। পরিবারের আর্থিক স্থিতিশীলতা ফিরে আসায় তিনি এখন একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে নতুন জীবন গড়ার পথে এগিয়ে যাচ্ছেন। তার সংগ্রাম ও পুনর্গঠন কমিউনিটিতে অনুপ্রেরণার উৎস হয়ে উঠেছে।



# From Survivor to Self-Reliant The Journey of Shariful

Shariful has proven that with courage, legal support, and determination, a survivor of human trafficking can rebuild an independent life. A resident of Golapganj Upazila, Sylhet district, Shariful fell victim to one of life's extreme deceptions. A recruiting agency and a network of traffickers promised to send him to Europe for BDT 600,000 (equivalent to USD 4,918). Filled with dreams of a better life, Shariful and his family agreed. Shariful left the country on October 10, 2018.

However, instead of Europe, he was taken to Sri Lanka, where he was held for 17 days and subjected to physical and psychological abuse. Those days were filled with extreme uncertainty, and he decided that he must return home.

Showing remarkable courage, Shariful returned to Bangladesh on his own initiative. Refusing to bow to fear or social pressure, he sought justice through the legal system.



On February 7, 2019, with support of the Fight Slavery and Trafficking-in-Persons Program he filed a case under the Human Trafficking Prevention and Suppression Act, 2012. The case was sent to the Anti-Human Trafficking Offence Tribunal in Sylhet. After a lengthy judicial process, on February 28, 2024, the court sentenced each accused to five years' imprisonment and a fine of BDT 50,000 (equivalent to USD 410), with an additional six months' imprisonment for non-payment. This verdict not only secured justice for Shariful but also set a strong precedent against human trafficking.

Today, Shariful lives a life in his village where he is financially independent. He focuses on agriculture and livestock farming and has established his own small cattle farm with 7-8 cows. Married with a son and a daughter, both attending school regularly, he has restored his family's financial stability and is advancing as a successful micro-entrepreneur. His journey of struggle and recovery has become a source of inspiration for his community.

# জিয়াউল হক এর ন্যায়বিচার ও পুনর্বাসনের গল্প

"পাচারকারীদের কবল থেকে যুবসমাজকে রক্ষা করতে চাই"
–জিয়াউল হক

কক্সবাজার জেলার চকরিয়া থানার খুটাখালীর দক্ষিণপাড়ার বাসিন্দা জিয়াউল হক একটি দরিদ্র পরিবারের সন্তান। বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে নিজের ও পরিবারের ভাগ্য পরিবর্তনের স্বপ্ন দেখতেন তিনি। এই আকাঙ্ক্ষাকেই কাজে লাগায় একটি সংঘবদ্ধ মানবপাচারকারী চক্র। একই এলাকার মালয়েশিয়া প্রবাসী সাঈদ আলমের নেতৃত্বে জান্নাতুল ও অন্যান্য সহযোগীরা উচ্চ বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে জিয়াউলসহ কয়েকজন গ্রামবাসীকে ২০১৯ সালে বিদেশে পাঠানোর প্রস্তাব দেয়।

কিন্তু সরাসরি সেখানে পাঠানোর পরিবর্তে তাকে অবৈধভাবে প্রথমে ভারতে এবং পরে ইন্দোনেশিয়ায় নিয়ে যাওয়া হয়। ইন্দোনেশিয়ায় পৌঁছানোর পর পাচারকারীরা জিয়াউলসহ অন্যদের একটি স্থানে আটকে রাখে এবং পরিবারের কাছে মুক্তিপণ দাবি করে। দীর্ঘ অনিশ্চয়তা ও ভয়ের মধ্যে অবশেষে ইন্দোনেশিয়ান পুলিশ তাদের উদ্ধার করে এবং বাংলাদেশে ফেরত পাঠায়।



২০২০ সাল থেকে মামলাটি তদন্ত, অভিযোগ গঠন এবং সাক্ষ্যগ্রহণসহ সব আইনি ধাপ অতিক্রম করে। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে ১৫ জানুয়ারি ২০২৪ আদালত একজনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং অন্যজনকে সাত বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করেন। পাশাপাশি দুই লাখ টাকা অর্থদণ্ড এবং অনাদায়ে ছয় মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়।

সমগ্র বিচার প্রক্রিয়ায় Bangladesh Society for the Enforcement of Human Rights (BSEHR)-এর FSTIP টিম এবং টাস্কফোর্স কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পুনর্বাসনের অংশ হিসেবে BSEHR-এর রেফারেল ব্যবস্থার মাধ্যমে জিয়াউলকে দুটি গবাদিপশু প্রদান করা হয়, যা তার জীবিকা পুনর্গঠনে সহায়ক হয়।

বর্তমানে জিয়াউল অর্থনৈতিকভাবে স্বাবলম্বী এবং সামাজিকভাবে ক্ষমতায়িত। তিনি এখন মানবপাচারবিরোধী সচেতনতা কার্যক্রমে যুক্ত থেকে অন্যান্য ভুক্তভোগীদের সহায়তা করছেন এবং আদালতে অংশগ্রহণে উৎসাহিত করছেন।

সমন্বিত আইনি সহায়তা, প্রাতিষ্ঠানিক সহযোগিতা এবং কার্যকর পুনর্বাসন উদ্যোগ মানবপাচারের শিকার ব্যক্তিদের ন্যায়বিচার এবং মর্যাদাপূর্ণ পুনঃএকত্রীকরণ নিশ্চিত করতে সক্ষম।



# Ziaul Haque's Story of Justice and Reintegration



Ziaul Haque, a resident of South Para of Khutakhali in Chakaria, Cox's Bazar, comes from a low-income family. Like many young people in his community, he dreamed of working abroad to improve his family's economic situation.

A human trafficking network exploited this dream. Led by a Malaysia-based individual originally from the same locality and his associates, the group promised high-paying jobs abroad and convinced Ziaul and several other villagers to migrate in 2019.

Instead of sending them directly to Malaysia, traffickers first transported them illegally to India and later to Indonesia. Upon arrival in Indonesia, Ziaul and the others were detained and their families were asked to pay ransom. After a long period of uncertainty and fear, Indonesian police rescued them and they were eventually repatriated to Bangladesh.

Following the legal process that began in 2020, the court delivered its verdict on January 15, 2024. One perpetrator was sentenced to life imprisonment, while another received seven years of rigorous imprisonment. The court also imposed a fine of BDT 200,000 (equivalent to USD 1,639), with an additional six-month imprisonment if the fine remains unpaid.

Throughout the case proceedings, the team consisting of Fight Slavery and Trafficking-in- Persons Program partner organization the Bangladesh Society for the Enforcement of Human Rights (BSEHR) and the local taskforce played an important role.

As part of reintegration support, Ziaul received two livestock animals through the BSEHR referral system, helping him rebuild his livelihood. Today, Ziaul is economically stable and socially empowered. He is actively involved in anti-trafficking awareness activities and encourages other survivors to seek justice and participate in legal processes.

**"I want to protect young people from falling into the hands of traffickers,"** says Ziaul Haque.

# আদুরি খাতুন একটি কমিউনিটির স্বপ্নের প্রতিচ্ছবি

আগস্ট ২০২২ সালে FSTIP প্রোগ্রামে পিয়ার লিডার হিসেবে আদুরি খাতুন যুক্ত হন। তিনি মানব পাচার, বাল্যবিবাহ প্রতিরোধ, নিরাপদ অভিবাসন এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের বিষয়ে কাঠামোবদ্ধ সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন। এসব প্রশিক্ষণ তাকে আত্মবিশ্বাসী ও দক্ষ কমিউনিটি পরিবর্তন নেত্রী হিসেবে তাকে গড়ে তুলেছে।

নওগাঁ জেলার রানীনগর উপজেলার মাঝগ্রাম গ্রামের একটি নিম্নআয়ের পরিবারে বেড়ে ওঠা আদুরি স্কুলে পড়াকালীন সময়েই বাল্যবিবাহের চাপের মুখে পড়েন। কিন্তু দৃঢ় সংকল্প, সচেতনতা এবং পরিবারের সঙ্গে ধারাবাহিক সংলাপের মাধ্যমে তিনি নিজের বাল্যবিবাহ প্রতিরোধ করতে সক্ষম হন। পরবর্তীতে তিনি উচ্চ মাধ্যমিক (HSC) সম্পন্ন করেন এবং স্নাতক পর্যায়ে ভর্তি হয়ে শিক্ষাজীবন এগিয়ে নিয়ে যান।



আদুরি খাতুন FSTIP প্রোগ্রাম ও সহযোগী সংস্থা সচেতন সোসাইটি সমর্থিত একজন পিয়ার লিডার, যিনি প্রমাণ করেছেন—নারী ও কিশোরীদের ক্ষমতায়ন কমিউনিটির দীর্ঘমেয়াদি ভারসাম্যতা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ২০২৩ সালে তিনি নির্যাতন প্রতিরোধ ক্যাটাগরিতে “জয়িতা পুরস্কার” অর্জন করেন।

তার উদ্যোগে ৮ জন কিশোরীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে রেফার করা হয়েছে; ২০ জন কমিউনিটি সদস্যকে প্রাণিসম্পদ ও পোল্ট্রি প্রশিক্ষণের সঙ্গে যুক্ত করা হয়েছে; ২০ জন ঝুঁকিপূর্ণ তরুণকে দক্ষতা ও জীবিকাভিত্তিক সহায়তা দেওয়া হয়েছে; ৩৪ জন বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা শিশু এবং ৩৪ জন মানব পাচারের ঝুঁকিতে থাকা ব্যক্তি শনাক্ত ও রেফার করা হয়েছে। এছাড়া ১৪টি কমিউনিটি মিটিং, ২টি প্রাক-সিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশন, ১টি কিশোরী সভা এবং ৫০টি বাড়ি-বাড়ি সচেতনতা কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

প্রাতিষ্ঠানিক সহায়তায় শক্তিশালী পিয়ার নেতৃত্ব টেকসই ও কার্যকর সামাজিক পরিবর্তন আনতে পারে। তার উৎকৃষ্ট প্রমাণ একজন বিশ্বাসযোগ্য অধিকারকণ্ঠ ও রোল মডেল আদুরি খাতুন।



# Aduri Khatun A Community’s Dream in Action

In August 2022, Aduri Khatun joined the Fight Slavery and Trafficking-in-Persons Program as a peer leader. She received structured capacity-building training on human trafficking, child marriage prevention, safe migration, and the use of modern technology. These trainings have transformed her into a confident and skilled community change leader.

Aduri grew up in a low-income family in Majhgram village, Raninagar Upazila, Naogaon. While attending school, she faced immense pressure to marry early. However, through determination, awareness, and continuous dialogue with her family, she successfully prevented her child marriage. She later completed her Higher Secondary Certificate and enrolled in a university program, continuing her education.



As a peer leader supported by the Fight Slavery and Trafficking-in-Persons Program and partner organization Sachetan Society, Aduri has demonstrated that empowering women and adolescent girls plays a critical role in building long-term community resilience. In 2023, she was honored with the “Joyita Award” in the category of Violence Prevention.

The results of her initiatives include: 8 adolescent girls were referred to skill development training, 20 community members received livestock and poultry training, 20 vulnerable youth were provided with skill-building and livelihood support, 34 children at risk of child marriage and 34 individuals vulnerable to human trafficking were identified and referred, 14 community meetings, 2 Pre-Decision Making Orientation sessions, 1 adolescent girls’ forum, and 50 house-to-house awareness activities were conducted.

Aduri Khatun’s journey proves that strong peer leadership, backed by institutional support, can drive sustainable and effective social change, making her a credible voice and a role model in her community.

# শিক্ষার আলোয় মানব পাচার প্রতিরোধ

# বদিউজ্জামান বাবলার গল্প

**"সঠিক শিক্ষা ও তথ্যই মানুষকে শোষণ ও প্রতারণা থেকে রক্ষা করতে পারে।" –বদিউজ্জামান বাবলা**

সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার মোগলাবাজার ইউনিয়নের কুতুবপুর গ্রামে এক সময় দারিদ্র্য, বেকারত্ব এবং তথ্যের অভাবের কারণে মানব পাচার, ঝুঁকিপূর্ণ অভিবাসন ও বাল্যবিবাহ ছিল সাধারণ বাস্তবতা। এই পরিস্থিতি বদলাতে এগিয়ে আসেন স্থানীয় প্রধান শিক্ষক মোঃ বদিউজ্জামান বাবলা। দীর্ঘদিন শিক্ষকতা করার সময় তিনি দেখেন, শিক্ষার্থীরা অভাবের কারণে পড়াশোনা ছেড়ে দিচ্ছে, কিশোরীরা বাল্যবিবাহের ঝুঁকিতে, আর যুবকরা দালালের মাধ্যমে বিদেশে ঝুঁকিপূর্ণভাবে যাওয়ার সিদ্ধান্ত নিচ্ছে। একাধিক প্রতারণার ঘটনার পর তিনি উপলব্ধি করেন সহানুভূতি যথেষ্ট নয়; প্রয়োজন সংগঠিত ও টেকসই প্রতিরোধ।



এই লক্ষ্যেই ২০২২ সালে তিনি FSTIP (Fight Slavery and Trafficking in Persons) প্রকল্পের পিয়ার লিডার হিসেবে যুক্ত হন। FSTIP প্রশিক্ষণের মাধ্যমে তিনি মানব পাচার প্রতিরোধ, নিরাপদ অভিবাসন, বাল্যবিবাহ প্রতিরোধ আইন, ভিকটিম শনাক্তকরণ ও রেফারেল ব্যবস্থাপনার ওপর দক্ষতা অর্জন করেন। এরপর তিনি CTC (Counter Trafficking Committee) ও CMPC (Community Migration Protection Committee) এর সক্রিয় সদস্য হিসেবে কাজ শুরু করেন।

তাঁর পরিচালিত কার্যক্রমের মধ্যে রয়েছে: ১০টি কমিউনিটি মিটিং, ২০টি স্কুল সেশন, ৬০টি দরজায় দরজায় সচেতনতা ক্যাম্পেইন, ১২টি গুরুত্বপূর্ণ দিবস উদযাপন. ফলস্বরূপ, ২০ জন সম্ভাব্য মানব পাচারের ভিকটিম ও ১০ জন ঝুঁকিপূর্ণ ব্যক্তি শনাক্ত হয়েছেন। ১৫ জন কিশোরীকে বাল্যবিবাহ থেকে রক্ষা করা হয়েছে, এবং ৫টি কেস CTC ও CMPC এবং ১২টি কেস সরকারি ও স্থানীয় সংস্থায় রেফার করা হয়েছে। প্রায় ৪৫ জন নিরাপদভাবে বৈধ অভিবাসনের সুযোগ পেয়েছেন, আর ৩০ জন সম্ভাব্য শিকার ঝুঁকি এড়াতে সক্ষম হয়েছেন।

আজ বদিউজ্জামান বাবলা কুতুবপুর গ্রামে একজন বিশ্বস্ত শিক্ষক ও সমাজকর্মী হিসেবে পরিচিত। স্থানীয় যুবক ও শিক্ষার্থীদের নিয়ে তিনি একটি স্বেচ্ছাসেবক দল গঠন করেছেন, যারা নিয়মিত সচেতনতা কার্যক্রম চালিয়ে যাচ্ছে।



# Preventing Human Trafficking Through the Light of Education

# The Story of Badiuzzaman Babla




**"Proper education and information can protect people from exploitation and deceit." - Badiuzzaman Babla**

In Kutubpur village of Moglabazar Union, South Surma Upazila, Sylhet district, poverty, unemployment, and lack of information once made human trafficking, risky migration, and child marriage a common reality. Stepping forward to changing this situation was the local head teacher, Md. Badiuzzaman Babla. During his long years of teaching, he observed that students were dropping out of school due to financial hardship, adolescent girls were at risk of early marriage, and young men were taking dangerous decisions to migrate abroad through unscrupulous recruiters. After witnessing multiple cases of deception, he realized that empathy alone was not enough and that what was needed was organized and sustainable prevention.

With this goal, in 2022 he joined the Fight Slavery and Trafficking-in-Persons Program as a Peer Leader. Through Fight Slavery and Trafficking-in-Persons program training, he gained skills in human trafficking prevention, safe migration, child marriage laws, victim identification, and referral management. He then became an active member of both the Counter Trafficking Committee (CTC) and Community Migration Protection Committee (CMPC).

Under his guidance, his initiatives have included: 10 community meetings, 20 school sessions, 60 door-to-door awareness campaigns and 12 significant day celebrations. As a result, 20 potential trafficking victims and 10 at-risk individuals were identified. 15 adolescent girls were rescued from child marriage, and 5 cases were referred to CTC & CMPC while 12 cases were referred to government and local organizations. Additionally, approximately 45 people gained opportunities for safe and legal migration, and 30 at-risk individuals were able to avoid potential exploitation.

Today, Badiuzzaman Babla is recognized in Kutubpur as a trusted teacher and social worker. He has formed a volunteer group with local youth and students that regularly conducts awareness activities, continuing to protect the community from trafficking and exploitation.

# চম্পকলতা দাস হিন্দু সমাজের আলোক দিশারি

সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের চম্পকলতা দাস নিম্নবর্গের হিন্দু সমাজের প্রথম শিক্ষিত মেয়ে হিসেবে সুপরিচিত। ছোটবেলা থেকেই তিনি দেখেছেন, গ্রামের মেয়েরা প্রাথমিক শিক্ষা শেষ করার পরই অল্প বয়সে বিয়ে দেওয়া হত। বিশেষ করে দাসপাড়ার মেয়েরা মাত্র ১০ বছর বয়সে বিয়ে পেত, আর ছেলেরা সাধারণত ১৫-১৬ বছর বয়সে। এই প্রথার কারণে তার গোত্রের মানুষ শিক্ষার আলো থেকে বঞ্চিত থাকত।

ছোটবেলা থেকেই চম্পকলতার স্বপ্ন ছিল সমাজের চিন্তা-ধারা বদলানো, বাল্যবিবাহ রোধ করা এবং নারীদের স্বাবলম্বী করা। সপ্তম শ্রেণীতে পড়াশোনার সময় বাবা অসুস্থ হয়ে পড়লে পরিবারের ৭ জনের খরচ ও পড়াশোনার দায়িত্ব তার কাঁধে পড়ে। পরবর্তীতে অষ্টম শ্রেণী থেকে টিউশনি করাতে হয় তাকে।



২০১৭ সালে চম্পকলতা কিশোরী ক্লাবের সভাপতি নির্বাচিত হন। ক্লাবের মাধ্যমে তিনি বাল্যবিবাহ নিরোধ, মানব পাচার প্রতিরোধ, পরিষ্কার-পরিছন্নতা, যৌন হয়রানি ও প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে উঠান বৈঠক ও কাউন্সেলিং শুরু করেন। ২০১৯ সালে তিনি ইউএনডিপির হিউম্যান রাইটস প্রোগ্রামের ইয়ুথ লিডার হিসেবে যুক্ত হয়ে স্কুল ও কমিউনিটিতে সচেতনতামূলক প্রোগ্রাম পরিচালনা করেন। ২০২৩ সালে FSTIP প্রোগ্রামে পিয়ার লিডার হিসেবে যুক্ত হয়ে মানব পাচার, বাল্যবিবাহ প্রতিরোধ ও নিরাপদ অভিবাসন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের সঙ্গে নেটওয়ার্ক তৈরি করে সচেতনতা বৃদ্ধিতে কাজ চালান।

২০২৪ সালে দাসপাড়ার মেয়েদের নিয়ে কিশোরী দল গঠন করেন। ২০২৫ সালে বাল্যবিবাহ সারভাইভারদের মাঝে ১৫০টি ফলদার চারা বিতরণ, ৩১ জন নারীর হাতে সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ দেন, স্কুলে লাইব্রেরি প্রতিষ্ঠা করেন এবং শিক্ষার জন্য লিজা নামের ছাত্রীকে সহায়তা করেন। চম্পকলতা দাস এখন সাতক্ষীরা সরকারি কলেজের অর্থনীতি বিভাগের অনার্স তৃতীয় বর্ষের শিক্ষার্থী। তিনি সমাজে অনুপ্রেরণা সৃষ্টি করেছেন এবং গ্রামের মেয়েদের মানব পাচার প্রতিরোধ ভূমিকা রাখছেন এবং বাল্যবিবাহের অভিশাপ থেকে মুক্তির পথ দেখাচ্ছেন।



## Champakalata Das
# A Beacon of Light in the Hindu Community

Champakalata Das, from Ramkrishnapur village in Kalaroa Upazila of Satkhira district, is widely recognized as the first educated woman from the lower-caste Hindu community. From a young age, she witnessed how girls in her village were married off shortly after completing primary school. In particular, girls from the Das family were married as early as 10 years old, while boys typically married around 15-16 years old. This tradition deprived her community of the light of education.

Since childhood, Champakalata dreamed of transforming societal mindsets, preventing child marriage, and empowering women to become self-reliant. While she was studying in the seventh grade, her father fell seriously ill and she took on the responsibility of supporting her family of seven and continuing her studies. From the eighth grade onward, she also began tutoring other children, in addition to managing both her studies and household responsibilities.




In 2017, Champakalata was elected president of the Adolescent Girls Club. Through the club, she initiated courtyard meetings and counseling sessions to raise awareness about child marriage, human trafficking, hygiene, sexual harassment and natural disasters. In 2019, she joined the UNDP Human Rights Program as a Youth Leader, conducting awareness programs in schools and communities. Later, in 2023, she participated in the Fight Slavery and Trafficking-in-Persons Program as a Peer Leader, receiving training on human trafficking prevention, child marriage elimination and safe migration. She actively built networks with government officials at district and sub-district levels to strengthen community awareness.

In 2024, she formed an adolescent girls' group within her own Das family community. By 2025, she had distributed 150 fruit-bearing saplings to child marriage survivors, trained 31 women in sewing and embroidery, established a school library, and supported a student named Liza in continuing her education.

Champakalata Das is now a third-year Honors student in Economics at Satkhira Government College. She has become an inspiration in her community, showing young girls a path to liberation from the curse of child marriage and lighting the way for education, empowerment, and social change.

# বাধা অতিক্রম করে পরিবর্তনের অনুপ্রেরণার এক নাম ফাতেমা রুমা

আজ ফাতেমা খাতুন রুমা তার পরিবার ও কমিউনিটিতে ব্যাপকভাবে সম্মানিত। তিনি একজন নিবেদিতপ্রাণ ও বিশ্বাসযোগ্য কমিউনিটি পরিবর্তনস্রষ্টা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তার সামাজিক অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ২০২৪ সালে নারী ক্যাটাগরিতে “জয়িতা পুরস্কার” লাভ করেন।

ফাতেমা খাতুন রুমা ২০২২ সালে FSTIP প্রকল্পের আওতায় পিয়ার লিডার হিসেবে তার যাত্রা শুরু করেন। তিনি খুলনা জেলার রূপসা উপজেলার শ্রীফলতলা ইউনিয়নের জোয়ার গ্রামে জন্মগ্রহণ করেন এবং ছয় ভাইবোনের মধ্যে জ্যেষ্ঠ। আর্থিকভাবে সংকটাপন্ন পরিবারে বেড়ে ওঠার কারণে তার উচ্চশিক্ষা অর্জনের স্বপ্ন বাধাগ্রস্ত হয় এবং অল্প বয়সেই তার বিয়ে দেওয়া হয়। শিক্ষার পাশাপাশি ফাতেমা ‘থ্রি স্টার কোচিং সেন্টারে’ শিক্ষকতা করেন এবং একটি ক্ষুদ্র দর্জি ব্যবসা পরিচালনা করে নিজে ও পরিবারের আয়ের উৎস নিশ্চিত করেন। বাল্যবিবাহ ও অর্থনৈতিক ঝুঁকির বাস্তব অভিজ্ঞতা তাকে কমিউনিটিতে সচেতনতা সৃষ্টিতে অনুপ্রাণিত করে।



ফাতেমার প্রধান অর্জন ও কমিউনিটিতে তার অবদানের মধ্যে রয়েছে- মানব পাচার ও বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা ২০০ জনেরও বেশি ব্যক্তি শনাক্ত এবং সেবাদাতার সঙ্গে সংযুক্তকরণ; ১৬ জন তরুণকে দক্ষতা উন্নয়নের জন্য খুলনা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (TTC) ও বাংলাদেশ কম্পিউটার অ্যান্ড টেকনিক্যাল ইনস্টিটিউট এ রেফার করা; ১৯ জন সম্ভাব্য অভিবাসীকে নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য প্রদান এবং ৩৫ জন ফেরত আসা অভিবাসীকে সরকারি সহায়তার জন্য DEMO-তে রেফার করা; ২৪ জন মানব পাচার থেকে বেঁচে ফেরা ভিকটিমকে প্রাসঙ্গিক সেবাপ্রদানকারীদের সঙ্গে যুক্ত করা; ৬টি বাল্যবিবাহ বন্ধ এবং আরও ১০টি প্রতিরোধ করা; ২০০ জনের বেশি ঝুঁকিপূর্ণ কিশোরীর জন্য সচেতনতা সেশন পরিচালনা; ৫ জনের জন্য কর্মসংস্থানের সুপারিশ নিশ্চিতকরণ এবং TTC ও যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনা।

ফাতেমা রুমার গল্প প্রমাণ করে, নিজের অভিজ্ঞতা থেকে উঠে আসা পিয়ার নেতৃত্ব, যখন কাঠামোবদ্ধ সহায়তা ও প্রশিক্ষণের মাধ্যমে শক্তিশালী হয়, তখন তা কার্যকর নেতৃত্বে রূপান্তরিত হয় এবং কমিউনিটির মালিকানা ও স্থানীয় ব্যবস্থার মাধ্যমে টেকসই পরিবর্তন নিশ্চিত করে কমিউনিটির স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে।



# Overcoming Barriers The Inspirational Journey of Fatema Khatun Ruma

Today, Fatema Khatun Ruma is widely respected in her family and community. She has established herself as a dedicated and trustworthy agent of community change. In recognition of her social contribution, she received the “Joyita Award” in 2024 in the women’s category.

Ruma began her journey as a Peer Leader under the Fight Slavery and Trafficking-in-Persons Program in 2022. Born in Joar village, Srifoltola Union, Rupsa, Khulna, she is the eldest of six siblings. Growing up in a financially challenged family, her dreams of higher education were hindered, and she was married at a young age.

Alongside her education, Ruma taught at the “Three Star Coaching Center” and ran a small tailoring business to support herself and her family. Her personal experience with child marriage and economic vulnerability inspired her to raise awareness within her community.




Her major achievements include: identifying over 200 individuals at risk of trafficking or child marriage and linking them with service providers; referring 16 youths to technical training institutions such as Khulna Technical Training Center and Bangladesh Computer and Technical Institute; providing safe migration information to 19 potential migrants; connecting 35 returnee migrants with government support via District Empowerment and Manpower Office (DEMO) ; linking 24 trafficking survivors with relevant service providers; prevented 6 at risk girls from child marriages and stoppedng 10 more during marriage event; conducting awareness sessions for over 200 at-risk adolescent girls; facilitating employment recommendations for 5 individuals; and conducting training sessions through Technical Training Center and the Department of Youth Development.

Ruma’s story demonstrates that peer leadership, strengthened through structured support and training, can transform into effective community leadership, promoting sustainable change and building community resilience.

# জাতীয় স্বীকৃতি ও কমিউনিটি নেতৃত্ব

# জামাল হোসেনের “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫” অর্জনের গল্প

জাতীয় স্বীকৃতি হিসেবে ১৫ সেপ্টেম্বর ২০২৫-এ জামাল হোসেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫” লাভ করেন। এই স্বীকৃতি তিনি পান মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধ, মাদকবিরোধী কার্যক্রম এবং পাঠাভ্যাস ও সামাজিক উন্নয়নে অবদানের জন্য। পুরস্কার গ্রহণকালে তিনি RDRS বাংলাদেশ ও Winrock International-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মোঃ জামাল হোসেন লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার সারপুকুর ইউনিয়নের টিপার বাজার গ্রামের বাসিন্দা। তিনি চার ভাইবোনের মধ্যে তৃতীয়। ছোটবেলা থেকেই সমাজসেবার প্রতি গভীর আগ্রহ পোষণ করতেন। কমিউনিটিতে ইতিবাচক পরিবর্তন আনার দৃঢ় প্রত্যয় নিয়ে খুব অল্পবয়সেই স্বেচ্ছাসেবী কাজ শুরু করেন।



নিজ উদ্যোগে মাত্র ৭৫০ টাকা সঞ্চয় দিয়ে ১০টি বই নিয়ে সরপুকুর যুব পাঠাগার প্রতিষ্ঠা করেন। এই ছোট উদ্যোগই পরবর্তীতে তার যুব নেতৃত্ব এবং কমিউনিটি উন্নয়নের ভিত্তি স্থাপন করে। ২০২২ সালে RDRS বাংলাদেশ FSTIP প্রকল্প চালু হলে জামালকে পিয়ার লিডার হিসেবে নির্বাচন করা হয়। তিনি মানব পাচার প্রতিরোধ, নিরাপদ অভিবাসন এবং বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে তিন দিনের নিবিড় প্রশিক্ষণ গ্রহণ করেন, যা তার সামাজিক অঙ্গীকারকে আরও দৃঢ় করে। তার অন্যতম উল্লেখযোগ্য উদ্যোগ হলো আদিতমারী উপজেলা ও আশপাশের এলাকায় ৩০টি সেলুন লাইব্রেরি স্থাপন। এসব পাঠাগার গ্রামীণ অঞ্চলে পাঠাভ্যাস ও জ্ঞানচর্চার জন্য উদ্ভাবনী উদ্যোগ হিসেবে জাতীয় পর্যায়ে প্রশংসা অর্জন করেছে।

পিয়ার লিডার এবং সারপুকুর ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটির সক্রিয় সদস্য হিসেবে জামাল ইউনিয়ন পরিষদের সঙ্গে দৃঢ় সম্পর্ক স্থাপন করেছেন এবং কমিউনিটিতে সম্মান অর্জন করেছেন। আগস্ট ২০২৩-এ তিনি Winrock International আয়োজিত পিয়ার লিডার ও সারভাইভার ভয়েস “অনীর্বাণ” জাতীয় কনভেনশনে অংশগ্রহণ করেন, যা তার জ্ঞান ও নেটওয়ার্ক আরও বিস্তৃত করেছে।

জামালের গল্প প্রমাণ করে- একজন স্বেচ্ছাসেবীর উদ্যোগ, দৃঢ়তা ও নেতৃত্ব শুধু ব্যক্তিগত নয়, বরং সমগ্র কমিউনিটিতে দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারে।



# National Recognition and Community Leadership

# Jamal Hossain’s Journey to the “Youth Volunteer Award 2025”

On September 15, 2025, Jamal Hossain received the “Youth Volunteer Award 2025” from the Ministry of Youth and Sports in recognition of his outstanding contributions to preventing human trafficking and child marriage, promoting anti-drug initiatives, and supporting reading habits and social development in his community. During the award ceremony, he expressed deep gratitude to RDRS Bangladesh and Winrock International for their support and guidance.

Jamal Hossain hails from Tipar Bazar village, Sarpukur Union, Aditmari Upazila, Lalmonirhat district. He is the third of four siblings and has nurtured a passion for community service since childhood. Driven by a strong desire to bring positive change, he began volunteering at a very young age. With just BDT 750 (equivalent to USD 6) of his own savings, he started the Sarpukur Youth Library with 10 books, laying the foundation for his later youth leadership and community development initiatives.



In 2022, when the Fight Slavery and Trafficking-in-Persons Program launched its partnership with RDRS Banlgadesh, Jamal was selected as a Peer Leader. He received an intensive three-day training on human trafficking prevention, safe migration, and child marriage prevention, further strengthening his commitment to social change. One of his notable initiatives includes establishing 30 “saloon libraries” across Aditmari Upazila and surrounding areas. These libraries have been widely recognized at the national level as innovative efforts to promote reading and knowledge in rural communities.

As an active Peer Leader and member of the Sarpukur Union Counter Trafficking Committee, Jamal has developed strong relationships with the Union Parishad and earned respect within the community. In August 2023, he participated in the National Convention of Peer Leaders and Survivor Voices “ANIRBAN,” organized by Winrock International, which expanded his knowledge and network.

Jamal’s story demonstrates that the initiative, determination, and leadership of a single volunteer can bring about long-lasting change not only for themselves but for an entire community.

# সাংস্কৃতিক উদ্যোগের মাধ্যমে মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধ

মাদারীপুর জেলার দাসার উপজেলার পিয়ার লিডার মোঃ কামরুল হাসান কমিউনিটি সচেতনতায় একজন আলোকবর্তিকা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। দীর্ঘদিন ধরে সমাজ সংস্কারমূলক কার্যক্রমে যুক্ত থেকে তিনি স্থানীয় মানুষের মধ্যে সচেতনতা ও ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করে চলেছেন।

২০২৪ সালে রাইটস যশোরের FSTIP প্রকল্প মাদারীপুরে শুরু হওয়ার পর তাঁর স্বেচ্ছাসেবী কার্যক্রমে নতুন মাত্রা যোগ হয়। এই প্রকল্পের আওতায় তিনি বাল্যবিবাহ প্রতিরোধ, মানব পাচার রোধ এবং নিরাপদ অভিবাসন বিষয়ে উপজেলার বিভিন্ন এলাকায় সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর উদ্যোগের ফলে দাসার উপজেলায় বাল্যবিবাহ ও মানবপাচারের ঘটনা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।



কামরুল হাসানের উদ্ভাবনী কর্মকাণ্ডের অংশ হিসেবে তিনি পিয়ার লিডারদের নিয়ে একটি নাট্যদল গঠন করেন। এই দলটি বিভিন্ন স্থানে পথনাটক ও লোকগান পরিবেশন করে বাল্যবিবাহের ক্ষতি, মানব পাচারের উপাদান ও প্রক্রিয়া এবং এর ভয়াবহ প্রভাব তুলে ধরে। এই সাংস্কৃতিক পরিবেশনাগুলো জনসচেতনতা বৃদ্ধিতে অত্যন্ত কার্যকর প্রমাণিত হয়েছে। সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনে তাঁর সম্পৃক্ততা বহুমুখী। তিনি মাদারীপুর সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের (রোভার মেট) সদস্য, বাঁধন মাদারীপুর সরকারি কলেজ ইউনিটের বরিশাল জোন সভাপতি, দীপ্ত তরুণ্য ও অদম্য মাদারীপুরের সভাপতি এবং সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক।

তার অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি চারবার জেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার (২০২৩-২০২৬), জেলা প্রশাসনের শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক পুরস্কার ২০২৫ এবং শ্রেষ্ঠ রক্তদাতা পুরস্কার ২০২৪ লাভ করেছেন।

মোঃ কামরুল হাসানের নেতৃত্ব, সৃজনশীলতা ও সাংস্কৃতিক উদ্যোগ স্থানীয় পর্যায়ে মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তাঁর কর্মকাণ্ড প্রমাণ করে যে সাংস্কৃতিক মাধ্যম ব্যবহার কমিউনিটি সচেতনতা ও সামাজিক পরিবর্তনে শক্তিশালী হাতিয়ার হতে পারে।



# Preventing Human Trafficking and Child Marriage through Cultural Initiatives

Md. Kamrul Hasan, a Peer Leader from Dasar Upazila in Madaripur district, has established himself as a beacon of community awareness and social change. For many years, he has been actively involved in various social development initiatives, working tirelessly to promote awareness and bring positive transformation within his community.

In 2024, when the Fight Slavery and Trafficking-in-Persons Program launched its partnership with Rights Jessore in Madaripur, Kamrul Hasan's voluntary work gained new momentum. Under this project, he began playing a significant role in raising awareness across different areas of the upazila on issues such as prevention of child marriage, combating human trafficking, and promoting safe migration. Through his consistent efforts and community engagement, the incidents of child marriage and human trafficking in Dasar Upazila have reportedly decreased to a noticeable extent.

As part of his innovative approach to community awareness, Kamrul Hasan formed a community theatre group with fellow Peer Leaders.



This group performs street dramas and folk songs in different localities, highlighting the harmful consequences of child marriage, the tactics and processes used in human trafficking, and their devastating impact on individuals and families. These cultural performances have proven to be highly effective in engaging community members and spreading important awareness messages. Kamrul Hasan is also actively involved in several social and voluntary organizations. He serves as a Rover Mate of the Madaripur Government College Rover Scout Group, the Barishal Zone President of Badhan, Madaripur Government College Unit and holds leadership roles as President of Dipto Tarunnya and Odommo Madaripur, where he also contributes as a Literature and Cultural Secretary.

In recognition of his outstanding contributions, he has received several awards, including the District Best Student Award four times from 2023-2026, the District Administration's Best Volunteer Award 2025, and the Best Blood Donor Award 2024. Through his leadership, creativity, and cultural initiatives, Md. Kamrul Hasan is making a meaningful contribution to the prevention of human trafficking and child marriage at the local level. His work demonstrates how cultural platforms and youth leadership can become powerful tools for community awareness and sustainable social change.

# খাটেশ্বর ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটি জাতীয় নীতির কার্যকর স্থানীয় বাস্তবায়নের একটি সাফল্য

বাংলাদেশে মানব পাচার প্রতিরোধ কমিটি (CTC) জেলা থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত বিস্তৃত একটি বহুপক্ষীয় রাষ্ট্রীয় কাঠামো। এর উদ্দেশ্য হলো মানবপাচার প্রতিরোধ, ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের শনাক্তকরণ, ভুক্তভোগীদের সুরক্ষা এবং আইনশৃঙ্খলা বাহিনী ও বেসরকারি সংস্থার সঙ্গে সমন্বয় জোরদার করা। ইউনিয়ন পর্যায়ে চেয়ারম্যান সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন, আর সদস্য হিসেবে থাকেন ইউপি সদস্য, শিক্ষক, ধর্মীয় নেতা, সিবিও ও এনজিও প্রতিনিধি।

নওগাঁ জেলার রানীনগর উপজেলার খাটেশ্বর ইউনিয়নে FSTIP প্রকল্পের আগে কার্যকর কোনো CTC ছিল না। প্রকল্পের কারিগরি সহায়তায় এখানে CTC ও বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি (CMPC) গঠন ও সক্রিয় করা হয়।



কমিটির উদ্যোগে বাড়ি-বাড়ি প্রচারণা, উঠান বৈঠক, স্কুলভিত্তিক সচেতনতা কার্যক্রম এবং কমিউনিটি মিটিং এর মাধ্যমে মানবপাচার ও বাল্যবিবাহের ঝুঁকি ও ক্ষতিকর প্রভাব জনগণের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। চেয়ারম্যান নিজেও প্রাক-সিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশন (PDMO)-এ অংশ নিয়ে নিরাপদ অভিবাসন বিষয়ে দিকনির্দেশনা দেন, যার ফলে ইউনিয়ন পরিষদ ও ডিজিটাল সেন্টারে তথ্যপ্রার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। চেয়ারম্যান চন্দনা শারমিন রুমকির উদ্যোগে ইউনিয়ন পরিষদ ভবনে ৩০ জন পাচারের শিকার সারভাইভারের জন্য উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা প্রশিক্ষণ আয়োজন করা হয়। CTC সদস্যরা ৫ জন মানবপাচার ভুক্তভোগী ও ৪ জন বাল্যবিবাহ সারভাইভারকে Sachetan Society–FSTIP প্রকল্পে রেফার করেন। ধর্মীয় নেতা ও কাজীদের সম্পৃক্ততার মাধ্যমে ৮টি বাল্যবিবাহ প্রতিরোধ সম্ভব হয়েছে। ভুক্তভোগীর সহায়তায় ২ জন পাচারের শিকার সারভাইভার ভিজিএফ কার্ড, ৩ জন কর্মসংস্থান, ১২ জন পশুপালন প্রশিক্ষণ এবং ১৮ জন জরুরি খাদ্য সহায়তা পান। এছাড়া ১০০ জন বিধবা ও তালাকপ্রাপ্ত নারীর মধ্যে ৬০ জন সেলাই প্রশিক্ষণ গ্রহণ করেন এবং ১২ জন স্বাবলম্বী হন। দৃঢ় ও মানবিক নেতৃত্ব খাটেশ্বর ইউনিয়নকে একটি মডেল ইউনিয়নে পরিণত করেছে।

জাতীয় কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিকীকরণ, কমিউনিটি সম্পৃক্ততা ও সচেতনতার মাধ্যমে প্রতিরোধ জোরদার, ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের শনাক্তকরণ, সুরক্ষা ও ভুক্তভোগী সহায়তা বৃদ্ধি, তদারকি, জবাবদিহিতা এবং স্থায়িত্ব নিশ্চিত করতে স্থানীয় নেতৃত্বের মাধ্যমে মানব পাচার ও বাল্যবিবাহমুক্ত সমাজ গঠনে কার্যকর ভূমিকা পালন করছে খাটেশ্বর ইউনিয়ন।



# Khatashwar Union Human Trafficking Prevention Committee

# A Success in Effective Local Implementation of National Policy

In Bangladesh, the Counter Trafficking Committee is a multi-stakeholder government framework operating from the district to the union level. Its primary objectives are to prevent human trafficking, identify vulnerable individuals, protect survivors and strengthen coordination with law enforcement agencies and civil society organizations. At the union level, the committee is chaired by the Union Parishad Chairman and includes members such as Union Parishad members, teachers, religious leaders, community-based organizations, and NGO representatives.

Before the Fight Slavery and Trafficking-in-Persons Program, there was no functional Counter Trafficking Committee (CTC) in Khatashwar Union of Raninagar Upazila, Naogaon District. With technical support from the project, both the CTC and the Child Marriage Prevention Committee were established and activated.



Through house-to-house campaigns, courtyard meetings, school-based awareness sessions, and community gatherings, the committees have successfully communicated the risks and harmful impacts of human trafficking and child marriage to the local population. The Chairman himself participates in Pre-Decision Making Orientation sessions, providing guidance on safe migration, which has increased the number of information seekers at the Union Parishad and digital centers.

Under the leadership of Chairman Chandana Sharmin Rumki, the Union Parishad organized entrepreneurship development and skills training for 30 trafficking survivors. Counter Trafficking Committee members referred 5 human trafficking survivors and 4 child marriage survivors to Fight Slavery and Trafficking-in-Persons Program partner Sachetan Society. Through the involvement of religious leaders and local community workers (kazi), 8 child marriages were successfully prevented. With survivor support, 2 trafficking survivors received Vulnerable Group Feeding (VGF) cards, 3 received employment opportunities, 12 received livestock rearing training, and 18 received emergency food assistance. Additionally, among 100 widowed and divorced women, 60 received sewing training and 12 became self-reliant. The strong and compassionate leadership of Khatashwar Union has transformed it into a model union.

By institutionalizing the national action plan, engaging the community, raising awareness, strengthening prevention, identifying vulnerable individuals, supporting survivors, and ensuring supervision, accountability, and sustainability, Khatashwar Union has played an effective role in building a human trafficking and child marriage-free society.

# মানব পাচার প্রতিরোধ কমিটির সচিবালয় সক্রিয়করণ

অসীম কুমার পাল, মাগুরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, যশোর জেলার ঝিকরগাছা উপজেলার মাগুরা ইউনিয়ন পরিষদের মানব পাচার প্রতিরোধ (CTC) ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি (CMPC) -এর একজন সক্রিয় সদস্য। শিক্ষা নেতৃত্বের পাশাপাশি তিনি নিয়মিতভাবে উভয় কমিটির সভায় অংশগ্রহণ করে ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ ও মানব পাচার প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

২০ নভেম্বর ২০২৪ তারিখে সিটিসি ও সিএমপিসি কমিটির ভূমিকা ও দায়িত্ব বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়, যেখানে অসীম কুমার পাল অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে এলাকার প্রেক্ষাপট বিবেচনায় বাল্যবিবাহ প্রতিরোধ, মানব পাচার রোধ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। এই কর্মপরিকল্পনা ইউনিয়ন পর্যায়ে প্রতিরোধমূলক কার্যক্রমকে কাঠামোবদ্ধ ও গতিশীল করতে সহায়ক ভূমিকা রাখে।




প্রশিক্ষণ-পরবর্তী সময়ে সিটিসি ও সিএমপিসির সচিবালয় হিসেবে একটি নির্দিষ্ট কক্ষ বরাদ্দ দেওয়া হয়, যা কমিটির কার্যক্রম পরিচালনায় প্রাতিষ্ঠানিক ভিত্তি তৈরি করে। একইসঙ্গে বাল্যবিবাহ ও মানব পাচার প্রতিরোধমূলক কার্যক্রমের জন্য বাজেট বরাদ্দ নিশ্চিত করা হয় এবং নিয়মিত ও কার্যকর সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়। ফলে কমিটির কার্যক্রম আরও সংগঠিত ও ফলপ্রসূ হয়ে ওঠে।

কর্মপরিকল্পনার অংশ হিসেবে ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অসীম কুমার পাল বিদ্যালয়ের ১৩০ জন ছাত্র ও ১১৬ জন ছাত্রীর সমাবেশে বাল্যবিবাহ ও নিরাপদ অভিবাসন বিষয়ে সচেতনতামূলক বক্তব্য প্রদান করেন। তিনি শিক্ষার্থীদের আইনগত দিক, ঝুঁকি এবং সচেতনতার গুরুত্ব তুলে ধরেন, যাতে তারা নিজেরা সচেতন হয় এবং পরিবার ও সমাজকেও সচেতন করতে পারে।

সিটিসি ও সিএমপিসির এসব সমন্বিত উদ্যোগের ফলে এলাকায় বাল্যবিবাহ ও মানব পাচারের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ভবিষ্যতেও এই কার্যক্রম ধারাবাহিকভাবে চালু রেখে নিরাপদ ও সচেতন কমিউনিটি গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে।



# Activating the Secretariat of the Counter Trafficking Committee

Asim Kumar Pal, Head Teacher of Magura Secondary School, is an active member of both the Counter Trafficking Committee and the Child Marriage Prevention Committee of Magura Union Parishad under Jhikargacha Upazila in Jessore district. Alongside his leadership in the education sector, he regularly participates in committee meetings and plays a significant role in strengthening local efforts to prevent human trafficking and child marriage at the union level.

On November 20, 2024, a training session on the roles and responsibilities of Counter Trafficking Committee and Child Marriage Prevention Committee was organized, wherein Asim Kumar Pal actively participated. During the training, which brought into consideration the local context and challenges, a joint action plan was developed to strengthen initiatives for preventing child marriage, combating human trafficking and promoting safe migration. This action plan has helped create a more structured and coordinated approach to prevention activities at the union level.




Following the training, a designated room was allocated as the secretariat for Counter Trafficking Committee and Child Marriage Prevention Committee, which established an institutional base for the committees to conduct their activities more effectively. In addition, budget allocation was ensured for activities related to the prevention of child marriage and human trafficking and mechanisms were introduced to organize regular and effective committee meetings. These steps have significantly strengthened the operational capacity of both committees and made their activities more organized and impactful.

As part of the action plan, on January 27, 2026, Asim Kumar Pal delivered an awareness session on child marriage and safe migration at his school that was attended by 130 male students and 116 female students. During the session, he highlighted the legal implications and associated risks of child marriage and the importance of awareness, encouraging students to remain informed and to share these important messages with their families and communities.

As a result of these coordinated initiatives by the Counter Trafficking Committee and Child Marriage Prevention Committee, the risks of child marriage and human trafficking in the area have reportedly decreased. The committees have expressed their commitment to continuing these efforts in the future to build a safer, more informed and resilient community.

# কমিউনিটির সুরক্ষা জোরদারে মোস্তাফিজুল হক একজন তৃণমূল পরিবর্তনস্রষ্টা

বর্তমানে মোস্তাফিজুল হক তার এলাকায় সম্মান ও আস্থার প্রতীক হিসেবে সুপরিচিত। চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলার ৪১ বছর বয়সী মোস্তাফিজুল হক FSTIP প্রোগ্রাম ও সহযোগী সংস্থা সচেতন সোসাইটি সমর্থিত একজন পিয়ার লিডার।

পেশায় কৃষক হলেও তার সামাজিক দায়বদ্ধতা ও মানবিক মূল্যবোধ তাকে কমিউনিটি নেতৃত্বের অগ্রভাগে নিয়ে এসেছে। ২০২১ সালে তিনি FSTIP-এ পিয়ার লিডার হিসেবে যুক্ত হন। পরবর্তীতে নেতৃত্ব, লোকালাইজেশন ও টেকসইতা বিষয়ে কাঠামোবদ্ধ সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন। এই প্রশিক্ষণ তার দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি করে, ফলে তিনি মানব পাচার, বাল্যবিবাহ ও অনিরাপদ অভিবাসন প্রতিরোধে কমিউনিটি-নেতৃত্বাধীন কার্যক্রম আরও কার্যকরভাবে পরিচালনা করতে সক্ষম হন।



তিনি ২৫টি উঠান বৈঠক, ১০টি স্কুল সেশন, ১০০টি আলোচনা এবং ১০০টি পরিবারের কাছে দরজায়-দরজায় ক্যাম্পেইন পরিচালনা করেন। এসব কার্যক্রমের মাধ্যমে তিনি ১০ জন বাল্যবিবাহের ভিকটিম, ৩০টি বাল্যবিবাহের ঝুঁকিপূর্ণ ঘটনা, ২০ জন মানব পাচারের ভিকটিম এবং ৫০ জন মানব পাচারের ঝুঁকিতে থাকা ব্যক্তি শনাক্ত করেন।

তার নেতৃত্বগুণ ও গ্রহণযোগ্যতার ভিত্তিতে তাকে ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটি (CTC)-এর সদস্য হিসেবে মনোনীত হয়। এই প্ল্যাটফর্মের মাধ্যমে তিনি ৩০টি পরিবারকে VGF চাল সহায়তা প্রদান, ৪ জনকে প্রতিবন্ধী ভাতা পেতে সহায়তা এবং ১০০টি ঝুঁকিপূর্ণ পরিবারকে ফুড ফ্রেন্ডলি প্রোগ্রামের সঙ্গে সংযুক্ত করতে ভূমিকা রাখেন।

এছাড়া, মানব পাচার থেকে ফিরে আসা ১৫ জন ভিকটিমকে জীবিকাভিত্তিক সহায়তার জন্য BRAC-এ রেফার করেন, যার ফলে প্রত্যেকে ১,০০,০০০ টাকা সহায়তা পেয়েছেন। নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে তিনি কমিউনিটির সদস্যদের DEMO ও TTC-এর সেবার সঙ্গে সংযুক্ত করেন। এর মাধ্যমে ৪ জন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন করেন এবং ৬ জন ইতালি, দুবাই ও সৌদি আরবে নিরাপদভাবে অভিবাসন করতে সক্ষম হন।

মোস্তাফিজুল হকের এই কার্যক্রম প্রমাণ করে যে, পিয়ার নেতৃত্বাধীন, স্থানীয়করণভিত্তিক উদ্যোগ কমিউনিটি সুরক্ষায় টেকসই ও কার্যকর পরিবর্তন আনতে সক্ষম।



# Mostafizul Haque A Grassroots Change-Maker Strengthening Community Protection

Mostafizul Haque (41), from Bholahat, Chapainawabganj, is a respected and trusted figure in his community. A farmer by profession, his social responsibility and humanitarian values have propelled him to the forefront of community leadership.

He joined Fight Slavery and Trafficking-in-Persons Program as a Peer Leader in 2021 and later received structured capacity-building training on leadership, localization, and sustainability. This enhanced his skills and confidence, enabling him to lead community-driven initiatives to prevent human trafficking, child marriage, and unsafe migration.



His activities include: 25 courtyard meetings, 10 school sessions, 100 group discussions, and door-to-door campaigns reaching 100 families. Through these efforts, he identified 10 child marriage victims, 30 at-risk child marriage cases, 20 human trafficking victims, and 50 individuals at risk of trafficking.

Recognizing his leadership, he was nominated as a member of the Union Counter Trafficking Committee Through this platform, he facilitated Vulnerable Group Feeding (VGF) rice support for 30 families, disability allowances for four individuals, and connected 100 vulnerable families to the Food-Friendly Program.

He also referred 15 returnee trafficking victims to Program partner organization BRAC for livelihood support, enabling each to receive BDT 100,000 (equivalent to USD 820). For safe migration, he linked community members with District Employment and Manpower Office and Technical Training Center services, leading to four participants completing skill development training and six safely migrating to Italy, Dubai, and Saudi Arabia. Mostafizul Haque's work demonstrates that peer-led, localized initiatives can drive sustainable and effective community protection.

# প্রতিকূলতা থেকে প্রতিবাদ ও অধিকার রক্ষায় মুন্নি আখতারের সফলতা

আজ মুন্নি আখতার রিমা সাহস ও আশা জাগানিয়ার রোল মডেল। তিনি নিজের জীবনের বেদনাকে শক্তিতে পরিণত করে অন্য নারীদের অধিকার ও নিরাপত্তার জন্য কাজ করছেন।

মুন্নি আখতার রিমা (২৩) জয়পুরহাট জেলার সদর উপজেলার পুরানা পাইলো গ্রামের একজন সাহসী তরুণী। দরিদ্র পরিবারে জন্ম নেয়ার পর ছোটবেলা থেকেই তিনি আর্থিক সংকটের বাস্তবতা দেখেছেন। মাত্র ১৫ বছর বয়সে তিনি বাল্যবিবাহের শিকার হন এবং পরে শারীরিক ও মানসিক নির্যাতনের সম্মুখীন হন। ২০২১ সালে রক্তের ক্যান্সারে আক্রান্ত হলে স্বামী তাকে তালাক দিয়ে চিকিৎসার দায়িত্ব এড়িয়ে যান।



তিনি হাল ছাড়েননি। স্থানীয় এনজিওতে স্বেচ্ছাসেবীর কাজ শুরু করেন এবং ২০২৩ সালে আনুষ্ঠানিকভাবে RDRS বাংলাদেশের FSTIP প্রকল্পের সঙ্গে যুক্ত হন। নিজের কষ্টের অভিজ্ঞতা থেকে অনুপ্রাণিত হয়ে তিনি বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও মানবপাচারের বিরুদ্ধে কমিউনিটি পর্যায়ে সচেতনতা ও সুরক্ষা কার্যক্রম পরিচালনা করছেন। তার উদ্যোগে কমিউনিটির অন্তত তিনজন নারী নির্যাতন ও অবিচারের বিরুদ্ধে দাঁড়াতে সক্ষম হয়েছেন।

FSTIP প্রোগ্রামের অধীনে প্রশিক্ষণ ও সহায়তার মাধ্যমে মুন্নি নেতৃত্ব, সংহতি এবং টেকসই কমিউনিটি সেবার দক্ষতা অর্জন করেছেন। তার অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ স্থানীয় প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর তাকে "জয়িতা পুরস্কার" প্রদান করেছে। কমিউনিটিতে তিনি একজন সফল এবং আত্মপ্রত্যয়ী নারী হিসেবে নিজেকে গড়ে তুলেছেন।



# From Adversity to Advocacy Munni Akhter's Fight for Rights and Justice

Today, Munni Akhter Rima stands as a symbol of courage and hope in her community. She has transformed the pain of her own life experiences into strength, working actively to protect the rights and safety of other women.

Munni Akhter Rima (23) is a young woman from Purana Pailo village in Sadar Upazila of Joypurhat district. Growing up in a poor family, she experienced financial hardship from an early age. At just 15 years old, she became a victim of child marriage and later endured both physical and emotional abuse. In 2021, her life took another difficult turn when she was diagnosed with blood cancer. Instead of supporting her during treatment, her husband divorced her and abandoned his responsibilities.



Despite these challenges, Munni refused to give up. She began volunteering with a local NGO and, in 2023, officially joined Fight Slavery and Trafficking-in-Persons Program activities implemented by partner organization RDRS Bangladesh. Motivated by her own experiences, she now works at the community level to raise awareness and prevent child marriage, dowry practices, violence against women, and human trafficking. Through her efforts, at least three women in her community have been able to stand up against violence and injustice.

Through training and support provided under the Fight Slavery and Trafficking-in-Persons Program, Munni has developed strong skills in leadership, community mobilization and sustainable service delivery.


In recognition of her remarkable contribution, the local administration and the District Department of Women Affairs awarded her the prestigious "Joyita Award." Today, she is widely recognized in her community as a confident, capable, and inspiring woman leader.

# তথ্যই শক্তি

# PDMO প্রাকসিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশনের মাধ্যমে নিরাপদ অভিবাসনের পথে তরুণরা

ডিসেম্বর ২০২৫ সালে FSTIP-এর SBCC ক্যাম্পেইনের সহায়তায় সচেতন সোসাইটি নওগাঁ জেলার রানীনগর উপজেলার মিরাট ইউনিয়নে একটি প্রাক-সিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশন (PDMO) সেশন পরিচালনা করে। বিদেশে যাওয়ার পরিকল্পনা করা ২৫ জন তরুণ এতে অংশ নেন।

অংশগ্রহণকারীদের একজন ছিলেন রাকিব, যিনি পড়াশোনা শেষ হলেও দীর্ঘ সময় ধরে কর্মহীন ছিলেন। দালালদের প্রলোভন ও কমিউনিটিতে ছড়ানো ভুল ধারণার কারণে তিনি রাশিয়ায় যাওয়ার পরিকল্পনা করেছিলেন। একজন পিয়ার লিডারের উৎসাহে তিনি PDMO সেশনে অংশ নেন।
সেশনে অংশগ্রহণকারীদের শেখানো হয় নিরাপদ অভিবাসনের ১৩টি গুরুত্বপূর্ণ ধাপ, সাইবার স্ক্যামিং এবং মানবপাচারের ঝুঁকি, তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের গুরুত্ব।




সেশনটিতে বিদেশগমনের সুফল ও ঝুঁকি উভয়ই মূল্যায়ন করা হয়। এছাড়া সঠিক পরিকল্পনা, সামাজিক ও আর্থিক লাভ-ক্ষতি, নতুন পরিবেশে নিজেকে মানিয়ে নেওয়া এবং ব্যক্তিগত নিরাপত্তা বিষয়গুলো আলোচিত হয়।

একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত ছিল রাশিয়া থেকে ফিরে আসা মানব পাচার সারভাইভারের অভিজ্ঞতা শোনা, যেখানে তিনি শ্রমিকদের মুখোমুখি হওয়া শোষণ, জোরপূর্বক বাধ্যকরণ এবং গুরুতর ঝুঁকি বর্ণনা করেন। তার বাস্তব অভিজ্ঞতা রাকিবকে তার পরিকল্পনা পুনর্বিবেচনা করতে বাধ্য করে। রাকিব শেষ পর্যন্ত উচ্চ ঝুঁকিপূর্ণ গন্তব্যে যাওয়া বাতিল করে, পরিবারের সঙ্গে আলোচনা করে নিরাপদ ও আইনসম্মত পথ গ্রহণের সিদ্ধান্ত নেন।

সেশনটি অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যেও ইতিবাচক প্রভাব সৃষ্টি করে। কয়েকজন অংশগ্রহণকারী সিদ্ধান্ত নেন যে বৈধ চুক্তিপত্র নিশ্চিত না হলে তারা বিদেশে যাবেন না। কেউ পাসপোর্ট প্রক্রিয়া শুরু করেন, কেউ সরকারি দপ্তরের সঙ্গে যোগাযোগ করেন, আবার কেউ দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে ভর্তি হন। এটি প্রমাণ করে যে, সঠিক সময়ে সামাজিক আচরণ পরিবর্তনে প্রাকসিদ্ধান্ত গ্রহণ বিষয়ক ওরিয়েন্টেশনভিত্তিক SBCC হস্তক্ষেপ তরুণদের সচেতন, দায়িত্বশীল ও তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সক্ষম করে এবং অনিরাপদ অভিবাসন প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখে। এ ধরনের উদ্যোগ যুবসমাজকে অভিবাসনসংক্রান্ত ঝুঁকি মূল্যায়ন করতে, নিরাপদ পথসমূহ সম্পর্কে বুঝতে এবং তথ্যভিত্তিক বিকল্প সিদ্ধান্ত গ্রহণে সক্ষম করে তোলে। এর ফলে মানব পাচারের ঝুঁকি হ্রাস পায় এবং নিরাপদ, দায়িত্বশীল ও টেকসই অভিবাসন সিদ্ধান্ত গ্রহণে উৎসাহ সৃষ্টি হয়।



# Knowledge is Power

# Guiding Youth Towards Safe Migration through Pre-Decision Making Orientation (PDMO)

In December 2025, with support from the Fight Slavery and Trafficking-in-Persons Program Social Behavior change campaign, partner organization Sachetan Society conducted a Pre-Decision-Making Orientation session in Mirat Union, Raninagar Upazila, Naogaon District. Twenty-five young people planning to go abroad participated in the session.

One participant, Rakib, had completed his studies but had been unemployed for a long period. Misled by brokers and community misconceptions, he had planned to migrate to Russia. Encouraged by a peer leader, he attended the Pre-Decision-Making Orientation session, where participants learned 13 essential steps for safe migration, the risks of cyber scams and human trafficking, and the importance of informed decision-making.




The session emphasized evaluating both the potential benefits and risks of migration, proper planning, social and financial implications, adapting to new environments, and personal safety.

A pivotal moment in the session was hearing the firsthand experience of a human trafficking survivor who returned from Russia. The survivor described exploitation, forced labor, and severe risks faced by workers abroad. Hearing this testimony prompted Rakib to reconsider his plans. He ultimately decided not to travel to a high-risk destination and chose a safe, legal migration pathway after consulting with his family.

The session also had a broader positive impact on other participants. Several decided not to migrate without securing a valid contract, while others initiated passport procedures, contacted government offices, or enrolled in skills development training. This demonstrates that Pre-Decision-Making Orientation based Social Behavior change campaign interventions undertaken at the right time can empower youth to make informed, responsible, and safe migration decisions. Such initiatives enable young people to assess migration-related risks, understand safe pathways, and make evidence-based choices, ultimately reducing vulnerability to human trafficking and promoting responsible, sustainable migration practices.

# মানব পাচার প্রতিরোধ সামাজিক সুরক্ষা শক্তিশালীকরণ

স্থানীয় সরকারের কার্যকর ভূমিকার উজ্জ্বল উদাহরণ জনাব আফাজ উদ্দিন। চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলার জামবাড়িয়া ইউনিয়নে মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে এক ইতিবাচক পরিবর্তনের সূচনা হয়েছে মানব পাচার প্রতিরোধ কমিটি (CTC) এর নেতৃত্বে।

FSTIP-এর আমন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আফাজ উদ্দিন রাজশাহীতে আয়োজিত জাতীয় কর্মপরিকল্পনা (NPA) কর্মশালায় অংশ নেন। সেখানে তিনি কমিউনিটি ভিত্তিক প্রতিরোধ কৌশল, নিরাপদ অভিবাসন ও ভুক্তভোগী সহায়তা ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ জ্ঞান অর্জন করেন।

কর্মশালা শেষে তিনি দ্রুত পদক্ষেপ নিয়ে ইউনিয়নে মানব পাচার প্রতিরোধ কমিটি (CTC) গঠন করেন। কমিটিগুলো নিয়মিত মাসিক সভা করছে এবং নারী-পুরুষের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করছে। পাশাপাশি সব ওয়ার্ডে সচেতনতা কার্যক্রম চালানো হচ্ছে, বিশেষ করে ৬, ৮ ও ৯ নম্বর ওয়ার্ডে, যেখানে বিদেশগামী মানুষের সংখ্যা বেশি এবং প্রতারণার ঝুঁকিও উল্লেখযোগ্য।




CTC-এর নেতৃত্বে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সহায়তা প্রদান করা হয়েছে। মানব পাচারের ঝুঁকিতে থাকা ১০টি পরিবার এবং বিদেশ ফেরত ৫ জনকে ভিজিএফ কার্ড প্রদান; ৪০ দিনের কর্মসূচিতে ১০ জনের কর্মসংস্থান; এবং শীতকালীন সহায়তা হিসেবে ৪টি ক্ষতিগ্রস্ত পরিবারকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। এসব উদ্যোগ পরিবারগুলোর আর্থ-সামাজিক স্থিতিশীলতা পুনরুদ্ধারে সহায়ক হয়েছে।

এছাড়া অনিরাপদ অভিবাসন রোধে ৫০ জন সম্ভাব্য অভিবাসীর জন্য পরিষদের হলরুমে দুই ব্যাচে প্রাক-সিদ্ধান্ত গ্রহণ ওরিয়েন্টেশন আয়োজন করেন, জেলা জনশক্তি কর্মসংস্থান কর্মকর্তা (DEMO) এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এতে অংশগ্রহণকারীরা বৈধ অভিবাসনের ১৩টি ধাপ, লাভ-ক্ষতির হিসাব এবং সরকারি উদ্যোগ ও প্রক্রিয়া, শ্রমিক অধিকার এবং প্রতারণা এড়ানোর বিষয়ে সঠিক ধারণা পান।

ফলস্বরূপ, পাঁচজন রাশিয়া যাওয়ার সিদ্ধান্ত পরিবর্তন করেন; কেউ পড়াশোনায় ফেরেন, কেউ ব্যবসা শুরু করেন। কমিটি গঠন, সচেতনতা বৃদ্ধি এবং সহায়তা কার্যক্রমের মাধ্যমে জামবাড়িয়া ইউনিয়ন মানব পাচার ও বাল্যবিবাহমুক্ত সমাজ গঠনের পথে দৃঢ়ভাবে এগিয়ে যাচ্ছে।



## Afaz Uddin

# Strengthening Social Protection and Anti-Trafficking Efforts

Afaz Uddin, Chairman of Jambaria Union, Bholahat, Chapainawabganj, exemplifies the proactive role of local government in social protection. Under his leadership, the Union Counter Trafficking Committee has initiated positive change to prevent human trafficking and child marriage. Invited by Fight Slavery and Trafficking-in-Persons Program, he participated in the National Plan of Action workshop in Rajshahi, gaining critical knowledge on community-based prevention strategies, safe migration, and victim support management.

After the workshop, he quickly established the union-level Counter Trafficking Committee, which now holds regular monthly meetings with active participation from both women and men. Awareness activities are being implemented across all wards, with particular focus on wards 6, 8, and 9, which have high numbers of potential migrants and trafficking risks.



Under his leadership, support has been provided to vulnerable populations: 10 families at risk of trafficking and 5 returnees received Vulnerable Group Feeding (VGF) cards; 10 individuals received employment through a 40-day program; and 4 vulnerable families received winter clothing support. These interventions have helped restore socio-economic stability.

To prevent unsafe migration, pre-departure orientation sessions were conducted for 50 potential migrants in the council hall, with participation from the District Employment and Manpower Office. Participants learned about the 13 steps of legal migration, cost-benefit analysis, government processes, labor rights, and fraud prevention.

As a result, 5 individuals changed their decision to migrate to Russia; some resumed education, while others started businesses. Through committee formation, awareness campaigns, and targeted support, Jambaria Union is moving steadily towards becoming a trafficking- and child marriage-free community.

# আল আমিন
# নিরাপদ ও বৈধ অভিবাসনের নিশ্চয়তায়

সিলেটের জকিগঞ্জ উপজেলার সদর ইউনিয়নের বিলের বন্দ এলাকার তরুণ আল আমিন এখন নিরাপদ অভিবাসন সচেতনতার একজন পরিচিত মুখ। দীর্ঘদিন ধরে তিনি দেখেছেন এলাকার অনেক মানুষ দালালের মিথ্যা প্রলোভনে পড়ে ঝুঁকিপূর্ণ উপায়ে বিদেশে পাড়ি দেয় এবং সেখানে গিয়ে প্রতারণা, ঋণের বোঝা ও অনিশ্চিত জীবনের মুখোমুখি হয়। এই বাস্তবতা তাকে গভীরভাবে নাড়া দেয় এবং তিনি উপলব্ধি করেন যে সচেতনতা ও সঠিক তথ্যই এই সমস্যার কার্যকর সমাধান।

এই উপলব্ধি থেকেই আল আমিন FSTIP (Fight Slavery and Trafficking in Persons) প্রকল্পের সঙ্গে যুক্ত হন এবং পিয়ার লিডার হিসেবে নিরাপদ অভিবাসনের বৈধ ও দায়িত্বশীল প্রক্রিয়া, দালাল চক্রের কৌশল, ভিকটিম শনাক্তকরণ, রেফারেল ব্যবস্থাপনা এবং কমিউনিটি সচেতনতা তৈরির বিষয়ে বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি নিজ এলাকায় নিয়মিত উঠান বৈঠক, কমিউনিটি মিটিং, গ্রুপ আলোচনা এবং বাড়ি বাড়ি সচেতনতামূলক কার্যক্রম শুরু করেন।



সহজ ভাষায় তিনি মানুষকে বোঝান বিদেশে যাওয়ার বৈধ প্রক্রিয়া কী, বৈধ রিক্রুটিং এজেন্সি কীভাবে চেনা যায় এবং দালালের প্রতারণা থেকে কীভাবে নিজেকে রক্ষা করা যায়। তিনি স্থানীয় প্রশাসন, ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটি এবং কমিউনিটি নেতাদের সম্পৃক্ত করে যৌথ সচেতনতামূলক সভা আয়োজন করেন, যার ফলে তার উদ্যোগ এলাকায় আরও বিশ্বাসযোগ্যতা অর্জন করে।

Union Counter Trafficking Committee and Child Marriage Prevention Committee-এর সক্রিয় সদস্য হিসেবে তিনি ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সময়মতো জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস এবং জনশক্তি ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) এবং অন্যান্য সেবাদাতার কাছে রেফার করেন। তার ধারাবাহিক প্রচেষ্টায় এলাকায় নিরাপদ অভিবাসন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং অনেক পরিবার এখন বিদেশে যাওয়ার আগে সঠিক তথ্য যাচাই করার চেষ্টা করছে।

জামাল (ছদ্মনাম) নামে এক যুবক দালালের মাধ্যমে বিদেশ যাওয়ার প্রস্তুতি নিচ্ছিল। আল আমিন তাকে বৈধ ও ন্যায়সংঙ্গত প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত বোঝান এবং সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ করিয়ে দেন। ফলে সে এখন নিরাপদ উপায়ে বিদেশ যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। বর্তমানে আল আমিন স্থানীয় যুবকদের নিয়ে একটি স্বেচ্ছাসেবক দল গঠন করে নিরাপদ অভিবাসনের বার্তা ছড়িয়ে দিচ্ছেন এবং কমিউনিটিতে সচেতন নেতৃত্বের একটি ইতিবাচক উদাহরণ তৈরি করছেন।



## The Story of Al Amin
# Ensuring Safe and Legal Migration

Al Amin, a young man from Bilerband, Sadar Union, Zakiganj Upazila, Sylhet, has become a recognized face for safe migration awareness. Over the years, he observed that many people in his community fell prey to recruiters' false promises, traveling abroad through risky routes and facing fraud, debt burdens, and uncertain lives. This reality deeply affected him and made him realize that awareness and accurate information are the most effective solutions.

Motivated by this insight, Al Amin joined the Fight Slavery and Trafficking-in-Persons Program as a Peer Leader. He received specialized training on legal and responsible migration processes, recruiter tactics, victim identification, referral management, and community awareness creation. After training, he began regular courtyard meetings, community sessions, group discussions, and door-to-door awareness campaigns in his area.




In simple language, he explains to people what the legal process for migration involves, how to identify legitimate recruiting agencies, and how to protect themselves from recruiters' fraud. He organizes joint awareness meetings involving local administration, the Union Counter Trafficking Committee (CTC), and community leaders, which has strengthened his credibility in the community.

As an active member of the CTC, he ensures that at-risk individuals are referred in a timely manner to the District Department of Manpower and Employment, Bureau of Manpower, Employment and Training, and other service providers. His ongoing efforts have increased awareness of safe migration in the area, with many families now verifying accurate information before sending relatives abroad.

For example, a young man named Jamal (pseudonym) was preparing to go abroad through a recruiter. Al Amin explained the legal and fair process to him and connected him with the relevant authorities. As a result, Jamal is now preparing to migrate safely. Currently, Al Amin has formed a volunteer group with local youth to spread the message of safe migration, creating a positive example of community leadership and awareness.

# আব্দুল হামিদ নেতৃত্বে ওঠে আসা এক অনুকরণীয় নাম

সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার সদর ইউনিয়নের বিলের বন্দ গ্রামের আব্দুল হামিদ (৩৬) আজ একজন সংগ্রামী ও সমাজ সচেতন ব্যক্তিত্ব হিসেবে পরিচিত। মধ্যবিত্ত পরিবারে জন্ম নেওয়া এই মানুষটি জীবনের কঠিন অভিজ্ঞতাকে শক্তিতে রূপান্তর করে কমিউনিটির জন্য কাজ করছেন।

উন্নত জীবনের আশায় তিনি ৫,৫০,০০০ টাকার বিনিময়ে ড্রাইভিং ভিসায় কুয়েতে যান। কিন্তু সেখানে পৌঁছানোর পর জানতে পারেন, তার জন্য কোনো ড্রাইভিংয়ের কাজ নেই। প্রতারকেরা তাকে মরুভূমিতে ফেলে রেখে অমানবিক শ্রমে বাধ্য করেন।

৩-৪ বছর কঠিন পরিশ্রম এবং কষ্ট সহ্য করার পর তিনি পালিয়ে কুয়েত পুলিশের সহায়তায় দেশে ফিরে আসেন।



দেশে ফিরে মানসিকভাবে বিপর্যস্ত অবস্থায় এক বন্ধুর মাধ্যমে তিনি বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা (BSEHR)-এর সঙ্গে যুক্ত হন। সংস্থার কাউন্সিলরের সহায়তায় মানসিকভাবে স্থিতিশীল হয়ে তিনি "অনির্বাণ" সদস্য হিসেবে সংস্থার কার্যক্রমে যুক্ত হয়ে নতুন পথচলা শুরু করেন। FSTIP প্রকল্পের সহায়তায় তিনি বিভিন্ন প্রশিক্ষণ ও জীবন জীবিকায়ন সহায়তা পান।

বর্তমানে তিনি FSTIP প্রকল্পের স্বেচ্ছাসেবক এবং অনির্বাণ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য। ইউনিয়ন CTC ও CMPC-এর সঙ্গে সমন্বয় করে নিয়মিত সভায় অংশগ্রহণ এবং সামাজিক ও পারিবারিক কাউন্সেলিং কার্যক্রম পরিচালনা করছেন। তার কাজের প্রধান ক্ষেত্র মানব পাচার প্রতিরোধ, নিরাপদ অভিবাসন সচেতনতা এবং বাল্যবিবাহ প্রতিরোধ। তার কার্যক্রমের সংক্ষিপ্ত পরিসংখ্যান- কমিউনিটি মিটিং ৮টি, ইস্যুভিত্তিক স্কুল সেশন ২টি, সাধারণ মানুষকে সচেতন করেছেন ২০০ জন, দিবস পালন ৫টি, দরজায় দরজায় ক্যাম্পেইন ৮০টি, মানব পাচারের ভিকটিম সনাক্ত ২২, ঝুঁকিতে থাকা ব্যক্তি সনাক্ত ৪৫ জন, বাল্যবিবাহের ঝুঁকিতে সনাক্ত ১৫ জন, CTC ও CMPC-তে রেফার ২০ জন, অন্যান্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে রেফার ১০ জন।

আজ আব্দুল হামিদ কমিউনিটির একজন সাহসী কণ্ঠস্বর। তাঁর নেতৃত্ব স্থানীয় পর্যায়ে মানব পাচার প্রতিরোধ ও নিরাপদ অভিবাসন সচেতনতা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



# Abdul Hamid An Exemplary Leader Emerging from Struggle

Abdul Hamid, 36, from Bilerband village, Sadar Union, Zakiganj Upazila, Sylhet district, is now recognized as a resilient and socially conscious community leader. Born into a middle-class family, he has transformed the hardships of his life into strength and dedicated himself to serving his community.

In pursuit of a better life, he paid BDT 550,000 (equivalent to USD 4,508) for a driving visa to Kuwait. However, upon arrival, he discovered that no driving job awaited him. Deceived, he was left in harsh conditions and forced into inhumane labor. After enduring 3-4 years of extreme hardship, he escaped and, with the assistance of Kuwait authorities, returned to Bangladesh. Mentally traumatized, he connected with Bangladesh Society for the Enforcement of Human Rights through a friend.




With support from a counselor, he worked on his trauma and joined the organization as an "ANIRBAN" member, beginning a new journey of community service. Currently, Abdul Hamid serves as a volunteer under the Fight Slavery and Trafficking-in-Persons Program and is an executive member of the ANIRBAN Central Committee. Coordinating with the Union Counter Trafficking Committee and Child Marriage Prevention Committee, he participates in regular meetings and conducts social and family counseling activities. His focus areas include human trafficking prevention, safe migration awareness, and child marriage prevention.

He has so far reached more than 200 people with awareness efforts, conducted 80 door-to-door campaigns, and identified 22 trafficking victims, 45 at-risk individuals, and 15 children at risk of early marriage. He has also referred 20 victims to Counter Trafficking Committees and Child Marriage Prevention Committees and 10 to other service providers.

Today, Abdul Hamid stands as a courageous voice in his community. His leadership plays a critical role in raising awareness on human trafficking prevention and safe migration at the local level.

# আল আমিন মিয়া পুনর্গঠনের পথে এক সংগ্রামী যাত্রা

যথাযথ শনাক্তকরণ, মনোসামাজিক সহায়তা, আইনি প্রক্রিয়া এবং জীবিকাভিত্তিক সহায়তার মাধ্যমে মানবপাচারের শিকার ব্যক্তিরা পুনরায় স্বাবলম্বী হয়ে উঠতে পারেন এবং সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হন, আল-আমিন মিয়া তারই প্রমাণ।

রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার আল আমিন মিয়া (৩৮) ৬,৫০,০০০ টাকা দিয়ে সৌদি আরবে নির্মাণকাজে যাওয়ার জন্য দালালের সহায়তায় ২৩ জানুয়ারি ২০২২ তারিখে পর্যটক ভিসায় যান। সেখানে পৌঁছানোর পর নিয়মিত কাজ ও বেতন পাননি। নয় মাস অবৈতনিক শ্রম ও আটক অবস্থার পর তিনি ১০ নভেম্বর ২০২২ দেশে ফেরেন।



পরিস্থিতি চরমে পৌঁছালে অপরাধীরা অসুস্থতার মিথ্যা অজুহাতে তাকে দেশে ফেরত পাঠানোর জন্য বাধ্য করে। ২১ নভেম্বর ২০২৩ তিনি নিঃস্ব ও মানসিকভাবে বিপর্যস্ত অবস্থায় দেশে ফিরে আসেন। সঞ্চয়ের অর্থ হারানো, বেকারত্ব ও মানসিক আঘাত তার পরিবারকে চরম সংকটে ফেলে।

ন্যায়বিচারের আশায় তিনি নিয়োগকারী সংস্থার বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেন। এই পর্যায়ে BSEHR তার পাশে দাঁড়ায়। সংস্থাটি তাকে শ্রমিক শোষণ ও পাচারসদৃশ আচরণের ভুক্তভোগী হিসেবে চিহ্নিত করে এবং আইনি ও পরামর্শমূলক সহায়তা প্রদান করে। তাদের সহায়তায় তিনি BMET-এ আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করেন। পরবর্তীতে BMET সালিশের মাধ্যমে তিনি ১,৬৫,০০০ টাকা ক্ষতিপূরণ পান। BSEHR নিয়মিত আইনি সহায়তা, ফলোআপ এবং অ্যাডভোকেসির মাধ্যমে তার মামলার জবাবদিহিতা নিশ্চিত করে।

বর্তমানে BSEHR ও এফএসটিআইপি প্রকল্পের সহায়তায় এবং প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থে তিনি অন্যের জমি লিজ নিয়ে কৃষিকাজ শুরু করেছেন নতুন আশায়, নতুন পথে।



# Al Amin Mia A Journey of Resilience and Rebuilding

**"Through proper identification, psychosocial support, legal assistance and livelihood support, survivors of human trafficking can regain their self-reliance and contribute to positive change within their communities, Al Amin Mia is an example of this."**
**–Al-Amin**

Al Amin Mia (38), a resident of Mithapukur Upazila in Rangpur district, migrated to Saudi Arabia on January 23, 2022, with the hope of working in the construction sector. With the help of a broker, he paid BDT 650,000 (equivalent to USD 5,327) and travelled on a tourist visa. However, after arriving there, he did not receive regular work or wages as promised. Instead, he endured nine months of unpaid labor and restricted conditions, which left him in a highly vulnerable situation. Eventually, he returned to Bangladesh on November 10, 2022.



On January 14, 2024, Al Amin was identified as a survivor of human trafficking through the Fight Slavery and Trafficking-in-Persons Program. Following his identification, he received counseling support, life skills training, and entrepreneurship training to help him rebuild his life. The Fight Slavery and Trafficking-in-Persons Program also provided BDT 24,500 (equivalent to USD 201) as financial support to assist him in restoring his livelihood. In addition, with legal assistance, he was able to receive BDT 13,500 (equivalent to USD 111) from the Wage Earners' Welfare Board's Recovery and Advancement of Informal Sector Employment Project.

Currently, Al Amin is engaged in rice threshing, livestock rearing, and welding work, through which he earns approximately BDT 15,000 (equivalent to USD 123) per month. This income has helped him gradually stabilize his family's livelihood.

Beyond rebuilding his own life, Al Amin Mia is now actively involved in community awareness activities aimed at preventing human trafficking and child marriage.

# জীবন শেষ নয় নতুনভাবে বাঁচার আত্মপ্রত্যয়

বিদেশে পৌঁছানোর পর মোঃ আল আমিন (৩২)-এর স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়। তিনি সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার মোগলাবাজার এলাকার গোপালগাঁও গ্রামের একজন পরিশ্রমী যুবক। পরিবারের আর্থিক উন্নয়ন ও নিরাপদ ভবিষ্যতের আশায় তিনি স্থানীয় দালালের প্রলোভনে পড়ে ঋণ ও লোন মিলিয়ে প্রায় ৩ লাখ টাকা সংগ্রহ করেন এবং ৮ অক্টোবর ২০২২ সালে সৌদি আরবে পাড়ি জমান।

দালালের প্রতিশ্রুতি অনুযায়ী তিনি কোনো কাজ পাননি। কিছুদিন পর একটি গ্যারেজে কাজ পেলেও ন্যায্য পারিশ্রমিক দেওয়া হতো না। প্রতিবাদ করলে তাকে ভয়ভীতি ও হুমকি দেওয়া হতো। নির্যাতন, আর্থিক সংকট এবং পরিবার থেকে দূরে থাকার যন্ত্রণা মিলিয়ে তার জীবন হয়ে ওঠে দুর্বিষহ। দীর্ঘ এক বছরের সংগ্রামের পর, সর্বস্ব হারিয়ে এবং ঋণের বোঝা মাথায় নিয়ে ৯ অক্টোবর ২০২৩ সালে তিনি দেশে ফিরে আসেন। দেশে ফিরে তিনি মানসিকভাবে সম্পূর্ণ ভেঙে পড়েন, আত্মবিশ্বাস হারান এবং ভবিষ্যৎ অনিশ্চিত মনে হয়। পরিবারও চরম আর্থিক সংকটে নিমজ্জিত হয়।



এই সংকটময় সময়ে বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা (BSEHR) তাকে মানবপাচারের শিকার হিসেবে শনাক্ত করে এবং FSTIP প্রকল্পের আওতায় সহায়তা প্রদান করে। প্রথমে তাকে মানসিক কাউন্সেলিং ও সাইকোসোশ্যাল সাপোর্ট দেওয়া হয়। এরপর ধাপে ধাপে অন্তর্ভুক্ত করা হয় জীবন-দক্ষতামূলক প্রশিক্ষণ, উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ, পরিবার ও কমিউনিটি ভিত্তিক সচেতনতা সেশন। এসব প্রশিক্ষণ তার আত্মবিশ্বাস পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

প্রশিক্ষণ থেকে অনুপ্রাণিত হয়ে তিনি সেই দক্ষতাকে কাজে লাগিয়ে ছোট পরিসরে ব্যবসা শুরু করেন। বর্তমানে তিনি একজন স্বনির্ভর মিস্ত্রি ও ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে কাজ করছেন। ধীরে ধীরে তার আয় বৃদ্ধি পাচ্ছে এবং পরিবারের ঋণ পরিশোধে সক্ষম হচ্ছেন। তিনি শুধুমাত্র নিজের জন্য কাজ করছেন না, অন্যদেরও নিরাপদ অভিবাসন সম্পর্কে সচেতন করছেন এবং দালালের প্রলোভন থেকে সতর্ক থাকার জন্য উদ্বুদ্ধ করছেন।

আল আমিন একজন সচেতন, আত্মবিশ্বাসী ও স্বাবলম্বী উদ্যোক্তা। তার জীবন সংগ্রাম ও পুনরুদ্ধারের গল্প কমিউনিটির অন্যদের জন্য অনুপ্রেরণার উৎস।



# Traffikcing is Not the End of Life: A Journey of Resilience and Renewal

After arriving abroad, Md. Al Amin (32) saw his dreams turn into a nightmare. Hailing from Gopalgaon village in Moglabazar, South Surma Upazila, Sylhet district, he was a hardworking young man with hopes of improving his family's financial situation and securing a safer future. Lured by a local recruiter, he borrowed and gathered nearly BDT 300,000 (equivalent to USD 2,459) through loans and personal savings and on October 8, 2022, he set off for Saudi Arabia.

However, contrary to the recruiter's promises, he did not find the work he had expected. After some days, he was employed at a garage, but he was not paid fair wages. When he protested, he faced threats and intimidation. The combination of abuse, financial hardship, and separation from family made his life unbearable. After a year of struggle, having lost almost everything and drowning in debt, he returned to Bangladesh on October 9, 2023. Mentally shattered, he lost confidence and saw an uncertain future.




His family also faced severe financial distress. During this critical period, Bangladesh Society for the Enforcement of Human Rights identified him as a survivor of human trafficking and provided support under the Fight Slavery and Trafficking-in-Persons Program. Initially, he received mental health counseling and psychosocial support. Gradually, he participated in life-skills training, entrepreneurial development sessions, and family and community-based awareness programs. These trainings played a crucial role in rebuilding his confidence.

Inspired by the training, Al Amin applied his skills to start a small business. Today, he works as a self-reliant mason and micro-entrepreneur. Slowly, his income is increasing, and he is able to repay his family's debts. He is not only working for himself but also raising awareness in his community about safe migration and encouraging others to resist the lure of exploitative recruiters.

Al Amin is now a conscious, confident and self-reliant entrepreneur. His journey of struggle and recovery serves as a powerful source of inspiration for others in his community.

# আল আমিন খানের জীবনগল্প প্রতারণা থেকে পুনর্গঠন

২০২৩ সালের ১২ নভেম্বর বাংলাদেশ থেকে কম্বোডিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিলেন আল আমিন। প্রথমে তিনি ভারতে যান; সেখানে একদিন অবস্থানের পর শ্রীলঙ্কায় ২০ দিন থাকেন। এরপর ভিয়েতনামের হ্যানয় ও হো চি মিন সিটি অতিক্রম করে ২০২৪ সালের ৫ জানুয়ারি তিনি কম্বোডিয়ায় পৌঁছান।

পৌঁছানোর পর আল আমিন জানতে পারেন, তাকে প্রতারণামূলক একটি স্ক্যামিং সেন্টারে পাঠানো হয়েছে। সেখানে তার পাসপোর্ট জব্দ করা হয়। দ্বিতীয় দিনেই তিনি ওই কাজে অংশ নিতে অস্বীকৃতি জানান। কিন্তু কেন্দ্রের লোকজন তার কাছে ৩,০০০ মার্কিন ডলার দাবি করে এবং পাসপোর্ট ফেরত পাওয়ার জন্য তাকে রাসেল নামে একজন দালালের সঙ্গে যোগাযোগ করতে বলে।



আল আমিন খান (২৯) কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলার টাগোসাইপুর গ্রামের বাসিন্দা। কম্পিউটার ডিপ্লোমা সম্পন্ন আল আমিন পরিবারকে সহায়তা করার জন্য বিদেশে চাকরির সুযোগ খুঁজছিলেন। তার চাচাতো ভাই মো. মাজহারুল ইসলাম তাকে কম্বোডিয়ায় অ্যাকাউন্টেন্ট পদে চাকরির প্রতিশ্রুতি দিয়ে প্রলুব্ধ করেন এবং মাসিক ১,০০০ মার্কিন ডলার বেতনের কথা বলেন। তবে কোম্পানির নাম চীনা ভাষায় লেখা থাকায় আল আমিন প্রকৃত তথ্য সম্পর্কে অবগত ছিলেন না। পরবর্তীতে রাসেলের বাসায় প্রায় সাত মাস অবস্থান করেন আল আমিন, যেখানে তাকে গৃহকর্মে নিযুক্ত রাখা হয়। নতুন চাকরির প্রতিশ্রুতি দেওয়া হলেও তা বাস্তবায়িত হয়নি। অতিরিক্ত ২০,০০০ টাকা প্রদান করেও কোনো চাকরি পাননি। পাসপোর্ট না পাওয়ায় এবং একাধিক প্রতারণার শিকার হওয়ায় আল আমিন দেশে ফিরতে পারেননি।

২০২৪ সালের নভেম্বর মাসে পুলিশের অভিযানের পর তাকে একটি হোটেলে থাকতে বাধ্য করা হয়। পরবর্তীতে FSTIP প্রকল্প আল আমিনকে সাইকোসোশিয়াল কাউন্সেলিং প্রদান করে। FSTIP কম্বোডিয়ার CTIP এবং বাংলাদেশের CID-এর সঙ্গে সমন্বয় করে তার পুনঃপ্রতিষ্ঠা প্রক্রিয়া সম্পন্ন করে। অবশেষে ২০২৪ সালের ৪ ডিসেম্বর তাকে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়।

দেশে ফেরার পর আল আমিনকে আরও কাউন্সেলিং সহায়তা ও জীবিকা উপার্জনে FSTIP প্রকল্প হতে একটি ল্যাপটপ ও আইপিএস দেওয়া হয়। বর্তমানে তিনি তার গ্রামের একটি ছোট আইটি সার্ভিস দোকান পরিচালনা করছেন। আইটি দক্ষতায় পারদর্শী আল আমিন এখন কমিউনিটিতে একটি ইতিবাচক পরিচিতি গড়ে তুলেছেন।



# Al Amin Khan's Journey From Deception to Rebuilding

On November 12, 2023, Al Amin began his journey from Bangladesh to Cambodia. His route took him first to India for a day, then to Sri Lanka for 20 days and later through Hanoi and Ho Chi Minh City in Vietnam. Finally, he reached Cambodia on January 5, 2024.

Upon arrival, Al Amin discovered he had been taken to a fraudulent scamming center. His passport was confiscated, and on the very next day, he refused to participate in the work demanded of him. In response, the center staff demanded USD 3,000 and instructed him to contact a recruiter named Russel to retrieve his passport.

Al Amin Khan (29), hails from Tagosaipur village in Bajitpur, Kishoreganj. Being a computer diploma graduate, he went abroad seeking employment to support his family. He was persuaded by his cousin, Md. Mazharul Islam, who promised him a position as an accountant in Cambodia with a monthly salary of USD 1,000. However, the company's name was written in Chinese scripts, and Al Amin had no clear information about its legitimacy.



Subsequently, Al Amin stayed at Russel's residence for nearly seven months, where he was assigned household work. Although he was promised new employment, it never happened. Even after paying an additional BDT 20,000 (equivalent to USD 164), he could not secure a legitimate job. The confiscated passport and repeated deception left him trapped abroad, unable to return home.

In November 2024, following a police operation, he was placed in a hotel. Later, the Fight Slavery and Trafficking-in-Persons Program provided him with psychosocial counseling. Through close coordination with the Cambodia CTIP project and Bangladesh's Crime Investigation Department (CID) , his rehabilitation process was completed, and on December 4, 2024, he safely returned to Bangladesh.

After returning, Al Amin received continued counseling support and a laptop with Instant Power Supply (IPS) for his economic reintegration. Today, he runs a small IT service shop in his village. Skilled in IT, he has built a positive reputation within his community and serves as an inspiring example of resilience and recovery.

# মানবপাচার থেকে উদ্ধার হওয়া মোঃ আতাওয়ার রহমানের গল্প

মোঃ আতাওয়ার রহমান ২০২২ সালের আগস্টে স্থানীয় দালাল ও মামাতো চাচা মোঃ রুহুল আমিনের সহায়তায় ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সংযুক্ত আরব আমিরাতে যান। বিদেশে কাজের আশা ও আস্থা রাখতে তিনি ২,৪০,০০০ টাকা ধার নেন। তবে সেখানে পৌঁছে তিনি কঠোর শোষণের শিকার হন। ১০–১২ জন লোকের সঙ্গে ছোট একটি কক্ষে রাখা হয়, খাদ্য ও কাজের পরিবেশ উপযুক্ত ছিল না। বাংলাদেশ থেকে মেডিকেল ক্লিয়ারেন্স থাকা সত্ত্বেও তাঁকে অসুস্থ বলে দাবি করে অতিরিক্ত পরীক্ষা করা হয়। এক মাসের মধ্যে জোরপূর্বক দেশে ফেরত পাঠানো হয়।

মোঃ আতাওয়ার রহমান গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার তালুক বেলকা গ্রামের বাসিন্দা, বয়স ৪২। তিনি আট ভাইবোনের মধ্যে ষষ্ঠ। পিতার অকাল মৃত্যু ও চরম দারিদ্র্যের কারণে মাত্র ক্লাস তিন পর্যন্ত পড়াশোনা করতে পেরেছিলেন।




২৬ বছর বয়সে বিয়ে করেন এবং তিন সন্তানকে জন্ম দেন। উন্নত জীবনের আশায় তিনি সুন্দরগঞ্জে একটি ছোট সাইকেল মেরামতের দোকান খুলেন, কিন্তু পরিবারের বাড়তে থাকা ব্যয় মেটাতে পারছিলেন না।

কর্মসংস্থানের অভাব ও নিরাপদ অভিবাসন সম্পর্কে অজ্ঞতার কারণে তিনি বিদেশে কাজের সিদ্ধান্ত নেন। দেশে ফিরে তিনি FSTIP (Fight Slavery and Trafficking In-Persons) প্রকল্পে অন্তর্ভুক্ত হন এবং পুনর্বাসনের সহায়তা পান। প্রকল্পের আওতায় তাকে মানসিক কাউন্সেলিং, চিকিৎসা সহায়তা, নিরাপদ অভিবাসন ও মানব পাচারের সচেতনতা, জীবিকায়ন সহায়তা এবং পরিবারের সঙ্গে সমন্বয় প্রদান করা হয়। FSTIP-এর সহায়তায় আতাওয়ার রহমান আবার নিজের সাইকেল মেরামতের দোকান চালু করেন, আধুনিক সরঞ্জাম ব্যবহার করে আর্থিক পরিকল্পনা করেন। ধীরে ধীরে আয় স্থিতিশীল হয়, পরিবারের দৈনন্দিন চাহিদা পূরণ ও সন্তানদের পড়াশোনা অব্যাহত থাকে।

মোঃ আতাওয়ার রহমানের গল্প প্রমাণ করে, সময়মতো সনাক্তকরণ, লক্ষ্যভিত্তিক সহায়তা, সচেতনতা এবং জীবিকায়ন সহায়তার মাধ্যমে মানব পাচারের ভুক্তভোগীর জীবনকে দুর্বলতা থেকে স্বাবলম্বিতা এবং স্থিতিশীলতার পথ প্রশস্ত করা সম্ভব।



# The Story of Ataur Rahman **From Trafficking Exploitation to Recovery**

Md. Ataur Rahman traveled to the United Arab Emirates in August 2022 from Dhaka International Airport with the assistance of a local broker and his maternal uncle, Md. Ruhul Amin. Hoping to secure employment abroad, he borrowed BDT 240,000 (equivalent to USD 1,967) to cover the migration costs. However, upon arrival, he faced severe exploitation. He was forced to stay in a small room with 10-12 other workers, where both food and working conditions were extremely poor. Despite having medical clearance from Bangladesh, he was falsely declared medically unfit and subjected to additional unnecessary medical tests. Within a month, he was forcibly deported back to Bangladesh.

Ataur Rahman (42) is from Taluk Belka Village of Sundarganj Upazila in Gaibandha District. He is the sixth among eight siblings. Due to the early death of his father and extreme poverty, he could only study up to class three.



At the age of 26, he got married and is now a father of three children. In search of a better livelihood, he had previously opened a small bicycle repair shop in Sundarganj. However, increasing family expenses made it difficult to sustain the business. Due to limited employment opportunities and a lack of awareness about safe migration, he decided to migrate abroad. After returning to Bangladesh, he was enrolled in the Fight Slavery and Trafficking-in-Persons Program, where he received comprehensive reintegration support.

Through Fight Slavery and Trafficking-in-Persons, he received psychosocial counselling, medical assistance, awareness on safe migration and human trafficking, livelihood support and family reintegration assistance. With the support of the Fight Slavery and Trafficking-in-Persons Program, Ataur Rahman was able to reopen his bicycle repair shop through the introduction of improved tools and better financial planning. Gradually, his income stabilized, enabling him to meet the daily needs of his family and continue his children's education. Ataur Rahman's story demonstrates that timely identification, targeted support, awareness, and livelihood assistance can help trafficking survivors rebuild stable and dignified lives.

# শোষণ থেকে মুক্তিলাভ এক শ্রমজীবী নারীর গল্প

একজন শ্রমজীবী নারী থেকে আয়েশা (৩৫) আজ স্বপ্ন দেখে বড় গার্মেন্টস প্রতিষ্ঠান গড়ে তোলার। আজ তিনি শুধু অর্থনৈতিকভাবে স্বাবলম্বী নন, বরং আত্মবিশ্বাসী এবং সামাজিক মর্যাদা পুনরুদ্ধার করেছেন। অন্যান্য সারভাইভারদের সঙ্গে যৌথ উদ্যোগ গ্রহণ করে তিনি ভবিষ্যতেকে নতুনভাবে গড়ে তুলতে চায়।

আয়েশা কক্সবাজার জেলার ঈদগাঁও উপজেলার একজন সাধারণ নারী। অল্প বয়সে দারিদ্র্য ও সামাজিক বাস্তবতার কারণে তার বিয়ে দেওয়া হয়। স্বামী একজন দিনমজুর এবং পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। কোভিড-১৯ মহামারির সময় স্বামীর কর্মহীনতার ফলে পরিবারটি চরম আর্থিক সংকটে পড়ে। এই সংকটময় সময়ে আয়েশার দূর সম্পর্কের খালা-শাশুড়ি তাকে চট্টগ্রামের একটি গার্মেন্টসে কাজ করার প্রস্তাব দেন এবং বাজলুল হকের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করেন।



বাজলুল হক প্রতারণামূলকভাবে উচ্চ বেতনের আশ্বাস দিয়ে ১৮ নভেম্বর ২০২১ তারিখে তাকে চট্টগ্রামে পাঠান। সেখানে তাকে একটি বস্তিতে রাখা হয় এবং পরদিন গার্মেন্টসে নিয়ে গিয়ে সকাল থেকে রাত ১১টা পর্যন্ত কাজ করানো হয়। মাস শেষে আয়েশা জানতে পারেন যে তার বেতন বাজলুল হক নিজেই রেখে দিয়েছেন। প্রতিবাদ করলে তাকে মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হতে হয়।

চরম পরিস্থিতিতে আয়েশা বস্তি ছেড়ে কক্সবাজারে ফিরে আসেন। তবে বাড়ি ফেরার পর শ্বশুরবাড়ির লোকজন তাকে ও তার সন্তানকে ঘর থেকে বের করে দেয়। উপায়ান্তর না পেয়ে তিনি বাবার বাড়িতে আশ্রয় নেন।

এই সময়ে কক্সবাজারের ANIRBAN গ্রুপের মাধ্যমে তিনি YPSA–FSTIP প্রকল্পের সঙ্গে যুক্ত হন। প্রকল্পের আওতায় আয়েশা কেস ম্যানেজমেন্ট, মানসিক, পারিবারিক ও কমিউনিটি কাউন্সেলিং, জীবনদক্ষতা এবং উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন। ১৩ অক্টোবর ২০২৪ তারিখে YPSA ও Winrock International-এর সহায়তায় তিনি একটি সেলাই মেশিন পান। পরবর্তীতে প্রশিক্ষণ কেন্দ্র থেকে দক্ষতা বৃদ্ধি করেন এবং ইন্ডাস্ট্রিয়াল সেলাই মেশিন অপারেটর প্রশিক্ষণ সম্পন্ন করেন।

প্রশিক্ষণ শেষে আয়েশা স্থানীয়ভাবে একটি ছোট মিনি গার্মেন্টস কার্যক্রম শুরু করেন। বর্তমানে তিনি নিয়মিত সেলাইয়ের কাজ করে পরিবারে আর্থিক স্থিতিশীলতা ফিরিয়ে এনেছেন এবং সন্তানদের পড়াশোনা চালিয়ে যাচ্ছেন।



# Breaking the Cycle of Exploitation
# **Ayesha's Journey to Economic Independence**

Ayesha (35) once worked as a struggling laborer. Today, she dreams of establishing her own garment enterprise. Her journey reflects not only economic recovery but also the restoration of dignity, confidence, and social recognition.

Ayesha lives in Eidgaon Upazila of Cox's Bazar. Due to poverty and social circumstances, she was married at a very young age. Her husband worked as a day laborer and was the family's only income earner. During the COVID-19 pandemic, her husband lost his job, pushing the family into severe financial hardship. At that time, a distant relative offered to help Ayesha find work in a garment factory in Chattogram and introduced her to a man named Bazlul Haque.



On November 18, 2021, Bazlul Haque sent her to Chattogram after promising a well-paid job. Instead, she was placed in a slum and taken to a garment factory where she was forced to work from morning until 11 p.m. When the month ended, she learned that her salary had been taken by the broker himself. When she protested, she faced physical and psychological abuse. Unable to endure the situation, Ayesha eventually left the slum and returned to Cox's Bazar. However, upon returning home, her in-laws expelled her and her child from the house. With no other option, she sought shelter at her parents' home.

Through the ANIRBAN survivor network, Ayesha later became connected with the Fight Slavery and Trafficking-in-Persons Program sub-grantee Young Power in Social Action. Through the program she received case management services, psychosocial counselling, family and community counselling, life skills training, and entrepreneurship development training. On October 13, 2024, with support from Young Power in Social Action and Winrock International, she received a sewing machine. She later completed additional training as an industrial sewing machine operator. After completing the training, Ayesha started a small home-based mini tailoring business in her community. Today, she earns a regular income through tailoring, has restored financial stability in her household, and continues to support her children's education.

# সংগ্রাম থেকে পুনর্গঠন ফারহাদ হোসেনের সফল যাত্রা

“আগে আমি সিদ্ধান্তহীনতার শিকার ছিলাম, কিন্তু প্রশিক্ষণের পর আবার নিজের নিয়ন্ত্রণ ফিরিয়ে পেয়েছি। FSTIP প্রকল্পের কারণে আজ আমি আমার জীবনকে নতুনভাবে গড়ে তুলতে পেরেছি,”
–ফারহাদ হোসেন

ফারহাদ হোসেন (২৫), হায়দার আলীর ছেলে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার উদাখালী ইউনিয়নের চালুয়া গ্রামের বাসিন্দা। বিদেশে যাওয়ার আগে তিনি ছোট একটি ফটোকপি ব্যবসা চালাতেন। বর্তমানে তিনি মানব পাচারের শনাক্তকৃত ভুক্তভোগী ও FSTIP প্রকল্পের মাধ্যমে পুনঃপ্রতিষ্ঠিত ব্যক্তিরূপে পরিচিত।

দারিদ্র্য মোচন ও উন্নত জীবনের আশা তাকে ২০২১ সালের ১৪ নভেম্বর মামা ও দালালের মাধ্যমে সৌদি আরব গমন করতে প্ররোচিত করে। ভিসার জন্য ৩,৬০,০০০ টাকা প্রদান করার পরও সেখানে তিনি বেকারত্ব, দৈনিক ১৫–১৬ ঘণ্টা শ্রম, মানসিক নির্যাতন এবং সৌদি পুলিশের হাতে ১৫ দিনের শারীরিক ও অব্যবস্থাপনা শাস্তি ভোগ করেন।



দেশে ফিরে তিনি মানসিকভাবে দুর্বল ও জীবনধারার দিকনির্দেশনা হারিয়েছিলেন। FSTIP-এর সহায়তা ও কার্যক্রম তার পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। FSTIP-এর পিয়ার লিডার আব্দুল হালিম তাকে শনাক্ত করেন। এরপর প্রশিক্ষিত কাউন্সেলরদের মাধ্যমে তাকে মানসিক কাউন্সেলিং, উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ এবং জীবনদক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হয়। ILO-এর সঙ্গে সমন্বয় করে ব্যবসায়িক পরিকল্পনা ও আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তা করা হয়। অর্থনৈতিক পুনর্বাসনের অংশ হিসেবে তাকে ১৩,৫৭৫ টাকা মূল্যের IPS মেশিন প্রদান করা হয়, যাতে তিনি ব্যবসা পুনরায় শুরু করতে পারেন। ফারহাদ নিজের ফটোকপি, প্রিন্টিং ও কম্পিউটার সেবা ব্যবসা পুনরায় চালু করেন। নতুন আত্মবিশ্বাসে তিনি ভবিষ্যতে নিজস্ব দোকান ও ব্যবসা সম্প্রসারণের পরিকল্পনা করছেন।

বর্তমানে ফারহাদ কমিউনিটি সভায় অংশগ্রহণ করেন, নিজের অভিজ্ঞতা শেয়ার করেন এবং স্থানীয় সরকারী সংস্থার সঙ্গে সুদৃঢ় সংযোগ তৈরি করেছেন।



# From Struggle to Reintegration **Farhad Hossain's Journey of Recovery**

**"Before, I was lost and unsure about my future. But after receiving training, I regained control over my life. Because of the Fight Slavery and Trafficking-in-Persons Program, I have been able to rebuild my life in a new way,"** says Farhad Hossain.

Farhad Hossain (25), son of Haidar Ali, is a resident of Chalua Village in Udakhali Union of Fulchhari Upazila in Gaibandha District. Before migrating abroad, he used to operate a small photocopy and printing business in his locality.
Driven by the hope of escaping poverty and achieving a better life, he migrated to Saudi Arabia on November 14, 2021 through a broker and a relative. He paid BDT 360,000 (equivalent to USD 2,951) for the visa arrangement. However, the reality abroad was far from what he had expected.




Instead of stable employment, he experienced unemployment, excessive working hours of 15-16 hours per day, psychological abuse, and even 15 days of detention and mistreatment by Saudi police. After returning to Bangladesh, Farhad felt emotionally broken and directionless. The Fight Slavery and Trafficking-in-Persons Program played a crucial role in his recovery and reintegration. He was identified by Abdul Halim, a Peer Leader of the project, and later received psychosocial counselling from trained counsellors. The Fight Slavery and Trafficking-in-Persons Program also provided him with entrepreneurship development training and life skills training.

Through coordination with the International Labour Organization, he received guidance in business planning and confidence-building. As part of economic reintegration support, he was provided with an Instant Power Supply (IPS) machine worth BDT 13,575 ( equivalent to USD 111), enabling him to restart his business. Farhad successfully reopened his photocopy, printing, and computer service shop. With renewed confidence, he now plans to expand his business and establish a larger shop in the future.

Today, Farhad actively participates in community meetings, shares his experience with others, and maintains strong connections with local government institutions to support awareness on safe migration and trafficking prevention.

# ফাসাদুল ইসলামের সুস্থ জীবন পুর্নগঠনের গল্প

বর্তমানে ফাসাদুল ইসলাম মাসে ১৩,০০০ টাকা উপার্জন করছেন এবং পরিবারসহ স্থিতিশীল ও সম্মানজনক জীবনযাপন করছেন। তিনি নওগাঁ জেলার আত্রাই উপজেলার শাহাগোলা ইউনিয়নের অন্তর্গত রাসুলপুর গ্রামের বাসিন্দা এবং পুনর্বাসিত মানবপাচার (TIP) সারভাইভার।

ষষ্ঠ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করার পর পারিবারিক আর্থিক সংকটের কারণে তাকে পড়াশোনা বন্ধ করতে হয়। মাত্র ১৬ বছর বয়সে ব্যাটারিচালিত অটোরিকশা চালানো শুরু করেন। পাঁচ সদস্যের পরিবারে সীমিত উপার্জন থাকার কারণে সংসার চালানো কঠিন হয়ে পড়ে। ২০১৪ সালে তিনি একটি কাপড়ের দোকানে মাসিক ৮,০০০ টাকায় চাকরি নেন। তার বাবা একটি চায়ের দোকান চালাতেন, তবুও পরিবারের আর্থিক অবস্থা স্থিতিশীল ছিল না।



উন্নত জীবনের আশায় পরিবার তাকে বিদেশে পাঠানোর সিদ্ধান্ত নেয়। পরিচিত একজনের মাধ্যমে সৌদি আরবে একটি শপিং মলে মার্কেটিং চাকরির প্রলোভন দেখিয়ে এক দালাল ৪,৮০,০০০ টাকা দাবি করে। মাসিক ৩৫,০০০ টাকা বেতন ও ওভারটাইমের আশ্বাস দেওয়া হয়। পরিবার ঋণ করে পুরো অর্থ পরিশোধ করে তাকে ২৪ ফেব্রুয়ারি ২০২৩ সৌদি আরবে পাঠায়।

সেখানে পৌঁছানোর পর তাকে একটি ঘরে রাখা হয়, যেখানে ১২ জন অস্বাস্থ্যকর পরিবেশে একসঙ্গে থাকতেন। পর্যাপ্ত খাবার বা কাজ দেওয়া হয়নি। ২২ দিন পর তাকে চুক্তির বাইরে ভারী নির্মাণকাজে বাধ্য করা হয়। বেতনও নিয়মিত দেওয়া হতো না। নির্যাতন ও প্রতারণার শিকার হয়ে তিনি অবশেষে পালিয়ে ২৬ মার্চ ২০২৩ বাংলাদেশে ফিরে আসেন।

একজন ANIRBAN সদস্য তাকে সচেতন সোসাইটি'র FSTIP প্রকল্পে রেফার করেন, যেখানে তিনি মানবপাচারের শিকার হিসেবে শনাক্ত হন। এরপর তিনি কাউন্সেলিং, লাইফ স্কিল এবং উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে সচেতন সোসাইটি তাকে শাহাগোলা ইউনিয়নের ভবানীপুর বাজারে "জননী বস্ত্র বিতান"-এ সেলসম্যান হিসেবে চাকরির ব্যবস্থা করে। সময়োপযোগী সহায়তা ও কর্মসংস্থানের সুযোগ মানবপাচার থেকে ফিরে আসা ব্যক্তিদের জীবনে টেকসই ও স্থায়ী পরিবর্তন আনতে পারে।



# Fasadul Islam Rebuilding a Life of Dignity

Fasadul Islam now earns BDT 13,000 (equivalent to USD 107) per month and lives a stable and dignified life with his family. He is a resident of Rasulpur village, Shahagola Union, Atrai Upazila, Naogaon, and a rehabilitated survivor of human trafficking.

After completing grade six, Fasadul had to leave school due to his family's financial constraints. At just 16, he started driving a battery-powered auto-rickshaw to support his five-member family. In 2014, he worked at a cloth shop for a monthly salary of BDT 8,000 (equivalent to USD 66), while his father ran a tea stall. Despite these efforts, the family's financial situation remained unstable. Seeking a better future, his family decided to send him abroad. Through an acquaintance, a broker offered him a marketing job in a Saudi Arabian shopping mall, demanding BDT 480,000 (equivalent to USD 3,934) while promising a monthly salary of BDT 35,000 (equivalent to USD 287) plus overtime. The family borrowed the full amount and sent him to Saudi Arabia on February 24, 2023.



Upon arrival, Fasadul was confined to a room with 12 others in unsanitary conditions. He was not provided adequate food or proper work. After 22 days, he was forced into heavy construction work not included in his contract and paid with irregular wages. Enduring abuse and exploitation, he finally escaped and returned to Bangladesh on March 26, 2023.

An ANIRBAN member referred him to the team of Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Sachetan Society, where he was identified as a survivor of human trafficking. He then received counseling, life skills training, and entrepreneurship training. Based on his prior experience, Sachetan Society facilitated his employment as a salesman at "Jononi Bostro Bittan" in Bhavanipur Bazar, Shahagola Union.

Fasadul's story highlights how timely support and livelihood opportunities can bring sustainable and lasting change in the lives of individuals who have survived human trafficking.

# ফয়সাল মিয়া তিক্ত অভিজ্ঞতা থেকে আলোর পথযাত্রী

ফয়সাল মিয়া সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার মোগলাবাজার ইউনিয়নের রাগবপুর গ্রামের ২৮ বছর বয়সী একজন পরিশ্রমী ও সমাজ সচেতন যুবক। আইডি নম্বর BSEHR-2050, তিনি FSTIP প্রকল্পের অনির্বাণ সদস্য হিসেবে মানব পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে নিরলসভাবে কাজ করছেন।

একসময় ফয়সাল বিদেশে গিয়ে ভাগ্য পরিবর্তনের স্বপ্ন দেখেছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত তিনি একটি মানবপাচার চক্রের খপ্পরে পড়ে সেখানে চরম মানবেতর জীবন যাপন করতে বাধ্য হন। দীর্ঘ সংগ্রামের পর দেশে ফিরে আসার পর তিনি সিদ্ধান্ত নেন-যে কেউ তার মতো বিপদের মুখোমুখি না হোক, সে জন্য তিনি সচেতনতা ও শিক্ষা প্রচারে নিবেদিত হবেন।



বর্তমানে ফয়সাল নিজ এলাকায় একটি ছোট টেলিকম ব্যবসা পরিচালনা করছেন। এর পাশাপাশি অনির্বাণ সদস্য হিসেবে তিনি এলাকার মানুষকে পাচারের ঝুঁকি সম্পর্কে সচেতন করেন। তিনি নিয়মিত পরামর্শ দেন-বিদেশগমনের আগে কী তথ্য জানা উচিত, দালালের ফাঁদ থেকে কিভাবে রক্ষা পাওয়া যায়। এছাড়াও ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের সমন্বয় সভায় অংশগ্রহণ করে মানব পাচার, বাল্যবিবাহ এবং নারী-শিশু নির্যাতন প্রতিরোধে আলাপ-আলোচনা চালান।

ফয়সাল মিয়া বাল্যবিবাহ প্রতিরোধেও সক্রিয় ভূমিকা রাখছেন। নিজের অভিজ্ঞতা তুলে ধরে অভিভাবক, তরুণ ও কমিউনিটি নেতাদের সচেতন করেন। তার উদ্যোগের কারণে কমিউনিটিতে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা গেছে। তার কার্যক্রমের পরিসংখ্যান অনুযায়ী - কমিউনিটি মিটিং ২০, ইস্যু ভিত্তিক স্কুল সেশন ৮, সাধারণ মানুষ সচেতন ৭০, দিবস পালন ৩, দরজায় দরজায় ক্যাম্পেইন ৫, বাল্যবিবাহ প্রতিরোধ ২, মানব পাচারের ভিকটিম সনাক্ত ৪১, ঝুঁকিপূর্ণ ব্যক্তির সনাক্ত ৮, বাল্যবিবাহ ঝুঁকিতে থাকা ব্যক্তি সনাক্ত ১০, রেফার (CTC & CMPC) ৪, অন্যান্য সরকারি/বেসরকারি রেফার ২০।

ফয়সাল মিয়ার সাহস, দায়িত্ববোধ ও প্রেরণা কমিউনিটির জন্য এক আলোর পথ হয়ে উঠেছে।



# Faisal Mia From Bitter Experiences to a Path of Light

Faisal Mia, a 28-year-old hardworking and socially conscious young man from Moglabazar Union, South Surma Upazila, Sylhet district, has been tirelessly working to prevent human trafficking and child marriage as a committed member of the Fight Slavery and Trafficking-in-Persons Program.

At one point, Faisal dreamed of changing his fortune by going abroad. Unfortunately, he fell into the trap of a human trafficking network and was forced to endure a harsh and exploitative life. After a long struggle, upon returning to Bangladesh, he made a resolute decision: to dedicate himself to awareness and education so that no one else would face the dangers he experienced.

Currently, Faisal runs a small telecommunications business in his area. Alongside this, as a dedicated Fight Slavery and Trafficking-in-Persons Program member he educates his community about the risks of trafficking.



He regularly advises people on what information to know before traveling abroad and how to avoid falling into recruiters' traps. He also participates in coordination meetings at the union and upazila levels, engaging in discussions on preventing human trafficking, child marriage, and violence against women and children.

Faisal has been active in preventing child marriage as well. By sharing his own experiences, he raises awareness among parents, youth, and community leaders. His initiatives have brought visible positive changes in the community. According to his activity records, his achievements include: 20 community meetings, 8 issue-based school sessions, 70 people reached through awareness, 3 observance days, 5 door-to-door campaigns, 2 child marriage prevention interventions, 41 human trafficking victims identified, 8 at-risk individuals identified, 10 people at risk of child marriage identified, 4 cases referred to Counter Trafficking Committees and Child Marriage Prevention Committees, and 20 cases referred to other government and non-government organizations.

Faisal Mia's courage, sense of responsibility and dedication have become a guiding light for his community.

# শিক্ষাই শক্তি আসমাউল হুসনার যাত্রা

**“সঠিক সময়ে একটু সহযোগিতা পেলে দিশাহীন নারীও সফলতা খুঁজে পায়”**
**–আসমাউল হুসনা**

আসমাউল হুসনা (১৬), রাজশাহী জেলার মধ্যমপাড়া গ্রামের একজন কিশোরী, দশম শ্রেণিতে থাকাকালীন বাল্যবিবাহের শিকার হন। স্বামীর পরিবার বিবাহ স্বীকৃতি না দিলে, পরে স্বামীকে তার পিতার কাছে নিয়ে যাওয়া হয়। এই ভঙ্গুর পরিস্থিতিতে তার পরিবার BLAST রাজশাহী-এর মাধ্যমে আইনি সহায়তা নেন এবং হুসনাকে সচেতন সমাজের FSTIP প্রকল্পের মাধ্যমে চিহ্নিত করা হয়।

FSTIP-এর মাধ্যমে হুসনা কাউন্সেলিং, শিক্ষাগত সহায়তা এবং জীবন দক্ষতা (Life Skills) প্রশিক্ষণ পান। ভেরেন্দ্রা কলেজের প্রধান তাকে HSC সাইন্স বই প্রদান করেন। তিন দিনের লাইফ স্কিল ট্রেনিংয়ে অংশগ্রহণের পর তিনি আত্মবিশ্বাসী হয়ে পড়াশোনায় মন দেন এবং দ্বিতীয় বর্ষে তৃতীয় অবস্থানে উন্নীত হন। একই সঙ্গে তিনি কমিউনিটিতে বাল্যবিবাহের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা ছড়ান।



তিনি বাংলাদেশ গার্লস গাইড অ্যাসোসিয়েশন-এ যোগ দেন, প্রশিক্ষণ গ্রহণ করেন এবং “দিক্কাহ” সম্মান পান। এছাড়াও বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অনুষাণ-২০২৩ অনুষ্ঠানে বাংলাদেশ স্টাডিজে রাজশাহী বিভাগে প্রথম স্থান অর্জন করেন। HSC উত্তীর্ণ হওয়ার পর তিনি ন্যাশনাল ইউনিভার্সিটির অনার্স প্রোগ্রামে ভর্তি হন। এরপর FSTIP তাকে Block Butik-এর নারী ভোকেশনাল ট্রেনিং এবং পরে টেইলারিং প্রশিক্ষণের জন্য রেফার করে।

আজ আসমাউল হুসনা একজন শিক্ষার্থী ও উদ্যোক্তা হিসেবে স্বপ্ন দেখেন দেশের একজন ভালো শিক্ষক হয়ে কিশোরী ও নারীদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দেওয়ার।



# Education is Power: **The Journey of Asmaul Husna**

**“A little timely support can help even a lost young woman find her path to success.”**
**–Asmaul Husna**

Asmaul Husna (16), a teenager from Madhumpara village in Rajshahi district, became a victim of child marriage while she was in the tenth grade. When her husband’s family refused to recognize the marriage, her father was brought in to resolve the situation. In the midst of this tense situation, her family sought legal support through BLAST Rajshahi, and Husna was identified as a vulnerable adolescent under the Fight Slavery and Trafficking-in-Persons Program by the Aware Society initiative.



Through the Fight Slavery and Trafficking-in-Persons Program, Husna received counseling, educational support, and life skills training. The principal of Verendra College provided her with Higher Secondary Certificate (HSC) science books. After participating in a three-day life skills training, she regained her confidence, focused on her studies, and secured third place in her second-year exams. At the same time, she began raising awareness about the harmful effects of child marriage in her community.

Husna also joined the Bangladesh Girls Guide Association, received specialized training, and was honored with the association’s “Dikkah” award. She achieved first place in Bangladesh Studies for the Rajshahi division at the Bangabandhu Shrijonshil Medha Anusandhan 2023 event. After completing her HSC, she enrolled in the honors program at National University. Subsequently, Fight Slavery and Trafficking-in-Persons Program referred her to Block Butik’s vocational training for women, followed by tailoring training, helping her build practical skills alongside her studies.

Today, Asmaul Husna dreams of becoming an inspiring teacher, spreading the light of education among young girls and women in her community, while continuing her journey as both a student and a budding entrepreneur.

# মেয়েদের শিক্ষার লড়াইয়ের জোর কণ্ঠস্বরের নাম বিথি

"জোরপূর্বক সিদ্ধান্তে নিজের জীবন পরিচালিত হতে দেবো না।" - বিথি

চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার দুর্ভাপুর ইউনিয়নের গঙ্গারামপুর গ্রামের তরুণী বিথি চার ভাইবোনের মধ্যে দ্বিতীয়। তার বাবা দিনমজুর এবং মা গৃহিণী। দশম শ্রেণিতে পড়াকালীন সময়েই অর্থনৈতিক দুরবস্থা ও সামাজিক চাপে মাত্র ১৬ বছর বয়সে তার বিয়ে ঠিক করা হয়। ২৫ মে ২০২৩ তারিখে কোনো আইনগত নিবন্ধন ছাড়াই ধর্মীয় রীতিতে বিয়ে সম্পন্ন হয়।

বিয়ের পর স্বামীর মানসিক স্বাস্থ্যজনিত সমস্যার কারণে শ্বশুরবাড়িতে বিথি শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়। পরিস্থিতি অসহনীয় হয়ে উঠলে তার বাবা-মা তাকে বাড়ি ফিরিয়ে আনেন। বিয়ের কোনো আইনগত নথি না থাকায় আইনি সহায়তাও সম্ভব হয়নি। মাত্র পাঁচ মাসের মধ্যেই বিয়েটি ভেঙে যায় এবং বিথির জীবন থমকে দাঁড়ায়।



এমন সংকটে গণ উন্নয়ন কেন্দ্র (জিইউকে) বাস্তবায়িত এফএসটিআইপি প্রকল্পের এক পিয়ার লিডার তাদের বাড়ি পরিদর্শন করেন। ধারাবাহিক পরামর্শ ও পারিবারিক আলোচনার মাধ্যমে বিথিকে পুনরায় পড়াশোনায় ফেরার অনুপ্রেরণা দেওয়া হয়। বিথি দৃঢ় ইচ্ছা প্রকাশ করলে ৩১ মার্চ ২০২৪ তারিখে প্রকল্পের মাধ্যমে শিক্ষাসামগ্রী প্রদান করা হয়।

নতুন আত্মবিশ্বাসে সে পড়াশোনা শুরু করে এবং সফলভাবে এসএসসি পাস করে। বর্তমানে সে শিবগঞ্জ উইমেন্স ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। তাকে রাজশাহীতে তিন দিনের লাইফ স্কিলস প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়, যা তার আত্মবিশ্বাস ও সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা বাড়ায়।

এখন সে বাল্যবিবাহ প্রতিরোধ প্রচারণা, কিশোর-কিশোরী সভা ও স্কুলভিত্তিক সচেতনতা কার্যক্রমে সক্রিয়। প্রায় ৫০০ জন মানুষের কাছে সে সচেতনতার বার্তা পৌঁছে দিয়েছে। পাশাপাশি ঝুঁকিপূর্ণ তিন কিশোরীর তথ্য সংগ্রহে সহায়তা করছে এবং ৩০ জন কিশোরীকে বিভিন্ন প্রশিক্ষণে অংশ নিতে উৎসাহিত করেছে।

বিথির ভাষায়, "বাল্যবিবাহ দূর করতে আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে।" আজ বিথি শুধু একজন বেঁচে ফেরা কিশোরী নয়; সে শিক্ষা, আত্মবিশ্বাস এবং পরিবর্তনের প্রতীক।



# Bithi: A Bold Voice in the Fight for Girls' Education

**"I will not let anyone else make decisions for my life." –Bithi**



Bithi, a young woman from Gangarampur village, Durbhapur Union, Shibganj, Chapainawabganj, is the second of four siblings. Her father is a day laborer and her mother a homemaker. At age 16, while in grade ten, economic hardship and social pressure led to her marriage through religious rites on May 25, 2023, without any legal documentation.

After marriage, due to her husband's mental health issues, Bithi faced physical and psychological abuse in her in-laws' home. When the situation became unbearable, her parents brought her back to their home. With no legal documentation, she could not access legal support. Within five months, the marriage ended, leaving her life at a standstill.

During this critical period, a Peer Leader from the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Gana Unnayan Kendra visited her home. Through ongoing counseling and family discussions, Bithi was encouraged to resume her education. She expressed her determination to continue her studies and on March 31, 2024 the Program provided her with necessary school supplies.

With renewed confidence, Bithi continued her studies and successfully passed the Secondary School Certificate examination. She is now a second-year student at Shibganj Women's Degree College and recently participated in a three-day life skills training in Rajshahi, strengthening her confidence and decision-making skills.

Today, she actively engages in child marriage prevention campaigns, adolescent gatherings, and school-based awareness activities, reaching nearly 500 people. She has assisted in identifying three at-risk girls and encouraged 30 girls to participate in various training programs. In her own words, "To eliminate child marriage, we all must work together." Bithi is now not just a survivor but a symbol of education, confidence and social change.

# বঞ্চনার ছায়া পেরিয়ে আলোকিত ভবিষ্যতের পথে

লাকি আক্তার থেমে থাকেননি। নিজের ও সন্তানের খরচ চালাতে প্রাইভেট পড়িয়ে অর্থ সঞ্চয় করে তিনি একটি সেলাই মেশিন কেনেন। সেলাই শুরু করেন এবং ধীরে ধীরে আত্মনির্ভর হতে থাকেন। একদিন স্থানীয় একজন উন্নয়নকর্মীর সঙ্গে বৈঠকে তাকে সাহস দেওয়া হয়, যা পড়াশোনা পুনরায় শুরু করার প্রেরণা দেয়।

২০২৩ সালের ৫ জুলাই, FSTIP প্রকল্পের পিয়ার লিডারের মাধ্যমে লাকি প্রকল্পে অন্তর্ভুক্ত হন। শিক্ষা সহায়তার মাধ্যমে তাকে ফুলছড়ি ডিগ্রি কলেজে ভর্তি করা হয়। প্রকল্পের জীবনদক্ষতা প্রশিক্ষণ ও উদ্যোক্তা উন্নয়ন সেবা তার আত্মবিশ্বাস ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি করে।

লাকি আক্তার সাঘাটা উপজেলার ভরতখালী ইউনিয়নের বরমতাইড় গ্রামের তিন বোনের মধ্যে বড়। বাবা মোঃ নালু মিয়া ও মা শিউলি বেগমের কাছে অভাবের সংসারে তার শৈশব কেটেছে কঠিন বাস্তবতার মধ্যে। লেখাপড়া করে পরিবারের হাল ধরার স্বপ্ন ছিল তার।



কিন্তু এসএসসি পরীক্ষার পর অর্থনৈতিক সমস্যার কারণে তাকে অল্প বয়সে বিয়ের পিঁড়িতে বসতে হয়। বিয়ের পর স্বামী নেশাগ্রস্ত ও বেকার হিসেবে ধরা দেয় এবং লাকি শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হন। কলেজে ভর্তি হওয়ার চেষ্টা করলেও শ্বশুরবাড়ি বাধা দেয়। একপর্যায়ে গর্ভবতী অবস্থায় বাবার বাড়ি আশ্রয় নেন, কিন্তু স্বামী কোনো খোঁজ নেননি।

বর্তমানে লাকি শুধু শিক্ষার্থী নন, বরং সচেতন নাগরিক ও সমাজকর্মী। তিনি উঠান বৈঠক, কিশোর-কিশোরী ক্লাব মিটিং, কমিউনিটি সভা ও সচেতনতা ক্যাম্পেইনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তার প্রচেষ্টায় এলাকায় বাল্যবিবাহের হার কমেছে, এছাড়া নিরাপদ অভিবাসন ও মানব পাচার প্রতিরোধেও সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

বর্তমানে লাকি নিজ বাড়িতে সেলাইয়ের কাজ করে উপার্জন করছেন এবং FSTIP প্রকল্পের সহযোগী সংস্থা এটক-এর অন্যান্য কার্যক্রমে যুক্ত থেকে সমাজে ইতিবাচক প্রভাব সৃষ্টি করছেন। পড়াশোনার পাশাপাশি আয়বর্ধক কার্যক্রমের মাধ্যমে জীবনযাত্রার ব্যয় নির্বাহে সহায়তা করার লক্ষ্যে FSTIP প্রকল্পের পক্ষ থেকে লাকিকে একটি ইলেকট্রিক সেলাই মেশিন প্রদান করা হয়। এর ফলে সে পূর্বের ম্যানুয়াল সেলাই মেশিনের তুলনায় আরও সহজে ও দক্ষতার সঙ্গে বেশি উৎপাদন করতে পারছে, যা বর্তমানে তার উপার্জনের একটি প্রধান মাধ্যম হিসেবে কাজ করছে। আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে তিনি প্রমাণ করেছেন যে, সাহস, শিক্ষা ও সহায়তা থাকলে যে কোনো প্রতিকূলতা জয় করা সম্ভব।



## From Hardship to Hope

# A Journey Toward a Brighter Future

Lucky Akter refused to let hardship define her future. Determined to support herself and her child, she began giving private tuition lessons and gradually saved enough money to purchase a sewing machine. She started sewing work and slowly began moving toward financial independence. During a meeting with a local development worker, Lucky received encouragement that inspired her to resume her education. On 5 July 2023, she enrolled in the Fight Slavery and Trafficking-in-Persons Program through a peer leader. With educational support from the project, Lucky was admitted to Fulchhari Degree College. The project's life skills training and entrepreneurship development support helped strengthen her confidence and decision-making abilities.

Lucky Akter is the eldest of three sisters from Barmatari Village under Bharotkhali Union of Saghatta Upazila. Her father, Md. Nalu Mia, and mother, Shiuli Begum, struggled to support the family financially. Growing up in a poor household, Lucky dreamed of continuing her education and supporting her family.



However, after completing her Secondary School Certificate examination, financial hardship forced her into early marriage. After the marriage, she discovered that her husband was unemployed and addicted to drugs. She soon became a victim of both physical and psychological abuse. Although she attempted to enroll in college, her in-laws opposed the idea. Eventually, while pregnant, she returned to her parents' home, as her husband had abandoned his responsibilities. Today, Lucky is not only a student but also an active community advocate. She participates in courtyard meetings, adolescent club sessions, community gatherings and awareness campaigns. Through her efforts, awareness regarding child marriage prevention, safe migration and anti-trafficking measures has increased within her community.

Currently, Lucky earns an income from sewing work at her home and remains involved in community development initiatives through other activities of Program sub-grantee Gana Unnayan Kendra. To support Lucky in meeting her living expenses while continuing her education through income generating activities, the Fight Slavery and Trafficking-in-Persons Program provided her with an electric sewing machine. As a result, she is now able to produce goods more easily and efficiently compared to when she used her manual sewing machine, which has improved her ability to use sewing as a source of income. By becoming financially independent, she has demonstrated that with courage, education, and support, even the most challenging circumstances can be overcome.

# শৃঙ্খল ভেঙে লিজা আক্তারের আলোকিত জীবন

"শিক্ষা ও আত্মবিশ্বাস থাকলে কোনো শৃঙ্খলই নারীকে আটকে রাখতে পারে না" - এই বিশ্বাসকে সামনে রেখে লিজা এখন কাজ করছেন একটি বাল্যবিবাহমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে। FSTIP প্রকল্পের সহযোগী সংস্থা এটক-এর সহায়তায় এবং মান্দা থানা আদর্শ বালিকা স্কুল অ্যান্ড কলেজের সহযোগিতায় লিজা বর্তমানে এইচএসসি-র শিক্ষার্থী। শুধু পড়াশোনা নয়, রাজশাহীতে অনুষ্ঠিত লাইফ স্কিলস ও নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ লিজাকে পুরোপুরি বদলে দিয়েছে। এক সময়ের নির্যাতিতা কিশোরী আজ তার এলাকায় বাল্যবিবাহ বিরোধী এক বলিষ্ঠ কণ্ঠস্বর।



নওগাঁ জেলার মান্দা উপজেলার এক নিম্ন-মধ্যবিত্ত পরিবারের মেয়ে লিজা আক্তার। অভাবের সংসারে বড় হলেও তার স্বপ্ন ছিল আকাশছোঁয়া পড়াশোনা করে একদিন নিজের পায়ে দাঁড়ানো। কিন্তু ২০১৯ সালে, মাত্র ১৪ বছর বয়সে, সেই স্বপ্নে হঠাৎ মেঘ জমে। অষ্টম শ্রেণিতে পড়ার সময় বাবার সিদ্ধান্তে অনেকটা গোপনে তার বিয়ে হয়ে যায়। বিয়ের পর লিজার কিশোরী জীবন পরিণত হয় এক দুঃস্বপ্নে। ঢাকায় স্বামীর হাতে শুরু হয় অমানবিক শারীরিক ও মানসিক নির্যাতন। নেশাগ্রস্ত স্বামীর অত্যাচার সহ্য করতে না পেরে লিজা রুখে দাঁড়ান। নিজের আত্মসম্মান রক্ষায় তিনি বাবার বাড়িতে ফিরে আসেন এবং বিচ্ছেদ নিশ্চিত করে সাহসের সঙ্গে ঘোষণা দেন, নারকীয় সেই জীবনে তিনি আর ফিরবেন না। তার পরিবার দ্বিতীয়বার বিয়ে দেওয়ার পরিকল্পনা করছিল, কিন্তু লিজা তা করতে রাজি ছিলেন না।

ঐ সময়ে লিজার জীবনে আশার প্রদীপ হয়ে আসে গণ উন্নয়ন কেন্দ্রের (জিইউকে) এফএসটিআইপি (FSTIP) প্রকল্প। প্রকল্পের মাধ্যমে লিজাকে সুরক্ষা প্রদান করা হয়। একটি সেফ-শেল্টারে সাত দিনের কাউন্সেলিং ও মানসিক সমর্থন তার হারানো আত্মবিশ্বাস ফিরিয়ে দেয়। আজ লিজা আর ভুক্তভোগী নন; তিনি বিজয়ী। তার এই যাত্রা প্রমাণ করে, সঠিক সময়ে একটুখানি সহযোগিতা ও সুরক্ষা পেলে যেকোনো মেয়েই তার ট্রমাকে শক্তিতে রূপান্তর করে সমাজের পরিবর্তনের দূত হয়ে উঠতে পারে।



## Breaking the Chains
# Liza Akter's Journey Towards a Brighter Future

**Guided by the belief that, "no chain can hold a woman back when she has education and confidence,"** Liza is now actively working toward building a child marriage free society.

With the support of Fight Slavery and Trafficking-in-Persons Program sub-grantee Gana Unnayan Kendra and in collaboration with Manda Thana Adarsha Balika School & College, Liza is currently pursuing her Higher Secondary Certificate. Beyond academics, life skills and leadership training in Rajshahi have completely transformed her. Once a victim of abuse, she has now become a powerful voice against child marriage in her community.



Liza Akter, a girl from a lower middle-class family in Manda Upazila, Naogaon, always dreamed of standing on her own feet through education. But in 2019, at just 14 years old that dream was abruptly clouded. While in grade eight, her father secretly arranged her marriage. Her teenage life turned into a nightmare, as she faced severe physical and psychological abuse at the hands of her husband in Dhaka. Unable to endure the torment of a substance-abusing spouse, Liza took a courageous stand. She returned to her father's home, asserted her dignity, and firmly declared that she would never go back to that horrific life. Even when her family considered remarriage, Liza refused.

During this difficult time, hope entered Liza's life through the Fight Slavery and Trafficking-in- Persons Program partner organization Gana Unnayan Kendra. She received protection and support, including seven days of counseling and psychological assistance in a safe shelter, which restored her lost confidence.

Today, Liza is no longer a survivor, she is a victor. Her journey demonstrates that with timely support and protection, any young girl can transform trauma into strength and become a catalyst for change in her community.

# সহিংসতাকে রুখে মোর্শেদার ঘুরে দাঁড়ানোর গল্প

১০ জুলাই ২০২৪ তারিখে মোর্শেদাকে FSTIP প্রকল্পের আওতায় ভিকটিম হিসেবে তালিকাভুক্ত করা হয়। জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার তুলশীগঙ্গা ইউনিয়নের আটিগ্রাম গ্রামের মোছাঃ মোর্শেদা খাতুন ছিলেন এক সরল, অষ্টম শ্রেণির পড়ুয়া মেয়ে। তার বাবা একজন কৃষি শ্রমিক। মোর্শেদার স্বপ্ন ছিল পড়াশোনা শেষ করে দরিদ্র বাবার সংসারের হাল ধরা।

কিন্তু তার পরিবার তার ইচ্ছার বিরুদ্ধে মোঃ ফরিদ হোসেন (২৫) এর সাথে তাকে জোর করে বিয়ে দেয়। বিয়ের আগে বলা হয়েছিল, বিয়ের পরও সে পড়াশোনা চালিয়ে যাবে। কিন্তু শ্বশুরবাড়িতে গিয়ে মোর্শেদার স্বপ্ন ভেঙে পড়ে। ফরিদ হোসেন কাজ করতেন না, মাঝে মাঝে নেশা করতেন এবং মোর্শেদাকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করতেন। দিনের পর দিন এই নির্যাতন মোর্শেদার জীবনকে বিপন্ন করে তোলে। পরিস্থিতি সহ্য করতে না পেরে মোর্শেদা বাবার কাছে ফিরে যান। তার পরিবার তাকে উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করে এবং পরবর্তীতে বিয়ে বিচ্ছেদ হয়। শারীরিক ও মানসিকভাবে তিনি ভেঙে পড়েন।



তুলশীগঙ্গা ইউনিয়নের পিয়ার লিডার পারভীন আক্তার মোর্শেদার বিষয়টি আরডিআরএস বাংলাদেশ-এর প্রজেক্ট অফিসারের কাছে জানান। FSTIP প্রকল্পের আওতায় তাকে শারীরিক ও মানসিক পুনর্বাসনের জন্য কাউন্সেলিং, জীবন দক্ষতা প্রশিক্ষণ, শিক্ষা সহায়তা এবং বিদ্যালয় উপকরণ প্রদান করা হয়।

প্রকল্পের সহায়তায় মোর্শেদার চিন্তাধারায় ইতিবাচক পরিবর্তন আসে। সে নিয়মিত স্কুলে যাওয়া শুরু করে এবং সহপাঠীদের সচেতন করে যে কোনো কিশোরী যেন কম বয়সে বিয়ে না হয়। শিক্ষকেরাও মোর্শেদাকে বিদ্যালয়ে ফিরিয়ে আনার জন্য আরডিআরএস বাংলাদেশকে প্রশংসা করেন।
মোর্শেদা পড়াশোনা শেষ করার পর ভালো চাকরি করতে চায় এবং তার মত অসহায় ও সহিংসতার শিকার নারীদের পাশে দাঁড়িয়ে তাদের সহায়তা করার জন্য প্রস্তুতি নিচ্ছেন।

মোর্শেদার চাহিদা নিরূপণ এর ভিত্তিতে FSTIP প্রকল্প থেকে তাকে আয়বর্ধক সহায়তা হিসেবে দুটি ছাগল প্রদান করা হয়। পড়াশোনার পাশাপাশি সে এখন ছাগল পালন করছে, এবং এ থেকে আয় করে নিজের শিক্ষা ব্যয় চালিয়ে যাচ্ছে। এতে তার আত্মবিশ্বাসও আরও বেড়েছে।



# Standing Up Against Violence **Morsheda's Journey of Resilience**

On 10 July 2024, Mosammat Morsheda Khatun was enrolled as a victim under the Fight Slavery and Trafficking-in-Persons Program. Morsheda, who comes from Atigram village of Tulshiganga Union in Khetlal Upazila of Joypurhat district, was once a simple eighth-grade student with big dreams. Her father worked as an agricultural labourer and Morsheda hoped to complete her education and support her struggling family.

However, her life took a different turn when her family forced her to marry Md. Farid Hossain, age 25, against her will. Before the marriage, she had been assured that she would be able to continue her education. But once she moved to her in-laws' house, her dreams quickly faded. Her husband was unemployed, occasionally abused substances, and subjected her to repeated physical and emotional abuse. The ongoing violence made her life unbearable.



Unable to endure the situation any longer, Morsheda returned to her parents' home. Her family rescued her and arranged medical treatment, and eventually the marriage ended in divorce. The experience left her physically weak and emotionally distressed. Parveen Akter, a Peer Leader from Tulshiganga Union, reported Morsheda's case to the Program Officer of Program partner RDRS Bangladesh. Under the Fight Slavery and Trafficking-in-Persons Program, she received comprehensive support, including psychosocial counselling, life skills training, educational support and school materials to help her recover and continue her education.

With the Program's support, Morsheda gradually regained her confidence and developed a positive outlook on life. She resumed attending school regularly and now encourages her classmates to stand against child marriage and continue their education. Teachers also appreciated the role of RDRS Bangladesh in helping Morsheda return to school.

Morsheda now dreams of completing her studies, securing a decent job and standing beside women who face violence and injustice. Based on a needs assessment, the Fight Slavery and Trafficking-in-Persons Program also provided her with two goats as income-generating support. Alongside her studies, she now raises goats and uses the income to support her educational expenses. This opportunity has further strengthened her confidence and independence.

# নারীর ক্ষমতায়নের পথে মুক্তা রাণীর অগ্রযাত্রা

২০২৪ সালের সেপ্টেম্বর মাসে এফএসটিআইপি প্রকল্পের কমিউনিটি ভিত্তিক কেস শনাক্তকরণের সময় জিইউকে মুক্তাকে বাল্যবিবাহ ও নির্যাতনের শিকার ভুক্তভোগী হিসেবে চিহ্নিত করে। মাঠ পর্যায়ে মূল্যায়নে দেখা যায় যে, মুক্তা নানা ধরনের ঝুঁকির মধ্যে রয়েছে, যার মধ্যে রয়েছে আইনগত অনিরাপত্তা, শিক্ষার ব্যাঘাত, মানসিক চাপ এবং জীবিকা অর্জনের সুযোগের অভাব।

পরবর্তীতে এফএসটিআইপি প্রকল্পের কমিউনিটি আওতায় তাকে আইনি সহায়তা, শিক্ষা সহায়তায় শিক্ষা সামগ্রীর জন্য আর্থিক সহযোগিতা, রাজশাহীতে লাইফ স্কিলস প্রশিক্ষণ এবং জীবিকার জন্য ৫,১০০ টাকার সহায়তায় একটি সেলাই মেশিন প্রদান করা হয়। ফলশ্রুতিতে মুক্তা ২০২৫ সালে এসএসসি পরীক্ষা সম্পন্ন করেন এবং বর্তমানে কলেজে অধ্যয়নরত। এছাড়া তিনি সেলাই মেশিনে ঘরে বসে কাজ করে নিজের ও সন্তানের খরচ চালাতে সক্ষম হয়েছেন।



মুক্তা রাণী নওগাঁ জেলার মান্দা উপজেলার ২১ বছর বয়সী এক তরুণী। অষ্টম শ্রেণিতে পড়ার সময় পারিবারিক চাপ ও দারিদ্র্যের কারণে বাল্যবিবাহে বাধ্য হন। বিয়ের পর তিনি শারীরিক, মানসিক ও অর্থনৈতিক নির্যাতনের শিকার হন। অল্প বয়সেই মুক্তা মা হন। সন্তানের জন্মের পর নির্যাতনের মাত্রা অসহনীয় পর্যায়ে পৌঁছায়। তখন তিনি বাবার বাড়িতে ফিরে এসে আইনি সহায়তা নিয়ে স্বামীর বিরুদ্ধে মামলা দায়ের করেন। মামলাটি বর্তমানে চলমান।

মুক্তা রাণী এখন নিজেই কমিউনিটিতে বাল্যবিবাহ প্রতিরোধ, মেয়েদের শিক্ষা ও নারী অধিকার বিষয়ে সচেতনতা তৈরিতে কাজ করছেন। তার নেতৃত্ব ও সাহসিকতার জন্য তিনি ২০২৪ সালে একটি নারী সম্মাননা পুরস্কারও পান।

সমন্বিত আইনি সহায়তা, শিক্ষা ও জীবিকা সহায়তা একজন বাল্যবিবাহের শিকার নারীকে শুধু স্বনির্ভরই করেনি, বরং তাকে কমিউনিটির পরিবর্তনশীল নেতৃত্বে পরিণত করেছে। মুক্তা রাণী এফএসটিআইপি প্রকল্পের জিইউকে-র প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।



# Mukta Rani's Journey Towards Women's Resilience

In September 2024, during community-based case identification activities under the Fight Slavery and Trafficking-in-Persons Program, Mukta Rani was identified by Program partner Gana Unnayan Kendra as a survivor of child marriage and abuse. Field assessments revealed that Mukta faced multiple risks, including legal insecurity, disrupted education, psychological stress and lack of livelihood opportunities.

Under the Fight Slavery and Trafficking-in-Persons Program, she received comprehensive support: legal assistance, educational support including financial aid for learning materials, life skills training in Rajshahi, and a sewing machine worth BDT 5,100 (equivalent USD 42) to generate income. As a result, Mukta completed her Secondary School Certificate examination in 2025 and is currently pursuing college studies. She also works from home using the sewing machine, earning income to support herself and her child.



Mukta Rani, 21, lives in Manda Upazila, Naogaon. She was forced into child marriage while in grade eight due to family pressure and poverty. After marriage, she experienced physical, psychological, and economic abuse and became a mother at a young age. The abuse escalated after her child was born, prompting her to return to her father's house and file a legal case against her husband, which is currently ongoing.

Today, Mukta actively works in her community to prevent child marriage and raise awareness about girls' education and women's rights. For her courage and leadership, she was honored with a Women's Recognition Award in 2024.

Mukta's story demonstrates that integrated legal, educational, and livelihood support can not only make a survivor self-reliant but also transform her into a change leader within her community. Mukta Rani has expressed her deep gratitude to Gana Unnayan Kendra and the Fight Slavery and Trafficking-in-Persons Program for this life-changing support.

# সংগ্রাম থেকে স্বাবলম্বিতা রাফিয়ার ঘুরে দাঁড়ানোর গল্প

**“রাফিয়ার গল্প প্রমাণ করে সঠিক সহায়তা, মানসিক শক্তি এবং দক্ষতা উন্নয়নের সুযোগ থাকলে একজন নির্যাতিত কিশোরীও স্বাবলম্বী হয়ে সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।”**

রাফিয়া কক্সবাজার জেলার নাপিতখালী এলাকার একটি দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। মাত্র ১৭ বছর ৮ মাস বয়সে, ২০২০ সালের ১৫ জানুয়ারি, দারিদ্র্য ও সামাজিক চাপের কারণে তার বাবা–মা তাকে বিয়ে দেন। অল্প বয়সে বিয়ের পরও রাফিয়ার জীবন শান্ত হয়নি; শ্বশুরবাড়িতে স্বামী ও পরিবারের সদস্যদের কাছ থেকে তিনি শারীরিক, মানসিক এবং যৌতুকজনিত নির্যাতনের শিকার হন। অসহনীয় পরিস্থিতিতে তিনি বাবার বাড়িতে ফিরে আসেন। বিবাহিত মেয়ের বাবার বাড়িতে ফিরে আসা আমাদের সমাজে সহজ নয়, এতে পরিবারও নানা সামাজিক চাপের মুখে পড়ে।



এমন সংকটময় সময়ে রাফিয়া অনির্বাণের মাধ্যমে ইপসা পরিচালিত এফএসটিআইপি প্রকল্পের সঙ্গে পরিচিত হন। প্রকল্পের মাধ্যমে তাকে কেস ম্যানেজমেন্ট, মানসিক ও পারিবারিক কাউন্সেলিং এবং প্রয়োজন অনুযায়ী শেল্টার সহায়তা দেওয়া হয়। এফএসটিআইপি প্রকল্পের সহায়তায় রাফিয়া পুনরায় পড়াশোনা চালিয়ে যেতে সক্ষম হন।

পড়াশোনার পাশাপাশি উইনরক ইন্টারন্যাশনালের জীবনদক্ষতা প্রশিক্ষণ তার আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং নিজের অধিকার সম্পর্কে তাকে আরও সচেতন করে তোলে। ভবিষ্যতের জন্য দক্ষতা অর্জনের অংশ হিসেবে তিনি STAR প্রকল্পের আওতায় ৬ মাসব্যাপী আইএসটি ট্রেডে প্রশিক্ষণ নেন এবং সেলাই মেশিন পরিচালনার দক্ষতা অর্জন করেন।

রাফিয়া সংসারের দায়িত্ব, পড়াশোনা এবং প্রশিক্ষণ একসঙ্গে সামলান। টিউশনি করে তিনি পরিবারের আর্থিক সহায়তা দেন। বর্তমানে তিনি কক্সবাজার সরকারি কলেজে অনার্স দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত। ২০২৫ সালের ২১ ডিসেম্বর তিনি এনজিও “প্রত্যাশি”-এর একটি প্রকল্পে চাইল্ড এক্সিকিউটিভ হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি হোস্ট কমিউনিটির নারীদের হাতে তৈরি পণ্য প্রস্তুত ও বাজারজাতকরণে সহায়তা করছেন। এর ফলে নারীদের আয় ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে এবং রাফিয়া সমাজে একজন দায়িত্বশীল ও স্বাবলম্বী তরুণী হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছেন।



# From Struggle to Self-Reliance: **Rafiya's Story of Resilience**

**"Rafiya's story demonstrates that with the right support, opportunities for skill development, and strong personal determination, even a young survivor of abuse can rebuild her life and become a positive force in her community."**

Rafiya was born into a low-income family in Napitkhali, Cox's Bazar. On 15 January 2020, at just 17 years and 8 months old, her parents arranged her marriage due to financial hardship and social pressure. However, marriage did not bring stability to her life. At her in-laws' house, Rafiya experienced physical, emotional and dowry-related violence from her husband and other family members. Unable to tolerate the abuse, she eventually returned to her parents' home. In many communities, a married daughter returning to her parental home creates significant social pressure for the family. During this difficult time, Rafiya became connected to Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization YPSA through the ANIRBAN survivor network.



Through the Program, she received case management services, psychosocial counselling, family counselling and temporary shelter support when needed. The Program also enabled her to resume her education.

Life skills training provided by Winrock International helped rebuild her confidence and increased her awareness of her rights. To develop practical skills for the future, she also participated in a six-month vocational training under the STAR program, where she learned tailoring and sewing machine operation.

Balancing family responsibilities, education, and training was challenging, but Rafiya remained determined. She supported her family financially by giving private tuition while continuing her studies. Currently, she is studying in the second year of her Honours program at Cox's Bazar Government College. On December 21, 2025, she joined the NGO Protyashi as a Child Executive in one of its projects.

In her current role, she supports women from the community in producing and marketing handmade products. Through this work, she is helping other women improve their income and skills while establishing herself as a confident and empowered young leader in her community.

# বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মাধ্যমে ভবিষ্যৎ নির্মাণ

২০২৫ সালে বাণিজ্য বিভাগ থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নিয়ে রুমি খাতুন ৪.৬৩ জিপিএ অর্জন করেন। বর্তমানে তিনি উচ্চশিক্ষার স্বপ্ন দেখছেন এবং জাতীয় উন্নয়নে অবদান রাখার প্রত্যাশা রাখছেন।

রুমি খাতুন গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার চান্দিয়া গ্রামের একজন তরুণী। তার বাবা মোঃ রুহুল আমিন একজন ভ্যানচালক, যিনি পাঁচ সদস্যের পরিবারকে চালাতে কঠোর পরিশ্রম করতেন। রুমি চান্দিয়া উইমেন্স স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির একজন মেধাবী শিক্ষার্থী ছিলেন।

কিন্তু ১৬ বছর বয়সে পরিবারের আর্থিক সংকটের কারণে ১৩ জুলাই ২০২২ তারিখে রুমি একই গ্রামের জসিম মিয়ার সঙ্গে বিয়ে দেওয়া হয়। অল্প সময়ের মধ্যেই স্বামী ও শ্বশুরবাড়ি যৌতুক দাবি করতে শুরু করে। পারিবারিক সীমাবদ্ধতার কারণে রুমি বারবার বাবার বাড়িতে ফিরে আসেন এবং ১৩ জুলাই ২০২৩ তারিখে স্বামী তাকে তালাক দেন।



রুমি থেমে থাকেননি। তিনি পড়াশোনা পুনরায় শুরু করেন এবং ২০২৩ সালে চান্দিয়া উইমেন্স স্কুল অ্যান্ড কলেজ থেকে বিজ্ঞান বিভাগে এসএসসি পরীক্ষা দিয়ে ৪.৬৪ জিপিএ অর্জন করেন। এরপর একাদশ শ্রেণিতে ভর্তি হন।

১৬ মে ২০২৪ তারিখে এফএসটিআইপি কর্মসূচির মাধ্যমে রুমি একজন বাল্যবিবাহের শিকার সারভাইভার হিসেবে শনাক্ত হন। তাকে মনোবৈজ্ঞানিক পরামর্শ, পারিবারিক সহায়তা এবং সচেতনতা সেবা প্রদান করা হয়, যা তার আত্মবিশ্বাস ফিরিয়ে আনে। পরিবারও সচেতন হয়ে রুমির পাশে দাঁড়ায়। ১৯ মে ২০২৪ তারিখে তিনি শিক্ষা সহায়তা লাভ করেন এবং লাইফ স্কিলস ট্রেনিং সম্পন্ন করেন, যা তার নেতৃত্ব, যোগাযোগ এবং সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা বৃদ্ধি করে।

ব্যক্তিগত সাফল্যের বাইরে, রুমি এখন সম্প্রদায়ের পরিবর্তনের সক্রিয় কণ্ঠস্বর। তিনি বাল্যবিবাহ, নারীর প্রতি সহিংসতা, মানবপাচার এবং নিরাপদ অভিবাসন বিষয়ে সচেতনতা সৃষ্টিতে যুক্ত আছেন। তার উদাহরণ ও সাহস তরুণী মেয়েদের অনুপ্রাণিত করছে যে, শিক্ষা ও দৃঢ়সংকল্পের মাধ্যমে জীবনের যেকোনো চ্যালেঞ্জ জয় করা সম্ভব।

রুমি নিজেও স্বীকার করেন যে, এফএসটিআইপি কর্মসূচির সহায়তা তার সংগ্রামকে সাফল্যে রূপ দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।



# Preventing Child Marriage and Rebuilding a Future Through Education

In 2025, Rumi Khatun achieved a GPA of 4.63 in the Higher Secondary Certificate examination in the Commerce group. Today, she dreams of pursuing higher education and contributing to the development of her country.

Rumi Khatun is a young woman from Chandia Village in Fulchhari Upazila of Gaibandha District. Her father, Md. Ruhul Amin, is a van driver who works hard to support their family of five. Rumi was a bright student in class nine at Chandia Women's School and College.

However, at the age of 16, due to financial hardship, her family arranged her marriage to a man from the same village on July 13, 2022. Soon after the marriage, her husband and in-laws began demanding dowry. Unable to meet these demands, Rumi repeatedly returned to her parents' home. Eventually, on July 13, 2023, her husband divorced her.



Despite this painful experience, Rumi refused to give up on her dreams. She resumed her studies and appeared in the Secondary School Certificate (SSC) examination in 2023 from the Science group, achieving a GPA of 4.64. She then enrolled in class eleven to continue her education.

On May 16, 2024, Rumi was identified as a survivor of child marriage through the Fight Slavery and Trafficking-in-Persons Program. Through the project, she received psychosocial counselling, family support, and awareness services, which helped restore her confidence. Her family also became more supportive of her education.

On May 19, 2024, Rumi received educational support and completed life skills training, which strengthened her leadership, communication, and decision-making abilities. Beyond her personal success, Rumi has now become an active voice for change in her community. She participates in awareness activities on child marriage, violence against women, human trafficking, and safe migration. Her courage and determination are inspiring other young girls to believe that education and perseverance can help overcome even the most difficult challenges.

Rumi herself acknowledges that the support of the Fight Slavery and Trafficking-in-Persons Program played a crucial role in transforming her struggle into success.

## শাবানা বিশ্বাস

# দুর্দশা পেরিয়ে উচ্চশিক্ষার পথে

**“দৃঢ় সংকল্প, সচেতনতা ও কমিউনিটির সম্পৃক্ততায় দারিদ্র্য ও ক্ষতিকর সামাজিক রীতির চক্র ভাঙা সম্ভব”**
**–শাবানা বিশ্বাস**

যশোর জেলার ঝিকরগাছা উপজেলার শিমুলিয়া গ্রামের গৃহিণী শাবানা বিশ্বাস (৪৩) প্রতিদিনের জীবনে লড়াই করে চলেছেন স্বল্প আয়ে সংসার টিকিয়ে রাখতে। তাঁর স্বামী তপন বিশ্বাস ভাড়ায় চালিত অটোরিকশা চালিয়ে মাসে প্রায় ৯,০০০ টাকা উপার্জন করেন। আর্থিক সঙ্কট তাদের নিত্যসঙ্গী। তবুও এই সীমাবদ্ধতার মধ্যেও শাবানা একটি অটল সিদ্ধান্ত নিয়েছিলেন তার তিন মেয়ে উচ্চশিক্ষা লাভ করবে এবং কোনো অবস্থাতেই বাল্যবিবাহের শিকার হবে না।



জ্যেষ্ঠ মেয়ে রিয়া বিশ্বাস রাজনৈতিক বিজ্ঞান বিষয়ে অনার্স ও মাষ্টার্স সম্পন্ন করেছেন। দ্বিতীয় মেয়ে জিমিয়া বিশ্বাস হিসাববিজ্ঞান বিষয়ে অনার্সের তৃতীয় বর্ষে অধ্যয়নরত। সর্বকনিষ্ঠ শান্তিকা বিশ্বাস ব্যবস্থাপনা বিষয়ে অনার্সের প্রথম বর্ষে পড়ছে। যেখানে অনেক পরিবার আর্থিক চাপ ও সামাজিক রীতিনীতির কারণে অল্প বয়সে কন্যাদের বিয়ে দিতে বাধ্য হয়, সেখানে শাবানা শিক্ষা, মর্যাদা ও সমান সুযোগকে অগ্রাধিকার দিয়েছেন। রাইটস যশোর বাস্তবায়িত এফএসটিআইপি প্রকল্পের উঠান বৈঠকে অংশ নিয়ে তিনি বাল্যবিবাহের ক্ষতিকর প্রভাব, কিশোরীদের স্বাস্থ্যঝুঁকি, আইনগত বিধান এবং শিক্ষার দীর্ঘমেয়াদি সুফল সম্পর্কে সচেতন হন। তিনি বুঝতে পারেন, অল্পবয়সে বিয়ে দারিদ্র্য কমায় না, বরং ঝুঁকি বাড়ায়।

তার নেতৃত্ব ও অঙ্গীকারের স্বীকৃতিস্বরূপ ১১ নভেম্বর ২০২৫ সালে তাকে ‘চ্যাম্পিয়ন প্যারেন্ট’ হিসেবে সম্মাননা দেওয়া হয়। এরপর তিনি নিজেই দুইটি উঠান বৈঠকের আয়োজন করেন এবং অন্য অভিভাবকদের সচেতন করেন। তার প্রচেষ্টায় গ্রামে ধীরে ধীরে দৃষ্টিভঙ্গির পরিবর্তন আসছে, এখন আলোচনার কেন্দ্রবিন্দুতে অল্পবয়সে বিয়ে নয়, বরং মেয়েদের শিক্ষা ও তাদের সম্ভাব্য ভবিষ্যৎ। একজন সচেতন মা পুরো সমাজকে বদলে দিতে পারেন, তার জীবনের গল্প সেই অনুপ্রেরণাই বহন করে।



# Rising Above Hardship: Shabana Biswas’ Commitment to Her Daughters’ Education

**“Through determination, awareness, and community engagement, it is possible to break the cycle of poverty and harmful social practices.”**
**–Shabana Biswas**




Shabana Biswas (43), a homemaker from Shimulia village in Jhikargacha Upazila of Jessore district, is a woman who continues to fight every day to sustain her family despite limited income. Her husband, Tapan Biswas, drives a rented auto-rickshaw and earns around BDT 9,000 (equivalent to USD). 74 per month. Financial hardship has long been a constant challenge for the family. Yet, even within these constraints, Shabana made the firm and courageous decision that her three daughters would pursue higher education and none of them would ever become victims of child marriage. Her eldest daughter, Riya Biswas, has successfully completed her Honours and master’s degree in political science. Her second daughter, Jimiya Biswas, is currently studying in the third year of her Honours in Accounting, while her youngest daughter, Shantika Biswas, is in the first year of her Honours in Management. In many communities, financial pressure and social expectations often push families to marry off their daughters at an early age. However, Shabana chose a different path, prioritizing education, dignity, and equal opportunities for her daughters. Shabana became more aware of the harmful impacts of child marriage after participating in courtyard meetings (Uthan Boithok) organized under the Fight Slavery and Trafficking-in-Persons Program by partner organization Rights Jessore. Through these sessions, she learned about the negative consequences of child marriage, health risks faced by adolescent girls, relevant legal provisions, and the long-term benefits of education. She realized that early marriage does not reduce poverty; rather, it increases vulnerability and limits future opportunities.

In recognition of her strong commitment and leadership, Shabana Biswas was honored as a “Champion Parent” on November 11, 2025. Following this recognition, she took the initiative to organize two courtyard meetings herself, where she shared her experiences and encouraged other parents to prioritize their daughters’ education. As a result of her efforts, a gradual change in mindset is taking place within her village. Conversations that once focused on early marriage are now increasingly centered on girls’ education and their future potential. Shabana’s journey powerfully demonstrates that a conscious mother can transform an entire community, and her story continues to serve as a source of hope and motivation for many others.

# আত্মবিশ্বাসই শক্তি: সুমাইয়া খাতুন শিমলার গল্প

**"যে বছর আমার বিয়ে ভেঙে যায়, সেই বছরই এসএসসি পাশ করেছি"
–সুমাইয়া খাতুন**

সুমাইয়া খাতুন শিমলা (১৮), রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার সিঙ্গা গ্রামের বাসিন্দা। তার পিতা একজন খুচরা মাছ বিক্রেতা এবং পরিবারের সদস্য সংখ্যা চার। হঠাৎ পিতার অসুস্থতার কারণে পরিবারের খরচ চালানো অসম্ভব হয়ে পড়ে। এই সময় তার মা সিদ্ধান্ত নেন যে সুমাইয়াকে বিয়ে দেওয়া হবে। সুমাইয়া তখন অষ্টম শ্রেণিতে পড়ছিলেন, আর বর তখন ২৭ বছর বয়সী। সুমাইয়ার মতামত ছিল না। সুমাইয়া দুই বছর তার স্বামীর বাড়িতে ছিলেন। এই সময় তিনি পড়াশোনা চালিয়ে যাচ্ছিলেন। স্বামী জুয়ায় টাকা হারানোর কারণে ঋণ বাড়তে থাকে। অবশেষে সুমাইয়া এবং তার পরিবার তালাক দেওয়ার সিদ্ধান্ত নেন। সেই বছরই তিনি এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন।



পিতার বাড়িতে ফিরে আসার পর অনির্বাণ সদস্যদের মাধ্যমে তাকে সচেতন সোসাইটি FSTIP অফিসে রেফার করা হয়। তাকে ধারাবাহিকভাবে কাউন্সেলিং প্রদান করা হয়। সুমাইয়া পড়াশোনা চালিয়ে যেতে চেয়েছিলেন, তাই তিনি কলেজে (এইচএসসি) ভর্তি হন। এ সময় তিনি সচেতন FSTIP স্টাফদের সঙ্গে যোগাযোগ করেন। স্টাফরা বিদ্যালয়ের শিক্ষকের সঙ্গে সমন্বয় করে বই ও নোটস (এইচএসসি ১ম ও ২য় বর্ষের) যা প্রায় ২০,০০০ টাকা মূল্যের, প্রদান নিশ্চিত করেন। ৮ জুন ২০২৪ সালে রাজশাহীতে Winrock International-এর আয়োজিত জীবন দক্ষতা প্রশিক্ষণ গ্রহণের পর সুমাইয়া আরও আত্মবিশ্বাসী হয়ে পড়েন। তিনি HSC পরীক্ষা পাশ করেন এবং আর্টস বিভাগে ৩.৭৫ গ্রেড পান। উচ্চশিক্ষা গ্রহণের স্বপ্ন পূরণের জন্য তিনি বিশ্ববিদ্যালয় ও কলেজে ভর্তি হতে চান।

পরে সুমাইয়া আবার FSTIP-এর মাধ্যমে বই ও শিক্ষাসামগ্রী সহায়তা পান। HSC উত্তীর্ণের পর তিনি রাজশাহী মহিলা কলেজ, ন্যাশনাল ইউনিভার্সিটির অধীনে হিস্ট্রি অনার্সে ভর্তি হন। এরপর Block Butik-এর মহিলা TTC ভোকেশনাল ট্রেনিং সম্পন্ন করেন। পড়াশোনার পাশাপাশি আয়বর্ধক কার্যক্রমে সম্পৃক্ত হয়ে জীবনযাত্রার ব্যয় নির্বাহের লক্ষ্যে FSTIP প্রকল্পের পক্ষ থেকে সুমাইয়াকে একটি ইলেকট্রিক সেলাই মেশিন প্রদান করা হয়, যা বর্তমানে তার উপার্জনের একটি মাধ্যম হিসেবে কাজ করছে।

সুমাইয়া ভবিষ্যতে একজন র্যা ঙ্কড অফিসার হিসেবে কাজ করতে চান এবং বাল্যবিবাহ প্রতিরোধে সক্রিয় ভূমিকা রাখতে ইচ্ছুক।



# Confidence is Strength: The Story of Sumaiya Khatun Shimla

**"The same year my marriage ended, I also passed my Secondary School Certificate (SSC) exams."
–Sumaiya Khatun**



Sumaiya Khatun Shimla (18) is a young woman from Singa village, Durgapur Upazila, Rajshahi district. Her father works as a small-scale fish seller, supporting a family of four. When her father suddenly fell ill, the family struggled to cover their basic needs. At this time, her mother decided to marry her off. Sumaiya was in eighth grade, while her husband was 27 years old, leaving her with no voice in the decision.

Sumaiya spent two years at her husband's home, continuing her studies despite the challenges. However, due to her husband's gambling and growing debts, her family eventually decided to end the marriage. Remarkably, that same year, Sumaiya successfully passed her Secondary School Certificate (SSC) exams. Upon returning to her parental home, she was referred to the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Sachetan Society through ANIRBAN members. She received ongoing counseling support and expressed her strong desire to continue her education. With their help, she enrolled in college for her Higher Secondary Certificate. Fight Slavery and Trafficking-in- Persons staff coordinated with her teachers to provide books and notes for Higher Secondary Certificate first and second year, valued at approximately BDT 20,000 (equivalent to USD 164).

On June 8, 2024, she participated in a life skills training organized by Winrock International in Rajshahi, which further strengthened her confidence. Sumaiya went on to pass her Higher Secondary Certificate exams with a 3.75 GPA in the Arts stream, opening the door to higher education. With continued support from Fight Slavery and Trafficking-in-Persons, she received additional books and learning materials. After Higher Secondary Certificate, she enrolled in History Honours at Rajshahi Women's College under the National University and later completed vocational training at Block Butik's Women Technical Training Center program. To support her in meeting her living expenses while continuing her education through income generating activities, the Fight Slavery and Trafficking-in-Persons Program provided Sumaiya with an electric sewing machine, which now serves as a source of her livelihood. Today, Sumaiya dreams of becoming a ranked government officer and is determined to actively prevent child marriage in her community.

# মো. আল আমিন একটি স্বপ্নভঙ্গ থেকে অনুপ্রেরণার গল্প

ব্যক্তিগত দুঃখ-কষ্টের অভিজ্ঞতাকে শক্তিতে রূপান্তর করে এখন মানবপাচার প্রতিরোধ ও সচেতনতা তৈরিতে একজন অনুপ্রেরণাদায়ী মানবাধিকার কর্মী হিসেবে কাজ করছেন মো. আল আমিন। সিলেট জেলার মোগলাবাজার এলাকার ৩০ বছর বয়সী মো. আল আমিন উন্নত জীবনের আশায় ২০১৯ সালের ১৯ অক্টোবর সৌদি আরবে পাড়ি জমান। একজন দালাল তাকে উচ্চ বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে প্রায় ৫ লাখ টাকা নেয়। কিন্তু সৌদি আরবে পৌঁছানোর পর তার স্বপ্ন ভেঙে দুঃস্বপ্নে পরিণত হয়। বিমানবন্দরে তাকে গ্রহণ করার জন্য কেউ উপস্থিত ছিল না। অসহায় অবস্থায় তিনি কান্নায় ভেঙে পড়েন। পরবর্তীতে এক বাংলাদেশি স্থানীয় ব্যক্তির সহায়তায় তার অস্থায়ী থাকার ব্যবস্থা হয়।

প্রায় আট মাস কোনো কাজ ছাড়াই থাকার কারণে তার বৈধ নথির মেয়াদ শেষ হয়ে যায় এবং তিনি অবৈধ অভিবাসীতে পরিণত হন। সেই সময় দালালের সঙ্গে সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।




অবৈধ অবস্থার কারণে সৌদি পুলিশের হাতে গ্রেপ্তার হয়ে তাকে প্রায় ২০ দিন কারাভোগ করতে হয় এবং সেখানে তিনি বিভিন্ন ধরনের নির্যাতনের শিকার হন। অবশেষে ২০২১ সালের ১৬ নভেম্বর তিনি শারীরিক ও মানসিকভাবে ভেঙে পড়া অবস্থায় দেশে ফিরে আসেন। দেশে ফিরে ইউনিয়ন পরিষদের মাধ্যমে বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার সহায়তায় তিনি FSTIP প্রকল্পের সঙ্গে যুক্ত হন। কাউন্সেলিং ও লাইফ স্কিল প্রশিক্ষণের মাধ্যমে ধীরে ধীরে তিনি আত্মবিশ্বাস ফিরে পান এবং অনির্বানের সদস্য হিসেবে যুক্ত হন। পরবর্তীতে প্রতারক দালালের বিরুদ্ধে মামলা করে ৮০ হাজার টাকা উদ্ধার করতে সক্ষম হন, যা তার পুনর্বাসনে সহায়ক হয়। তিনি প্রকল্পের মাধ্যমে জীবন জীবিকা সহায়তা পেয়েছেন এবং নিজে একটি খামার প্রতিষ্ঠা করেছেন।

বর্তমানে তিনি FSTIP প্রকল্পের স্বেচ্ছাসেবক অনির্বাণ এর সিলেট জেলার সভাপতি এবং অনির্বাণ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য। ইউনিয়ন CTC ও CMPC-এর সঙ্গে সমন্বয় করে নিয়মিত সভায় অংশগ্রহণ এবং সামাজিক ও পারিবারিক কাউন্সেলিং কার্যক্রম পরিচালনা করছেন। তার কাজের প্রধান ক্ষেত্র মানব পাচার প্রতিরোধ, নিরাপদ অভিবাসন সচেতনতা এবং বাল্যবিবাহ প্রতিরোধ। বর্তমানে আল আমিন মানবপাচার ও ঝুঁকিপূর্ণ অভিবাসন সম্পর্কে মানুষকে সচেতন করতে সক্রিয়ভাবে কাজ করছেন। উঠান বৈঠক, কমিউনিটি মিটিং, স্কুল সেশন এবং দরজায় দরজায় প্রচারণার মাধ্যমে তিনি শতাধিক মানুষকে সচেতন করেছেন এবং মানবপাচারের ঝুঁকিতে থাকা অনেক ব্যক্তিকে সনাক্ত করে সহায়তার আওতায় এনেছেন। তার উদ্যোগ ভবিষ্যতে আরও অনেক মানুষের জীবন রক্ষায় সহায়ক হবে।



# Md. Al Amin Turning a Broken Dream into a Story of Inspiration

Md. Al Amin has transformed his personal hardships into strength and now works as an inspiring human rights activist, raising awareness and preventing human trafficking. A 30-year-old from Moglabazar, Sylhet district, Al Amin set off for Saudi Arabia on October 19, 2019, hoping for a better life. A recruiter promised him a high-paying job and collected nearly BDT 500,000 (equivalent to USD 4,098). However, upon arrival, his dream quickly turned into a nightmare. No one was there to receive him at the airport, leaving him helpless and in tears. Later, with the help of a local Bangladeshi, temporary accommodation was arranged for him.

After about 8 months without work, his legal documents expired and he became an undocumented migrant. During this period, all contact with the recruiter was lost. Due to his irregular status, he was arrested by the Saudi authorities and spent nearly 20 days in detention, where he endured various forms of abuse. Finally, on November 16, 2021, he returned to Bangladesh, physically and mentally exhausted.



Back home, through support from the Union Parishad and the Bangladesh Society for the Enforcement of Human Rights, he joined the Fight Slavery and Trafficking-in-Persons Program. Through counseling and life skills training, he gradually regained confidence and became an active member of ANIRBAN. Later, he filed a case against the fraudulent recruiter and successfully recovered BDT 80,000 (equivalent to USD 156), which helped support his rehabilitation. He received livelihood support from Fight Slavery and Trafficking-in-Persons Program and established a poultry farm in his house. Currently, Al Amin serves as a volunteer of ANIRBAN under the Fight Slavery and Trafficking-in-Persons Program and is an executive member of the ANIRBAN Central Committee. Coordinating with the Union Counter Trafficking and Child Marriage Prevention Committee, he participates in regular meetings and conducts social and family counseling activities. His focus areas include human trafficking prevention, safe migration awareness, and child marriage prevention.

Today, Al Amin works actively to raise awareness about human trafficking and risky migration. Through courtyard meetings, community sessions, school programs, and door-to-door campaigns, he has educated hundreds of people and identified many individuals at risk of trafficking, connecting them with the support they need. His initiatives continue to save lives and inspire hope for many in the future.

# গোলাম রাব্বির সাফল্যের গল্প

"FSTIP-এর সহায়তায় মানবপাচার ও শোষণের বিপর্যয় কাটিয়ে অর্থনৈতিক স্বাবলম্বী হয়ে শুধু জীবিকা চালাচ্ছি না, বরং পরিবারকে স্থিতিশীলতা ও নিজেকে শিক্ষার সুযোগ দিতে পারছি।" –গোলাম রাব্বি

বরিশাল জেলার গৌরনদী উপজেলার বাটাজোর গ্রামের বাসিন্দা গোলাম রাব্বি। ছাত্রজীবনে তিনি তার বাবার মুদি দোকানে কাজ করতেন। পরিবারের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে বাবার জন্য সংসারের খরচ চালানো কঠিন হয়ে পড়ে। এসএসসি পাশ করার পর তার বাবা গুরুতর অসুস্থ হয়ে যান। চিকিৎসার খরচ সামলানোর জন্য রাব্বি আত্মীয়দের কাছ থেকে ঋণ নেন। পরবর্তীতে পরিবারকে সাহায্য করার জন্য তিনি বিদেশে যাওয়ার সিদ্ধান্ত নেন। আত্মীয়দের সহযোগিতায় ৩,০০,০০০ টাকা নিয়ে তিনি দুবাই যান।



বিমানবন্দর থেকে একটি ব্রোকারের প্রতিনিধি তাকে নিয়ে যায় এবং সমস্ত কাগজপত্র নিয়ে রেখে দেন। ১০ দিনের মধ্যে কাজের বিষয়ে জানতে চাইলে ব্রোকার আরও পরে দেওয়ার কথা বলে। পরে কাজের বিষয়ে পুনরায় প্রশ্ন করলে তাকে শারীরিক ও মানসিক নির্যাতন করা হয় এবং হত্যার হুমকি দেওয়া হয়। ২০ দিনের পর তাকে নির্মাণ কাজের কাজে বসানো হয়। ১৪ ঘণ্টা দৈনিক কাজ করানো হলেও অতিরিক্ত বেতন দেওয়া হয়নি। অবস্থা সহ্য করতে না পেরে তিনি কাজের স্থান ছেড়ে দেন, পথে পুলিশ তাকে আটক করে এবং জোরপূর্বক দেশে ফেরত পাঠানো হয়।

দেশে ফেরার পর তিনি ঢাকার আহসানিয়া মিশনের FSTIP প্রোগ্রামে অন্তর্ভুক্ত হন। তাকে প্রথমে ৩ দিনের লাইফ স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং দেওয়া হয়, যা তার মানসিক অবস্থার উন্নতি ঘটায়। এরপর ২ দিনের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রাথমিকভাবে নিজের সঞ্চিত অর্থ দিয়ে তিনি বাটাজোর মাছ বাজারের কাছে চা, বিস্কুট, সিগারেট এবং অন্যান্য পণ্য বিক্রি শুরু করেন। ২০২৪ সালে, ঢাকা আহসানিয়া মিশন FSTIP প্রোগ্রামের সহায়তায় তিনি ২৫,০০০ টাকা মূল্যের মুদি দোকানের পণ্য পান। এই সহায়তার পর আয় বাড়তে থাকে। দৈনিক বিক্রয় ২-৩ হাজার টাকা, এবং দোকানের আয়ের মাধ্যমে তিনি পরিবার চালাচ্ছেন এবং ছেলেমেয়ের শিক্ষার খরচ বহন করছেন।



# Golam Rabbi's Journey to Economic Resilience

**"With the support of the Fight Slavery and Trafficking-in-Persons Program, I have overcome the trauma of human trafficking and exploitation. Now, I am not only earning a living but also providing stability for my family and opportunities for my own education." –Golam Rabbi**

Golam Rabbi, a resident of Batajor village, Gournadi Upazila, Barishal District, worked in his father's grocery store during his student years. As the family grew, supporting household expenses became increasingly difficult. After Rabbi completed his Secondary School Certificate, his father fell seriously ill, and Rabbi borrowed money from relatives to cover medical expenses. To further support his family, he decided to work abroad and traveled to Dubai with BDT 300,000 (equivalent to USD 2,459) assisted by relatives.



Upon arrival at the airport, a broker's representative took him and confiscated all his documents. Initially, the broker promised to provide job details later. When Rabbi inquired again, he faced physical and psychological abuse and death threats. After 20 days, he was assigned construction work and forced to work 14 hours a day without additional pay. Unable to endure the conditions, he left the workplace but was intercepted by authorities and forcibly returned to Bangladesh.

Back home, Rabbi enrolled in the Fight Slavery and Trafficking-in-Persons Program at Ahsania Mission, Dhaka. There he first received a 3-day Life Skills Development training, which significantly improved his mental well-being, followed by a 2-day Entrepreneurship Development training.

Using his personal savings, he began selling tea, biscuits, cigarettes and other small goods near Batajor Fish Market. In 2024, with support from the Fight Slavery and Trafficking-in-Persons Program, he received goods worth BDT 25,000 (equivalent to USD 205) for his grocery business. His income steadily increased, with daily sales of BDT 2,000–3,000 (equivalent to USD 16-26). Today, Golam Rabbi supports his family through the business and can afford the education of his children, achieving economic independence and stability after surviving human trafficking.

# বাল্যবিবাহ ও মানবপাচারের শিকার নারীর স্বাবলম্বী জীবন গড়ার গল্প

একজন সারভাইভারের রেফার করার মাধ্যমে মোছাঃ মলেকা খাতুনকে Sachetan Society-এর FSTIP প্রকল্পে শনাক্ত করা হয়। তাকে কাউন্সেলিং সেবা, লাইফ স্কিল এবং উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদান করা হয়। চাহিদা নির্ণয়ের সময় মলেকা নিজের গ্রোসারি দোকান আরও কার্যকরভাবে চালানোর আগ্রহ প্রকাশ করেন। Winrock International-এর অর্থনৈতিক সহায়তায় FSTIP প্রকল্পের মাধ্যমে তাকে গ্রোসারি দোকানের জন্য প্রয়োজনীয় সামগ্রী প্রদান করা হয়। বর্তমানে তার দোকান সফলভাবে পরিচালিত হচ্ছে এবং প্রতি মাসে প্রায় ১০,০০০ টাকা আয় করছেন।



মোছাঃ মলেকা খাতুন (৪৬) নওগাঁ জেলার মান্দা উপজেলার শাহাপুর কুরিয়া গ্রামে বসবাস করেন। তিনি স্থানীয় স্কুলে মাত্র ২ ক্লাস পর্যন্ত পড়াশোনা করেছেন। দারিদ্র্যের কারণে তার শিক্ষাজীবন থেমে যায়। তার স্বামী মোঃ আনিসুর রহমান একজন কৃষক। পাঁচ সদস্যের পরিবারের সীমিত আয়ের কারণে সংসার চালানো কঠিন ছিল এবং ভবিষ্যতের আর্থিক নিরাপত্তা ছিল না। ভবিষ্যতের নিরাপত্তার চিন্তায় মলেকা সৌদি আরবে কাজ করার সিদ্ধান্ত নেন। ঢাকার একজন স্থানীয় দালালের মাধ্যমে তাকে ক্লিনার হিসেবে পাঠানোর প্রলোভন দেখানো হয়, মাসিক বেতন ৩৬,০০০ টাকা এবং খাবার ও বাসস্থানের সুবিধা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। দালাল ১,৪০,০০০ টাকা দাবি করেন, যা তিনি বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়ে জোগাড় করেন। প্রায় তিন মাস পর তিনি বিদেশে পাঠানো হন। সেখানে প্রতিদিন ২০-২২ ঘণ্টা কাজ করতে হতো এবং বাকি সময়ে একটি শিশুর দেখাশোনা করতে হতো। আবাসন অস্বাস্থ্যকর ছিল, কখনও খাবার দেওয়া হতো, কখনও দেওয়া হতো না। বেতনও নিয়মিত প্রদান করা হয়নি। পরবর্তীতে পরিবারের সহায়তায় তিনি বাংলাদেশে ফিরে আসেন।

বর্তমানে মলেকা খাতুন কমিউনিটিতে সক্রিয় সদস্য হিসেবে কাজ করছেন। তিনি গ্রাহকদের নিরাপদ অভিবাসন ও মানবপাচার বিষয়ে সচেতনতা প্রদান করছেন। এছাড়াও কমিউনিটিতে শিশু বিবাহ, নিরাপদ অভিবাসন এবং মানবপাচার বিষয়ে সভা ও সচেতনতা কার্যক্রম পরিচালনা করছেন এবং প্রয়োজনে ভুক্তভোগীদের Sachetan Society-এ রেফার করেন।



# Supporting a Woman Survivor of Child Marriage and Human Trafficking

Ms. Maleka Khatun was identified for participation Fight Slavery and Trafficking-in-Persons Program via partner organization Sachetan Society through a referral by another survivor. With the Program, she received counseling services, life skills training, and entrepreneurship support. During the needs assessment, Moleka expressed her interest in managing her grocery shop more effectively. With financial support from Winrock International, she received the necessary supplies for her shop. Today, her business is running successfully, generating an income of approximately BDT 10,000 (equivalent to USD 82) per month.




Moleka Khatun (46) lives in Shahapur Kuria village, Manda Upazila, Naogaon. She studied only up to class 2 due to poverty. Her husband, Md. Anisur Rahman, is a farmer. Supporting their five-member family with limited income was challenging, and financial security for the future was uncertain. Hoping for a better life, Moleka decided to work in Saudi Arabia. Through a local agent in Dhaka, she was promised a cleaner's job with a monthly salary of BDT 36,000 ( equivalent to USD 295), including food and accommodation. The agent demanded BDT 140,000 (equivalent to USD 1,148), which she borrowed from different NGOs. After almost three months, she was sent abroad, where she had to work 20-22 hours daily and care for a child in addition to her job. The living conditions were poor, and her salary was irregular. Eventually, she returned to Bangladesh with family support.

Currently, Moleka is an active member of her community. She raises awareness about safe migration and human trafficking, conducts sessions on child marriage, safe migration, and trafficking risks, and refers survivors to Sachetan Society when needed.

# রানা সরদারের প্রত্যাবর্তন

দুর্দশা ও হতাশার মাঝেও আত্মনির্ভরতা, পরিশ্রম ও সহায়তার মাধ্যমে জীবন পুনর্গঠন সম্ভব। রানা সরদার কেবল নিজের জীবনই বদলাননি, বরং কমিউনিটিতে অন্যদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে উঠেছেন।

স্বপ্নভরা চোখে রানা সরদার বিদেশে গিয়েছিলেন। তিনি চেয়েছিলেন তার সন্তানদের লেখাপড়া শেখাতে, সুখী ও সমৃদ্ধ পরিবার গড়ে তুলতে। তার মনে ছিল অসংখ্য পরিকল্পনা ও আশা। কিন্তু দালালের প্রতারণায় তার স্বপ্ন ভেঙে যায়। ঋণের বোঝা তাকে দমিয়ে দেয়, এবং চরম হতাশায় চারপাশকে অন্ধকার মনে করতে থাকেন। নিজের ওপরও বিশ্বাস রাখতে পারেননি।



এই সময় ঢাকা আহসানিয়া মিশনের FSTIP কর্মী তার সঙ্গে পরিচিত হন। রানা সরদার তার বিদেশ যাত্রার কষ্ট ও বর্তমান পরিস্থিতি খুলে বলেন। তাকে FSTIP প্রকল্পের অধীনে সারভাইভার হিসেবে অন্তর্ভুক্ত করা হয় এবং পরামর্শক সেবা প্রদান করা হয়। এছাড়াও জীবন দক্ষতা (Life Skills) উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হয়, যা তার আত্মবিশ্বাস ফিরিয়ে আনে। রানা সরদারের আগ্রহ ও দক্ষতা অনুযায়ী তাকে ক্ষুদ্র উদ্যোক্তা (Small Entrepreneurship) প্রশিক্ষণও প্রদান করা হয়। পরে FSTIP প্রকল্পের মাধ্যমে ৩০,০০০ টাকা জীবিকার সহায়তা হিসেবে দেওয়া হয়। এই অর্থে তিনি একটি মুদি দোকান খোলেন। তার পরিশ্রম, আন্তরিকতা এবং দক্ষ ব্যবস্থাপনার কারণে ব্যবসা সফল হয়। বর্তমানে তিনি মাসে ২৫–৩০ হাজার টাকা আয় করেন এবং পরিবারের দৈনন্দিন খরচ, ঋণ পরিশোধ ও সন্তানদের শিক্ষার খরচ মেটান।

নিজের পুনর্গঠন ছাড়াও রানা সরদার মাদারীপুর ANIRBAN-এর সক্রিয় সদস্য। বর্তমানে তিনি প্রবাসী ও দেশে ফেরত আসা মানুষদের সচেতন করেন, যাতে তারা প্রতারণার শিকার না হন। গ্রাম, স্কুল ও মাদ্রাসায় সচেতনতা কর্মশালা এবং উঠান বৈঠক পরিচালনা করে মানুষের মধ্যে সতর্কতা ও সচেতনতা বৃদ্ধি করছেন।



# The Return of Rana Sardar

Even in the midst of hardship and despair, it is possible to rebuild a life through resilience, hard work and the right support. Rana Sardar's journey is not only a story of personal recovery but also one of inspiration for his community.

With dreams in his eyes, Rana Sardar once left home to work abroad. His hope was simple yet powerful: to provide a better future for his children, ensure their education, and build a happy and stable family. Like many others, he carried countless plans and aspirations with him. Unfortunately, those dreams were shattered when he became a victim of fraud by a broker. The burden of debt soon overwhelmed him, and the future began to look uncertain and dark. During that difficult time, Rana even began to lose faith in himself.

At this critical moment, a staff member from the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Dhaka Ahsania Mission came into contact with him. Rana shared his painful migration experience and the challenges he was facing after returning home.



After assessment, he was enrolled in the Fight Slavery and Trafficking-in-Persons Program as a survivor, where he received counseling support. He also participated in life skills training, which gradually helped him regain his confidence and sense of direction.

Considering his interests and potential, Rana was later provided with small entrepreneurship training under the project. To help him restart his livelihood, he received BDT 30,000 (equivalent to USD 246) as livelihood support from the Fight Slavery and Trafficking-in-Persons Program. Using this support, he opened a small grocery shop in his community. Through dedication, honesty and careful management, the business gradually grew. Today, Rana earns around BDT 25,000–30,000 (equivalent to USD 205-246) per month, which allows him to cover his household expenses, repay his debts and support his children's education.

Beyond rebuilding his own life, Rana Sardar has also become an active member of ANIRBAN Madaripur. He now works to raise awareness among aspiring migrants and returnees so that they do not fall victim to fraud like he did. Through community awareness sessions, school and madrasa meetings, and courtyard gatherings (Uthan Boithok), he is helping spread important messages about safe migration and community vigilance.

# হতাশা থেকে সম্মানের পথে রুপায়েতের ফিরে আসার গল্প

“উইনরক ইন্টারন্যাশনালের FSTIP প্রোগ্রাম শুধু আমাকে চাকরি দেয়নি—তারা আমাকে আমার সম্মান ফিরিয়ে দিয়েছে,” রুপায়েত বলেন। “এখন আমি প্রতিদিন ঘুম থেকে উঠি এই বিশ্বাস নিয়ে—আমি স্বাধীন, আমি শক্তিশালী, এবং আমার ভবিষ্যৎ আছে।”

রুপায়েত নবম শ্রেণিতে পড়ার সময় একটি কঠিন সিদ্ধান্ত নেন। দালালরা তাকে বিনা খরচে ভিসা, ভালো বেতন এবং মালয়েশিয়ায় সুন্দর জীবনের স্বপ্ন দেখিয়ে প্রলুব্ধ করে। পরিবারের জন্য কিছু করতে চাইলে, তিনি আত্মীয়দের কাছ থেকে ১ লক্ষ টাকা ধার নেন এবং দালালকে মোট ৫ লক্ষ টাকা দেওয়ার কথা বলেন।

২০২৪ সালের ২৪ জুলাই, তিনি ৮৫ জনের সঙ্গে একটি ট্রলারে করে সমুদ্রপথে মালয়েশিয়া যাওয়ার চেষ্টা করেন।



কিন্তু দালালরা তাকে মালয়েশিয়ার বদলে মিয়ানমারের গভীর সমুদ্রে নিয়ে যায়। সেখানে তাকে ও অন্যদের মারধর করে নির্যাতন ও টাকা আদায় করা হয়। দশ দিনের ভয়াবহ যাত্রার পর মিয়ানমার কোস্টগার্ড তাদের উদ্ধার করে আটক করে। পরে বাংলাদেশ সরকার, কক্সবাজার জেলা প্রশাসন এবং পাচার প্রতিরোধ সহযোগীদের সহায়তায় ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে তাদের দেশে ফিরিয়ে আনা হয়। বাংলাদেশে ফিরে রুপায়েত মানসিক আঘাত ও অনিশ্চয়তায় ভুগছিলেন।

২০২৪ সালের ১৪ অক্টোবর এক স্থানীয় সাংবাদিকের মাধ্যমে তিনি YPSA-FSTIP প্রোগ্রামের সঙ্গে যুক্ত হন। YPSA তাকে ব্যক্তিগত কাউন্সেলিং, আশ্রয়, পরিবার কাউন্সেলিং এবং কর্মজীবনে প্রস্তুতির জন্য লাইফ-স্কিল প্রশিক্ষণসহ বিভিন্ন সহায়তা প্রদান করে। নিজেকে নতুনভাবে গড়ে তুলতে রুপায়েত চাকরির সহায়তা চান। YPSA ও ইনানী বিচ রিসোর্ট অ্যান্ড স্পা–এর সহযোগিতায় তিনি রিসেপশনিস্ট হিসেবে চাকরি পান। সেখানে তিনি মাসে ১৫ হাজার টাকা বেতন পান এবং খাবার ও থাকার ব্যবস্থা রিসোর্ট থেকেই হয়। আজ রুপায়েত আত্মবিশ্বাসের সঙ্গে কাজ করছেন। তার গল্প প্রমাণ করে—সঠিক সহায়তা পেলে গভীর অন্ধকার থেকেও আলোর পথে ফেরা সম্ভব। তার সাফল্য দেখায়, অর্থনৈতিক ক্ষমতায়ন একজন পাচার–বেঁচে যাওয়া ব্যক্তির জীবনে স্থায়ী পরিবর্তন আনতে পারে। রুপায়েত এখন কক্সবাজারের বেঁচে যাওয়া ব্যক্তিদের নেটওয়ার্ক "অনির্বাণ"-এর সদস্য। সেখানে তিনি পাচারের শিকার ব্যক্তিদের অধিকার নিয়ে কাজ করেন, ভুক্তভোগীদের সুরক্ষা জোরদার করেন এবং সরকার ও বেসরকারি সংস্থার সঙ্গে পুনর্বাসনে ভূমিকা রাখছেন।

“অতীত দিয়ে কাউকে বিচার করা উচিত নয়। সুযোগ পেলে প্রতিটি বেঁচে যাওয়া মানুষ নিজের গল্প নতুন করে লিখতে পারে।” —রুপায়েত



# From Despair to Determination of Dignity: Trafficking Victim Rupaet’s Journey

**"Winrock International Fight Slavery and Trafficking-in-Persons program didn’t just give me job opportunity—they gave me back my dignity," Rupaet says. "Now, I wake up every day knowing I am free, I am strong, and I have a future."**

Rupaet made a life-altering decision in pursuit of a better future. While still in ninth class, traffickers lured him with promises of a free visa, a high salary, and a better life in Malaysia. Driven by desperation to support his family, he borrowed BDT 100,000 (equivalent to USD 820) from relatives and agreed to pay a broker a total of BDT 500,000 (equivalent to USD 4,098). On July 24, 2024, he boarded a trawler with 85 others, hoping to reach Malaysia by sea. Traffickers took Rupaet to the deep sea near Myanmar instead of his intended destination, where they brutally abused and extorted him and others.



After ten harrowing days, the Myanmar Coast Guard rescued and detained them. Upon receiving notification from Myanmar authorities, the Bangladesh government—alongside Cox’s Bazar District Administration and anti-trafficking partners—coordinated their repatriation on September 29, 2024. Back in Bangladesh, Rupaet struggled with trauma and vulnerability. On October 14, 2024, a local journalist connected him to the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Young Power in Social Action. Young Power in Social Action provided him with comprehensive assistance, including individual counseling, shelter, family counseling and life skills training to prepare him for employment and reintegration.

Determined to rebuild his life, Rupaet requested job assistance from Young Power in Social Action. Through a partnership between Young Power in Social Action and Inani Beach Resort & Spa in Cox’s Bazar, he secured a position as a receptionist, earning a monthly salary of USD 120 with food and accommodation included. Today, Rupaet works confidently and successfully. His journey proves that with the right support, even the darkest paths can lead to a brighter future. His success highlights how economic empowerment can break the cycle of vulnerability and create lasting change for trafficking survivors. Rupaet has already joined the survivor’s network ANIRBAN in Cox’s Bazar, where he advocates for the rights of trafficking survivors, strengthens protection for victims, and supports dignified reintegration efforts in collaboration with both government and non-government organizations.

**"No one should be defined by their past. With opportunity, every survivor can rewrite their story."— Rupaet**

# সাইদুল ইসলামের পুনরুজ্জীবনের গল্প

**“মানবপাচার ও প্রতারণা থেকে ফিরে আবার স্বাবলম্বী হওয়া সম্ভব”**
**–মোঃ সাইদুল ইসলাম**

মোঃ সাইদুল ইসলাম (৩৭), রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার কিসমত মারিয়া গ্রামের বাসিন্দা। বিদেশে যাওয়ার প্রস্তাব পান স্থানীয় ব্রোকার আশরাফুল-এর মাধ্যমে। বিদেশ যাওয়ার আগে তার নিজের একটি বাড়ি ও দোকান ছিল—একটি মুদি দোকান এবং একটি সার ও কীটনাশক দোকান। সংসার চালাতে হিমশিম খেতে হত।

ব্রোকার আশ্বাস দিয়েছিলেন যে ওমানে তিনি গাড়ি ধোয়ার কাজে ৮ ঘণ্টা কাজ করবেন, মাসিক বেতন ৩২,০০০ টাকা, ওভারটাইম ও টিপস পাবেন এবং সপ্তাহে ১ দিন ছুটি থাকবে। সাইদুল সায় দেন, তবে বিদেশ যাত্রার মোট খরচ বলা হয় ৪ লাখ ৫০ হাজার টাকা। তিনি নিজের মুদি দোকান বিক্রি করেন, ২ লাখ টাকা এনজিও থেকে ঋণ নেন এবং বাকি ২ লাখ টাকা জমি বন্ধক রেখে জোগাড় করেন।



২০ মাস ১৫ দিন পর তিনি ওমানে পৌঁছান। সেখানে তাকে শ্রমিক কক্ষে রাখা হয়। ৩ দিন পর গাড়ি ধোয়ার কাজে নিয়োগ দেওয়া হয়, কিন্তু ৮ ঘণ্টার বদলে ১৩ ঘণ্টা কাজ করতে হয়, বেতন কম দেওয়া হয়, এবং খাদ্য ও বাসস্থান খরচ নিজেকেই বহন করতে হয়। পূর্ণ বেতন দাবি করলে তিনি শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হন। শেষে তিনি কোম্পানিকে জানিয়ে চলে আসেন। ব্রোকার ফোনে ১ লাখ ৫০ হাজার টাকা দাবি করেন। দেশে ফিরে তিনি সেই অর্থ প্রদান করে মুক্তি পান।

মাঝপথে তাকে অনির্বাণ সদস্যদের মাধ্যমে সচেতন সোসাইটি FSTIP প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়। সেখানে তিনি কাউন্সেলিং, জীবন দক্ষতা (Life Skills) ও উদ্যোক্তা প্রশিক্ষণ পান। এরপর তিনি আবার মুদি দোকান ব্যবসা শুরু করেন এবং কিছু মৌসুমী ব্যবসাও পরিচালনা করেন।
বর্তমানে তিনি পরিবারের সঙ্গে সুখী, মাসে প্রায় ২৫,০০০ টাকা আয় করছেন, সন্তানদের নিয়মিত স্কুলে পাঠাচ্ছেন এবং সম্ভব মতো ঋণ পরিশোধের চেষ্টা করছেন। এছাড়া তিনি রাজশাহীর অনির্বাণ সার্ভাইভার যুব ভয়েসের যুগ্ম সম্পাদক নির্বাচিত হয়েছেন। তিনি TIP ভুক্তভোগীদের পরামর্শ দিচ্ছেন এবং নিরাপদ অভিবাসন সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দিচ্ছেন।



# Saidul Islam
# A Story of Resilience and Rebuilding

**“Returning from human trafficking and exploitation, it is possible to become self-reliant again.”**
**–Md. Saidul Islam**

Md. Saidul Islam (37) hails from Kismat Maria village in Durgapur Upazila, Rajshahi district. Before going abroad, he owned a small grocery shop and a fertilizer & pesticide store yet struggled to make ends meet for his family. A local broker, Ashraful, approached him with a job offer overseas.

The broker promised that in Oman, Saidul would work 8 hours a day washing cars, earn a monthly salary of BDT 32,000 (equivalent to USD 262), receive overtime pay and tips, and have one day off per week. To fund his migration, the total cost was quoted as BDT 450,000 (equivalent to USD 3,689). Saidul sold his grocery shop, took BDT 200,000 (equivalent to USD 1,639) in loans from an NGO, and mortgaged land to cover the remaining amount.



After 20 months and 15 days, he arrived in Oman, only to face severe exploitation. He was first kept in a labor room, then assigned car-washing work, but instead of 8 hours, he was forced to work 13 hours daily. His wages were reduced and he had to cover his food and accommodation expenses. When he demanded his full salary, he was subjected to physical and psychological abuse. Eventually, he informed the company and decided to return home, though the broker demanded BDT 150,000 (equivalent to USD 1,230) on his return, which he paid to secure his release.

Along the way, through ANIRBAN members, Saidul was connected to the Fight Slavery and Trafficking-in-Persons Program of partner organization Aware Society, where he received counseling, life skills training, and entrepreneurship development. With this support, he restarted his grocery shop and also engaged in some seasonal business activities.

Today, Saidul enjoys a stable family life, earning around BDT 25,000 (equivalent to USD 205) per month, sending his children to school regularly and gradually repaying his debts. Beyond his own livelihood, he has taken on a leadership role as the Joint Secretary of ANIRBAN Survivor Youth Voice, Rajshahi, providing guidance to TIP survivors and raising awareness about safe migration in his community.

# শাহনারা আক্তার শানুর জীবনগল্প

১৭ ডিসেম্বর ২০২৫ সালে, BAIS প্রকল্পের মাধ্যমে, বাংলাদেশ সরকারের তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার অনুমতিতে, আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৫ এবং জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে শাহানারা আক্তার শানু নিজের অভিবাসী জীবনের গল্প দেশবাসীর কাছে উপস্থাপন করেন।

শাহানারা আক্তার শানু দুই সন্তানের মা এবং একটি দরিদ্র পরিবারের সদস্য। তার স্বামীর বেকারত্বের কারণে ১৩ মার্চ ২০২৩ সালে তিনি স্থানীয় দালালের পরামর্শে সৌদি আরব যান। সেখানে তার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন শুরু হয়। সাত দিন কিছু না খেয়ে থাকা এবং বিভিন্ন প্রকারের মারধরের পর, পরিবারের সহায়তায় ১২ জুন ২০২৩ তার দেশে ফিরে আসেন। দেশে ফিরে মানবিক জীবন শুরু হলেও শানুর সংগ্রাম থেমে থাকেনি।



ঢাকা আহছানিয়া মিশনের FSTIP প্রকল্পের সঙ্গে যুক্ত হওয়ার পর তিনি প্রকল্পের কাউন্সেলিং সেবা গ্রহণ, জীবনদক্ষতা ও ক্ষুদ্র ব্যবসায় উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে নিজেকে আত্মনির্ভর করে তোলেন এবং সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়াতে সক্ষম হন। তিনি ১৫ মাস ধরে FSTIP প্রকল্পের সহায়তায় REIS প্রকল্পে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছেন। এছাড়া, ওয়ার্ড কাউন্সেলর অফিসেও স্বেচ্ছাসেবী হিসেবে কাজ চালিয়ে যাচ্ছেন।

২০ ডিসেম্বর ২০২৫ থেকে তিনি খুলনা অনির্বাণ-এর সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তার নেতৃত্বে মানবপাচার প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, নিরাপদ অভিবাসন সচেতনতা বৃদ্ধি, উঠান বৈঠক এবং জনসচেতনতামূলক কার্যক্রম কার্যকরভাবে পরিচালিত হচ্ছে। তার মূল লক্ষ্য হলো খুলনা সদর উপজেলার ক্ষতিগ্রস্ত সকল মানুষকে প্রাসঙ্গিক সেবা ও সহায়তার সঙ্গে সংযুক্ত করা। বর্তমানে শানু সমস্ত প্রতিবন্ধকতা অতিক্রম করে পরিবারসহ সুন্দর ও সার্থক জীবনযাপন করছেন। তার সংগ্রাম ও নেতৃত্ব প্রমাণ করে, সঠিক সহায়তা, প্রশিক্ষণ এবং আত্মবিশ্বাসের মাধ্যমে একজন ব্যক্তি নিজের জীবন বদলে দিতে পারে এবং সমাজের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম।



# The Journey of Shahnara Akter Shanu

On December 17, 2025, through the RAISE project and under the supervision of the Government of Bangladesh, Shahnara Akter Shanu shared her migrant journey with the nation during International Migrants Day 2025 and National Expatriate Day.

Shanu is a mother of two from a poor family. Due to her husband's unemployment, she went to Saudi Arabia on March 13, 2023, following a local recruiter's advice. There, she endured physical and mental abuse. After seven days of hunger and mistreatment, she returned home on June 12, 2023, with family support.




Her struggle did not end upon returning. Through the Fight Slavery and Trafficking-in-Persons Program partner organization Dhaka Ahsania Mission, she received counseling, life skills training, and small business development training, which enabled her to become self-reliant and support marginalized people in her community. She served as a volunteer for 15 months under the RAISE project and continues volunteering at the Ward Councilor's office.

Since December 20, 2025, she has served as the President of Khulna ANIRBAN. Under her leadership, anti-trafficking initiatives, child marriage prevention, safe migration awareness, courtyard meetings, and public awareness campaigns have been implemented effectively. Her focus is to connect all vulnerable people in Khulna Sadar with appropriate services and support.

Today, Shanu has overcome all obstacles and is living a fulfilling life with her family. Her journey demonstrates that with the right support, training, and self-confidence, an individual can transform their life and play a significant role in society.

# অনির্বান সদস্য শহিদুল ইসলামের সাফল্যের পথচলা

রংপুর জেলার কাউনিয়া উপজেলার শহিদবাগ ইউনিয়নের শহিদুল ইসলাম (৩৪) আজ একজন সফল ক্ষুদ্র ব্যবসায়ী এবং কমিউনিটিতে মানবপাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে সক্রিয় কর্মী হিসেবে পরিচিত। ২০১৮ সাল থেকে তিনি উইনরক ইন্টারন্যাশনালের সহায়তায় অনির্বান সদস্য হিসেবে মানবপাচার (TIP) ও বাল্যবিবাহ (CM) প্রতিরোধে কাজ করে যাচ্ছেন। তবে আজকের এই অবস্থানে পৌঁছানোর আগে তাকে কঠিন অভিজ্ঞতার মধ্য দিয়ে যেতে হয়েছে।

উন্নত আয়ের আশায় এক দালালের প্রলোভনে পড়ে তিনি মধ্যপ্রাচ্যের একটি দেশে পাচারের শিকার হন। তাকে বলা হয়েছিল যে তিনি একটি কারখানায় কাজ করবেন এবং মাসে ৪৫,০০০ টাকা বেতনসহ খাবার ও থাকার ব্যবস্থা পাবেন। কিন্তু সেখানে পৌঁছানোর পর বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন ছিল। কয়েক মাস তাকে একটি কারখানায় বন্দি অবস্থায় থাকতে হয় এবং নানা কষ্ট সহ্য করতে হয়। অবশেষে তিনি ২০১৮ সালে দেশে ফিরে আসতে সক্ষম হন।



দেশে ফেরার পর BCTIP প্রকল্পের অংশীদার সংস্থা RDRS এবং শহিদবাগ ইউনিয়নের কাউন্টার ট্রাফিকিং কমিটির সহায়তায় তাকে মানবপাচারের ভুক্তভোগী হিসেবে চিহ্নিত করা হয়। এরপর তার জন্য কাউন্সেলিংসহ লাইফ স্কিল, উদ্যোক্তা উন্নয়ন, নেতৃত্ব এবং মৌলিক কাউন্সেলিং বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। লাইফ স্কিল প্রশিক্ষণ শেষ করার পর তিনি অনির্বান সদস্য হিসেবে যুক্ত হন এবং মানবপাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে সক্রিয়ভাবে কাজ শুরু করেন।

গত কয়েক বছরে শহিদুল কমিউনিটিতে সচেতনতা তৈরির জন্য নিয়মিত কমিউনিটি সেশন, স্কুল সেশন এবং বিভিন্ন সচেতনতামূলক প্রচারণা পরিচালনা করেছেন। এখন পর্যন্ত তিনি ২৭টি কমিউনিটি সভা আয়োজন করেছেন এবং মানবপাচার ও বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা প্রায় ৫০ জন ব্যক্তিকে বিভিন্ন সহায়তা সেবার সঙ্গে সংযুক্ত করেছেন। পাশাপাশি ১৪ জন ভুক্তভোগীর জন্য প্রশিক্ষণ সহায়তা নিশ্চিত করেছেন এবং কমিউনিটি ও পরিবার পর্যায়ে ১১টি কাউন্সেলিং সেশন পরিচালনা করেছেন।

বর্তমানে BC/TIP প্রকল্পের স্টার্টআপ সহায়তায় তিনি নিজের গ্রামে একটি মুদি দোকান পরিচালনা করছেন এবং ধীরে ধীরে তার ব্যবসা সম্প্রসারণ করছেন। একজন সাবেক ভুক্তভোগী হয়েও তিনি আজ কমিউনিটিতে সচেতনতা তৈরির একজন গুরুত্বপূর্ণ কর্মী হিসেবে পরিচিত। শহিদুল বিশ্বাস করেন, অনির্বান নেটওয়ার্ক ও কমিউনিটির সম্মিলিত উদ্যোগ ভবিষ্যতে মানবপাচার ও বাল্যবিবাহ প্রতিরোধে আরও শক্তিশালী ভূমিকা রাখতে সক্ষম হবে।



# Shahidul Islam
# From Survivor to Community Changemaker

Shahidul Islam (34), a resident of Shahidbag Union under Kaunia Upazila in Rangpur district, is now recognized as a successful small entrepreneur and an active community advocate working to prevent human trafficking and child marriage. Since 2018, with the support of Winrock International, he has been engaged as a member of the ANIRBAN network, contributing to community-based initiatives through Counter Trafficking Committees and Child Marriage Prevention Committees. However, his journey to this point has been shaped by significant hardship and resilience. In search of better income opportunities, Shahidul was lured by a broker and eventually became a victim of trafficking to a Middle Eastern country. He had been promised a job in a factory with a monthly salary of BDT 45,000 (equivalent to USD 369) along with food and accommodation. But the reality was very different. After arriving there, he was confined in a factory for several months and forced to endure extremely difficult conditions. After months of suffering, he was finally able to return to Bangladesh in 2018. Following his return, he was identified as a survivor of human trafficking with the support of RDRS Bangladesh, a partner organization of the Fight Slavery and Trafficking-in-Persons Program along with the Counter Trafficking Committee of Shahidbag Union.



After identification, Shahidul received counseling support and participated in several capacity-building courses, including life skills, entrepreneurship development, leadership, and basic counseling.

After completing the life skills training, he joined the ANIRBAN network and began actively working to prevent human trafficking and child marriage in his community. Now he is serving as ANIRBAN President of Rangpur division. Over the past few years, Shahidul has played a vital role in raising awareness through community sessions, school-based sessions, and various outreach campaigns. To date, he has organized 27 community meetings and helped connect around 50 individuals who were at risk of trafficking or child marriage with appropriate support services. In addition, he has facilitated training opportunities for 14 survivors and conducted 11 counseling sessions at both community and family levels.

Currently, with startup support from the Program, Shahidul runs a grocery shop in his village, gradually expanding his small business and strengthening his family's livelihood. Today, Shahidul stands as an inspiring example of resilience-a former survivor who has transformed his experience into a source of strength for community action. He strongly believes that the collective efforts of the ANIRBAN network and community members can play an even more powerful role in preventing human trafficking and child marriage in the future.

# মোঃ সবুজ আলীর পুনর্বাসনের গল্প

মোঃ সবুজ আলী (৩২) স্বপ্ন দেখেন ভবিষ্যতে নিজের একটি নতুন সেলুন খোলার। বর্তমানে Sachetan Society স্থানীয় সম্পদের সঙ্গে সমন্বয় করে তাকে পুরুষদের সেলুনে চাকরির ব্যবস্থা করেছে। এখন তিনি প্রতি মাসে ১০,০০০ টাকা বেতন পাচ্ছেন এবং তার সন্তানকে স্কুলে পাঠাচ্ছেন।
একজন ANIRBAN সদস্য তাকে Sachetan Society-এর Halfway Home-এ রেফার করেছিলেন। সেখানে তাকে একাধিকবার কাউন্সেলিং প্রদান করা হয় এবং মানসিক চাপ মোকাবেলার পরামর্শ দেওয়া হয়। পরে তিনি লাইফ স্কিল ও আত্মবিশ্বাস বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণ করেন।



সবুজ আলীর গল্পের শুরু সহজ ছিল না। তিনি নওগাঁ জেলার মান্দা উপজেলার কুসুম্বা গ্রামে পরিবারের চার সদস্যের সঙ্গে (স্ত্রী, সন্তান ও মা) বসবাস করতেন। তিনি অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছেন এবং বিদেশ যাওয়ার আগে একটি পুরুষদের সেলুন পরিচালনা করতেন। একদিন একজন দালালের স্ত্রী ও ভাগ্নি তাকে সৌদি আরবে কাজের প্রস্তাব দেন। তারা জানান, এটি শ্রমিক ভিসা, মাসিক বেতন ৩০,০০০ টাকা এবং ওভারটাইম আলাদা। ভিসার জন্য চার লাখ টাকা দাবি করা হয়। সবুজ তার সেলুন বিক্রি করেন, NGO থেকে ঋণ নেন এবং বাকি টাকা বড় বোনের কাছ থেকে দেন।

সৌদি আরবে পৌঁছানোর পর কোম্পানির লোকজন তাকে একটি রান্নাঘরের ঘরে এক মাস তিন দিন আটকে রাখেন। সমস্ত কাগজপত্র নেওয়া হয়, স্বাধীন চলাচলের সুযোগ ছিল না এবং কাজের চাপ ও খারাপ খাবারের কারণে তিনি অসুস্থ হয়ে পড়েন। ৮০ ঘণ্টা কাজের সময়ও খাবার ঠিকমতো দেওয়া হয়নি। এজেন্সি তার টাকা ও মোবাইলও নেয়। সুস্থ হয়ে ওঠার পর তিনি দেশে ফিরতে প্রস্তুত হন। এজেন্সি একটি লাখ টাকা দাবি করলে তার শ্বশুর ঢাকার এজেন্সিকে পাঠান।

এরপর সবুজ নিরাপদে বাংলাদেশে ফিরে আসেন। সবুজ আলী জানিয়েছেন যে, যুব সমাজকে মানবপাচার থেকে রক্ষার্থে জনসচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।



# Md. Sabuj Ali
# A Journey of Rehabilitation

Md. Sabuj Ali (32) dreams of opening his own salon one day. Currently, with the support of Sachetan Society and coordination with local resources, he is employed at a men's salon, earning BDT 10,000 equivalent to USD 82 per month and sending his child to school.

He was referred to Fight Slavery and Trafficking-in-Persons Program sub-grantee Sachetan Society's Halfway Home by an ANIRBAN member, where he received multiple counseling sessions and guidance on managing stress. He later attended life skills and confidence-building training, which helped him regain his self-belief.

Sabuj Ali's journey was not easy. He lived in Kusumba village, Manda Upazila, Naogaon, with his wife, child, and mother. He completed education up to grade eight and managed a men's salon before attempting to work abroad.



One day, the wife and niece of a broker offered him a job in Saudi Arabia, promising a labor visa, a monthly salary of BDT 30,000 (equivalent to USD 246), and separate overtime pay. The broker demanded BDT 400,000 (equivalent to USD 3,279) for the visa. Sabuj sold his salon, took a loan from an NGO and borrowed the remaining amount from his elder sister.

Upon arrival in Saudi Arabia, company officials confined him in a kitchen for one month and three days. His documents were confiscated; he had no freedom of movement and excessive work combined with poor food caused him to fall ill. Even after working 80 hours a week, proper meals were not provided. The agency also took his wages and mobile phone. Once he recovered, he prepared to return home. When the agency demanded BDT 100,000 (equivalent to USD 820), his father-in-law intervened with the agency in Dhaka, allowing Sabuj to return safely to Bangladesh.

Sabuj Ali emphasizes that raising awareness among youth is crucial to prevent human trafficking. His experience demonstrates the importance of timely support, protection and community awareness in helping survivors regain control of their lives and become advocates for change.

# শূন্য থেকে শতভাগ সুমনার স্বপ্নপূরণ

বর্তমানে সুমনা আক্তার সুমি নিজের বাড়ির পাশে একটি দর্জির দোকান পরিচালনা করছেন। পাশাপাশি তিনি ছোট পরিসরে ফাস্টফুড ব্যবসাও করছেন। দরিদ্র ও অসহায় নারীদের স্বল্প মূল্যে দর্জি প্রশিক্ষণ দিয়ে তিনি তাদের স্বাবলম্বী হতে সাহায্য করছেন। বর্তমানে তার দৈনিক গড় আয় ৭০০-৮০০ টাকা। তার মেয়ে নিয়মিত স্কুলে যাচ্ছে। যশোর জেলার ঝিকরগাছা উপজেলার দরিদ্র এক পরিবারে জন্ম সুমনা আক্তার সুমির। নবম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করলেও দারিদ্র্য ছিল তার নিত্যসঙ্গী। তার বাবা কৃষিকাজের পাশাপাশি কাঠমিস্ত্রির কাজ করতেন, তবুও সংসারে স্বচ্ছলতা আসেনি। আর্থিক চাপ কমাতে অল্প বয়সেই সুমির বিয়ে দেওয়া হয়। কিন্তু বিয়ের এক বছরের মধ্যেই যৌতুকের কারণে তার বিবাহবিচ্ছেদ ঘটে এবং সে বাবার বাড়িতে ফিরে আসে।



এই দুর্বল সময়ে পাশের গ্রামের মানিক নামের এক যুবকের সঙ্গে তার পরিচয় হয়। চাকরির প্রলোভন দেখিয়ে মানিক তাকে ঢাকায় নিয়ে যায়। কিন্তু কাজ দেওয়ার বদলে তাকে বন্ধুর হাতে তুলে দেওয়া হয়। সেখানে সুমিকে তিন দিন একটি ঘরে আটকে রেখে শারীরিক নির্যাতন করা হয়। পরে তাকে কক্সবাজারে পাঠানোর চেষ্টা করা হলে স্থানীয় কিছু মানুষের সহায়তায় সুমি পালিয়ে বাড়ি ফিরে আসতে সক্ষম হন।

এই ঘটনা যশোর অনির্বাণের একটি উঠান বৈঠকের মাধ্যমে জানা যায়। এরপর সুমিকে ঢাকা আহছানিয়া মিশনের FSTIP প্রকল্পে একজন সারভাইভার হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। প্রকল্পের আওতায় তিনি নিয়মিত কাউন্সেলিং সেবা, তিন দিনের জীবন দক্ষতা (Life Skills) প্রশিক্ষণ এবং দুই দিনের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন। চাহিদা নিরূপণ ফরম পূরণের সময় সুমি তার আগের দর্জি ও ব্লক-বাটিক কাজ পুনরায় শুরু করার ইচ্ছা প্রকাশ করেন। তার আগ্রহ ও আন্তরিকতা দেখে প্রকল্প থেকে ৩০,০০০ টাকার কাপড় সহায়তা প্রদান করা হয়। এই সহায়তা তার জীবনের মোড় ঘুরিয়ে দেয়।

নিজের ব্যবসার পাশাপাশি সুমি মানবপাচার, বাল্যবিবাহ ও নিরাপদ অভিবাসন বিষয়ে বিভিন্ন এলাকায় উঠান বৈঠক পরিচালনা করছেন। তার স্বপ্ন একদিন বড় উদ্যোক্তা হয়ে আরও অনেক নারীর কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।



# From Zero to Success: Sumona's Journey of Resilience

Today, Sumona Akter Sumi runs a small tailoring shop beside her home. Alongside this, she has also started a small fast-food business to increase her income. Beyond supporting her own family, Sumi is helping other women in her community by providing low-cost tailoring training to poor and vulnerable women, enabling them to become self-reliant. Currently, she earns an average of BDT 700-800 (equivalent to USD 6-7) per day and her daughter is now regularly attending school.

Sumi was born into a poor family in Jhikargacha Upazila of Jessore district. Although she studied up to the ninth grade, poverty was a constant challenge in her life. Her father worked in agriculture and also as a carpenter, yet the family continued to struggle financially. Due to economic pressure, Sumi was married off at an early age. However, within a year, the marriage ended in divorce because of dowry-related conflicts, forcing her to return to her parental home.




During this vulnerable period, she became acquainted with a young man named Manik from a neighboring village. He promised her a job and convinced her to travel to Dhaka with him. Instead of helping her find work, Manik handed her over to one of his associates. Sumi was then confined in a room for three days and subjected to physical abuse. Later, when they attempted to send her to Cox's Bazar, Sumi managed to escape with the help of some local people and safely return home.

Her story came to light during a community courtyard meeting (Uthan Boithok) organized by Jessore ANIRBAN. Following this, Sumi was enrolled as a survivor under the Fight Slavery and Trafficking-in-Persons Program through partner organization Dhaka Ahsania Mission. Through the project, she received regular counseling support, a three-day life skills training, and a two-day small entrepreneurship development training. During the needs assessment process, Sumi expressed her interest in restarting her previous work in tailoring and block-batik. Recognizing her motivation and commitment, the project provided livelihood support in the form of fabrics worth BDT 30,000 (equivalent to USD 246). This support marked a turning point in her life. With determination and hard work, Sumi gradually rebuilt her livelihood and regained her confidence.

In addition to running her business, Sumi is now actively involved in community awareness activities on human trafficking, child marriage, and safe migration. She regularly facilitates courtyard meetings in different areas, sharing her experience and encouraging others to stay informed and vigilant. Sumi dreams of becoming a successful entrepreneur in the future and creating employment opportunities for many other women in her community.

# আলো খুঁজে পাওয়া এক যুবকের জীবন পুনর্গঠন

রাজশাহীর ANIRBAN Youth Voice-এর সদস্য হিসেবে কাজ করছেন ইয়ামিন হোসেন। মূলত একজন কমিউনিটি সদস্য তাকে Sachetan Society-এর FSTIP Half Way Home-এ রেফার করেছিলেন। সেখানে ইয়ামিন মানবপাচারের শিকার হিসেবে শনাক্ত হন। এক মাসের জন্য তাকে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়। এরপর দুই মাসের লাইফ স্কিল ও উদ্যোক্তা প্রশিক্ষণ শেষে তার আত্মবিশ্বাস বৃদ্ধি পায়।

ইয়ামিন হোসেন (২৪) নওগাঁ জেলার মান্দা উপজেলার কুসুম্বা গ্রামে বসবাস করেন। তিনি এইচএসসি পাশ। তার পরিবারে মোট ছয় সদস্য, যার মধ্যে রয়েছে স্ত্রী, সন্তান, বাবা ও মা। বিদেশ যাওয়ার আগে তিনি একটি কোম্পানিতে কাজ করতেন, তবে বেতনের উপর সংসার চালানো কঠিন ছিল।



একদিন দালালরা তাকে কাতারে কাজের প্রস্তাব দেন। তারা জানান, এটি একটি ভালো ভিসা, অফিসে কাজ করা যাবে, মাসিক বেতন ৫০,০০০ টাকা এবং ওভারটাইম আলাদা। ভিসার জন্য চার লাখ টাকা দাবি করা হয়। ইয়ামিন দু'লাখ পঞ্চাশ হাজার টাকা দ্বিগুণ সুদে ঋণ নেন এবং বাকি অর্থ নিজের সঞ্চয় থেকে দেন। প্রায় তিন মাস পর তিনি কাতারে পৌঁছান।

সেখানে কোম্পানির লোকজন তাকে একটি ঘরে চার মাস আটকে রাখেন। স্বাধীন চলাচলের সুযোগ ছিল না, এবং খাবার ঠিকমতো দেওয়া হয়নি। খাবার দিনে একবার দেওয়া হতো এবং মান খারাপ ছিল। চার মাস পর তিনি পালিয়ে বাংলাদেশে ফিরে আসেন।

ফিরে এসে ইয়ামিন মানসিকভাবে বিপর্যস্ত ও হতাশ ছিলেন। পরবর্তীতে Sachetan Society-এর জীবিকা কর্মকর্তা স্থানীয় RLF গ্রুপের প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করে তার চাকরির ব্যবস্থা করেন। পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে RLF তাকে সেলস রিপ্রেজেন্টেটিভ হিসেবে নিয়োগ দেয়।

বর্তমানে ইয়ামিন মাসে ১৫,০০০ টাকা বেতন পাচ্ছেন এবং অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করছেন। তিনি এবং তার পরিবার এখন স্থিতিশীল, সুখী ও শান্তিতে জীবনযাপন করছেন। তার এই যাত্রা প্রমাণ করে সঠিক সময়ে সঠিক সহায়তা ও কাউন্সেলিং-ই পারে মানবপাচারের আক্রান্ত একটা জীবন পুনর্গঠনে সহায়ক হতে।



# Rebuilding a Young Man's Life After Trafficking

Yamin Hossain, a member of Rajshahi's ANIRBAN Youth Voice, was referred to by a community member to Fight Slavery and Trafficking-in-Persons Program sub-grantee Sachetan Society's Halfway Home. There, he was identified as a survivor of human trafficking. He received one month of counseling, followed by two months of life skills and entrepreneurship training, which greatly strengthened his confidence and self-reliance.

Yamin Hossain (24) lives in Kusumba village, Manda Upazila, Naogaon, with his wife, child and parents—a six-member household. Before his attempted migration, he worked at a local company, but supporting his family on his salary alone was difficult.



One day, agents offered him a job in Qatar, promising a "good visa," office work, a monthly salary of BDT 50,000 (equivalent to USD 410) and separate overtime pay. For the visa, they demanded BDT 400,000 (equivalent to USD 3,279). Yamin borrowed BDT 250,000 (equivalent to USD 2,049) at double interest and covered the remaining amount from his savings. After nearly three months, he arrived in Qatar.

Once there, company officials confined him to a room for four months. He had no freedom of movement and meals were irregular and insufficient, sometimes just one poor-quality meal per day. After enduring these conditions, Yamin escaped and returned to Bangladesh. He came back mentally distressed and emotionally exhausted. Subsequently, Sachetan Society's livelihood officer coordinated with the local Rangpur Foundry Limited (RFL) RLF group to secure his employment. Drawing on his previous work experience, RLF appointed him as a sales representative.

Today, Yamin earns BDT 15,000 (equivalent to USD 123) per month and enjoys additional benefits. He and his family now live a stable, happy and peaceful life. His journey is a testament to how timely support, counseling and livelihood opportunities can help human trafficking survivors rebuild their lives and regain hope.



UNITED STATES DEPARTMENT OF STATE
FIGHT SLAVERY AND TRAFFICKING-IN-PERSONS (FSTIP) PROGRAM